(ক) প্রথম রেখাটি দুইটি অংশে গঠিত হইবে এবং প্রথম অংশটিতে তফিসল-৬ এ বর্ণিত জেলা বা অঞ্চলের নাম থাকিবে ও দ্বিতীয় অংশটি একটি হাইফেন দ্বারা বিভক্ত থাকিবে এবং তফিসল-৭ এ বর্ণিত মোটরযানের শ্রেণি বা শ্রেণিসমূহের নির্দিষ্টকৃত একটি বাংলা অক্ষর থাকিবে; এবং

(খ) দ্বিতীয় রেখাটি দুইটি অংশ নিয়ে গঠিত হইবে যাহার মধ্যে প্রথম অংশটিতে ০১ হইতে ৯৯ পর্যন্ত যে কোনো দুইটি সংখ্যা থাকিবে এবং দ্বিতীয় অংশে একটি হাইফেন দ্বারা বিভক্ত থাকিবে এবং ইহাতে বিভিন্ন শ্রেণির মোটরযানের ক্ষেত্রে ধার্যকৃত স্ব-স্ব সিরিজে ০০০১ হইতে ৯৯৯৯ পর্যন্ত যে কোনো সংখ্যা থাকিবে এবং উপ-সিরিজ ০১ হইতে ১০ পর্যন্ত কর্তৃপক্ষ কর্তৃক রেজিস্ট্রেশন পদ্ধতি প্রবর্তনের পূর্বে রেজিস্ট্রেশনকৃত মোটরযানের প্রতিস্থাপনের জন্য সংরক্ষিত থাকিবে।

(৪) রেজিস্ট্রেশন নম্বর প্লেটটি হইবে কর্তৃপক্ষের অনুমোদিত উন্নতমানের রেট্রো-রিফ্লেক্টিভ ধাতুর প্লেট এবং উক্ত প্লেটে কর্তৃপক্ষ অনুমোদিত সিকিউরিটি ফিচার ব্যতীত অন্য কোনো প্রকার চিহ্ন, অক্ষর বা শোভাবর্ধন বা নকশা থাকিবে না।

(৫) উপ-বিধি (২) ও (৪) এ যাহাই কিছু থাকুক না কেন, কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন মার্কের নিরাপত্তা এবং মনিটরিং এর উদ্দেশ্যে প্রয়োজনে রেজিস্ট্রেশন নম্বর প্লেটের উপর অন্য কোনো চিহ্ন, অক্ষর, সংখ্যা, শোভাবর্ধন বা নকশা করিতে পারিবে।

(৬) বাস, ট্রাক এবং অন্যান্য ভারী যানবাহনের ক্ষেত্রে—

(ক) রেজিস্ট্রেশন চিহ্নটি ৩৫০×১৫২ মিলিমিটার এর একটি বিপরীতমুখী রেট্রো-রিফ্লেক্টিভ প্লেটের উপর প্রদর্শিত হইবে;

(খ) জেলা বা অঞ্চলের নাম নির্দেশকারী অক্ষরের মাত্রা ২৫ (পঁচিশ) মি. মি. উচ্চতা অপেক্ষা কম হইবে না;

(গ) সংখ্যা ৪৫ (পঁয়তাল্লিশ) মিলিমিটার উচ্চতা অপেক্ষা কম হইবে না;

(ঘ) প্লেটের উপরিভাগের কিনারায় একটি খালি জায়গা থাকিবে যাহা ১০ (দশ) মিলিমিটার অপেক্ষা কম হইবে না;

(ঙ) যে কোনো ২ (দুই) টি সংখ্যার মধ্যখানে একটি খালি জায়গা থাকিবে যাহা ৬ (ছয়) মিলিমিটার অপেক্ষা কম হইবে না; এবং

(চ) দ্বিতীয় রেখার সংখ্যার মধ্যখানে হাইফেনটি ১৫ (পনেরো) মিলিমিটারের কম হইবে না।

(৭) মোটর সাইকেল, মোটরক্যাব রিক্সা অথবা প্রতিবন্ধীবান্ধব মোটরযানের ক্ষেত্রে—

(ক) রেজিস্ট্রেশন চিহ্নটি ২০৫×১৫২ মিলিমিটার এর একটি বিপরীতমুখী রেট্রো-রিফ্লেক্টিভ প্লেটের উপরে প্রদর্শিত হইবে;

(খ) জেলা বা অঞ্চলের নাম নির্দেশকারী অক্ষরের মাত্রা ১৬ (ষোলো) মিলিমিটার উচ্চতা অপেক্ষা কম হইবে না;

(গ) যানবাহনের শ্রেণি নির্দেশকারী অক্ষরগুলি ১৬ (ষোলো) মিলিমিটার উচ্চতা অপেক্ষা কম হইবে না;

(ঘ) সংখ্যা ২৭ (সাতাশ) মিলিমিটার উচ্চতার কম হইবে না;

(ঙ) প্লেটের উপরিভাগের প্রান্তে একটি খালি জায়গা থাকিবে যাহা ১০ (দশ) মিলিমিটার অপেক্ষা কম হইবে না;

(চ) ২ (দুই) টি সংখ্যার মধ্যে একটি খালি জায়গা থাকিবে যাহা ৬ (ছয়) মিলিমিটার অপেক্ষা কম হইবে না; এবং

(ছ) দ্বিতীয় রেখার সংখ্যার মধ্যে হাইফেনটি ১২ (বারো) মিলিমিটারের কম হইবে না।

(৮) মোটরকার, মাইক্রোবাস, হিউম্যান হলার প্রভৃতি মোটরযানের ক্ষেত্রে—

(ক) রেজিস্ট্রেশন নম্বরটি ৩০০×১৫২ মিলিমিটার এর একটি বিপরীতমুখী প্রতিফলনশীল প্লেটের উপরে প্রদর্শিত হইবে;

(খ) জেলা বা অঞ্চলের নাম নির্দেশকারী অক্ষরের মাত্রা ২৩ (তেইশ) মিলিমিটার উচ্চতার কম হইবে না;

(গ) যানবাহনের শ্রেণি নির্দেশকারী অক্ষরগুলি ২৩ (তেইশ) মিলিমিটার উচ্চতা অপেক্ষা কম হইবে না;

(ঘ) সংখ্যাগুলি ৩৮ (আটত্রিশ) মিলিমিটার উচ্চতার কম হইবে না এবং প্লেটের উপরিভাগের প্রান্তে একটি খালি জায়গা থাকিবে যাহা ১০ (দশ) মিলিমিটার অপেক্ষা কম হইবে না;

(ঙ) দুইটি সংখ্যার মধ্যখানে একটি খালি জায়গা থাকিবে যাহা ৬ (ছয়) মিলিমিটারের চেয়ে কম হইবে না; এবং

(চ) দ্বিতীয় রেখার দুইটি সংখ্যার মধ্যখানের হাইফেনটি ১৪ (চৌদ্দ) মিলিমিটারের কম হইবে না।

(৯) রেজিস্ট্রেশন প্লেটে ব্যবহৃত অক্ষরগুলি এবং সংখ্যাগুলি উপ-বিধি (৬) এর বিধান অনুসারে প্রদর্শিত হইবে।

(১০) উপ-বিধি (৪) এ যাহা কিছুই থাকুক না কেন, মোটর সাইকেল এবং প্রতিবন্ধীবান্ধব মোটরযান রেজিস্ট্রেশন নম্বরটি সম্মুখে প্রদর্শন করা হইতে মুক্ত থাকিবে।

(১১) পরিবহণযানের পিছনে উপ-বিধি (৪) এর অধীন প্রদর্শিত রেজিস্ট্রেশন নম্বরটি ভূমি হইতে এইরূপ উচ্চতায় উক্ত যানের সহিত সংযুক্ত হইবে যাহা ১৮৩ (একশত তিরাশি) সেন্টিমিটারের অধিক হইবে না এবং যাহা উক্ত যানের বডির ধরন অনুযায়ী যুক্তিসঙ্গত হইবে।

(১২) রেজিস্ট্রেশন নম্বরের প্রথম রেখাটি খোদাইকৃত হইতে পারিবে অথবা মুদ্রিতও হইতে পারিবে এবং দ্বিতীয় রেখাটি উপ-বিধি (৪) এ বর্ণিত রেট্রো-রিফ্লেক্টিভ প্লেটের উপরে খোদাইকৃত হইবে।

(১৩) প্রদর্শিত রেজিস্ট্রেশন নম্বর উপ-বিধি (৪), (৫), (৬), (৭), (৮), (৯), (১০) ও (১১) এ বর্ণিত বিধান অনুযায়ী বর্ণিত রেট্রো-রিফ্লেক্টিভ প্লেটের উপরে খোদাইকৃত হইবে।

(১৪) পূর্বে রেজিস্ট্রেশনকৃত মোটরযানে এই বিধিমালা অনুসারে নূতন রেজিস্ট্রেশন নম্বর গ্রহণ করিতে হইবে এবং রেজিস্ট্রেশন নম্বরটি সঠিকভাবে প্রদর্শন করিতে হইবে।

৩৭। **ট্রেইলারের রেজিস্ট্রেশন নম্বর প্রদর্শন**।- (১) ট্রেইলারের রেজিস্ট্রেশন নম্বর বিধি ৩৬(৪) এ বর্ণিত একটি রেট্রো-রিফ্লেক্টিভ প্লেটের উপরে প্রদর্শিত হইবে যাহা ট্রেইলারের বাম পার্শ্বে সংযুক্ত থাকিবে এবং অক্ষর, সংখ্যা, খালি জায়গা এবং মার্জিনের মাত্রা বিধি ৩৫ এ বর্ণিত নির্ধারিত মাত্রার কম হইবে না।

(২) আর্টিকুলেটেড মোটরযানের পিছনের নম্বরপ্লেট উহার সহিত সংযুক্ত সর্বশেষ ট্রেইলারের পিছনে সংযুক্ত করিতে হইবে।

৩৮। **পরিবহণযানের উপর প্রদর্শিত বিবরণাদি**।—(১) প্রতিটি পরিবহণযানের ক্ষেত্রে রেজিস্ট্রেশন সনদে বর্ণিত মালিকের নাম ও তাহার সংক্ষিপ্ত ঠিকানা, মোটরযানের চ্যাসিস ও ইঞ্জিন নম্বর, আনলেডেন ওজন, এক্সেল ওজন, রেজিস্ট্রেশনকৃত লেডেন ওজন, আসন সংখ্যা, টায়ারের সংখ্যা ও আকার ইত্যাদি সংশ্লিষ্ট যানের বাম পার্শ্বে প্রদর্শিত হইবে।

(২) ওজন কিলোগ্রামে বর্ণনা করিতে হইবে এবং বিবরণাদি বাংলা অক্ষর ও সংখ্যায় বর্ণনা করিতে হইবে, প্রতিটি অক্ষর ও সংখ্যা ২৫ (পঁচিশ) মিলিমিটার অপেক্ষা কম উঁচু ও ২৫ (পঁচিশ) মিলিমিটার অপেক্ষা কম প্রস্থের হইবে না এবং উহা সমতল উপরিভাগে অথবা মোটরযানের সহিত সংযুক্ত প্লেট বা প্লেটগুলিতে পাঠযোগ্যভাবে প্রদর্শিত হইবে।

৩৯। **বিদেশি নাগরিকগণের অনুকূলে মোটরযান রেজিস্ট্রেশন পদ্ধতি**।- (১) বাংলাদেশে চলাচলরত যে সকল মোটরযান—

(ক) বাংলাদেশে অবস্থিত বিদেশি দূতাবাসের কূটনৈতিক সদস্যদের উক্ত মোটরযান বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক রেজিস্ট্রেশনকৃত হইতে হইবে; এবং

(খ) আন্তর্জাতিক সংস্থা, উন্নয়ন সহযোগী সংস্থা, জাতিসংঘ, রেডক্রস প্রভৃতির এবং সরকারের সহিত চুক্তিবদ্ধ বিভিন্ন সাহায্য সংস্থা, এই সকল সংস্থায় কর্মরত বিদেশি নাগরিকগণ এবং এই সকল সংস্থার সম্পত্তি এবং সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণাধীন এবং যাহা শুল্কমুক্তভাবে আমদানি করা হইয়াছে উক্ত মটরযানসমূহ উপ-বিধি (২) এ বর্ণিত বিশেষ রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক রেজিস্ট্রেশনকৃত হইতে হইবে এবং উক্ত মোটরযানের বিশেষ রেজিস্ট্রেশন চিহ্ন থাকিবে।

(২) কর্তৃপক্ষের পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিশেষ রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ হইবেন।

(৩) বিশেষ রেজিস্ট্রেশনের জন্য মোটরযান মালিক বা প্রতিনিধি কর্তৃক কর্তৃপক্ষ নির্ধারিত ফরমে বিশেষ রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর চাহিত তথ্যসহ আবেদন করিতে হইবে।

(৪) সংস্থার ক্ষেত্রে বিশেষ রেজিস্ট্রেশনের জন্য মোটরযানটি পরিদর্শনের জন্য নির্ধারিত দিনে সংশ্লিষ্ট কার্যালয়ে হাজির করিতে হইবে এবং নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে, যথা:-

(ক) সংস্থার নামে শুল্কমুক্তভাবে মোটরযান আমদানির বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমতিপত্র অথবা উক্ত সংস্থার নামে শুল্কমুক্তভাবে মোটরযান ক্রয় সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশের ফটোকপি যাহা উক্ত সংস্থা বা বোর্ড কর্তৃক সত্যায়িত;

(খ) কাস্টমস কর্তৃক শুল্কমুক্তভাবে মোটরযান ছাড়ের অনুমতিপত্র;

(গ) সংশ্লিষ্ট মোটরযানের শুল্কমুক্ত আমদানি সংক্রান্ত দলিলাদি (ইনভয়েস, বিল অব এন্ট্রি ও বিল অব লেডিং, প্যাকিং লিস্ট, মেকার সার্টিফিকেট, ইত্যাদি সংস্থা কর্তৃক সত্যায়িত ফটোকপি);

(ঘ) সংশ্লিষ্ট সংস্থার প্রধান কর্তৃক উক্ত সংস্থার প্যাডে পৃথক আবেদনসহ মোটরযান রেজিস্ট্রেশনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরম পূরণপূর্বক আবেদন;

(ঙ) পরিদর্শন ফি এবং প্রযোজ্য ক্ষেত্রে ফিটনেস ফি জমাপূর্বক উহার কপি; এবং

(চ) কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় চাহিত দলিলাদি।

(৫) ব্যক্তির ক্ষেত্রে বিশেষ রেজিস্ট্রেশনের জন্য মোটরযানটি পরিদর্শনের জন্য নির্ধারিত দিনে সংশ্লিষ্ট কার্যালয়ে হাজির করিতে হইবে এবং নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে, যথা:-

(ক) সংশ্লিষ্ট ব্যক্তির নামে শুল্কমুক্তভাবে মোটরযান আমদানির জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমতিপত্র;

(খ) কাস্টমস কর্তৃক শুল্কমুক্তভাবে মোটরযান ছাড়ের অনুমতিপত্র;

(গ) সংশ্লিষ্ট মোটরযানের শুল্কমুক্ত আমদানি সংক্রান্ত কাগজ (যেমন-ইনভয়েস, বিল অব এন্ট্রি ও বিল অব লেডিং; প্যাকিং লিস্ট মেকার্স সার্টিফিকেট, ইত্যাদি) সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক সত্যায়িত ফটোকপি;

(ঘ) সংশ্লিষ্ট সংস্থার প্রধান কর্তৃক উক্ত সংস্থার প্যাডে আবেদন এবং মোটরযান রেজিস্ট্রেশনের জন্য ফরম-১৭ পূরণপূর্বক আবেদন;

(ঙ) সংশ্লিষ্ট ব্যক্তির নামে ইস্যুকৃত ভিসার ফটোকপি যাহা সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক সত্যায়িত;

(চ) সংশ্লিষ্ট ব্যক্তির পাসপোর্টের ফটোকপি যাহা সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক সত্যায়িত;

(ছ) কাস্টমস বন্ড কর্তৃক ইস্যুকৃত পাশবই সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক (হালনাগাদ সাপেক্ষে) সত্যায়িত; এবং

(জ) পরিদর্শন ফি এবং প্রযোজ্য ক্ষেত্রে ফিটনেস ফি জমাপূর্বক উহার কপি।

(৬) বিশেষ রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় অনুসন্ধান করিবে এবং সন্তুষ্ট হইলে উক্ত মোটরযানের মালিক বা সংস্থাকে ফরম-১৮ মোতাবেক রেজিস্ট্রেশন সনদপত্র ইস্যু করিবে এবং বিশেষ রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত ভলিউমে উক্ত সনদপত্রের বিবরণী লিপিবদ্ধ করিবে।

(৭) বিশেষ রেজিস্ট্রেশনে নিম্নবর্ণিত ২ (দুই) টি বিষয় থাকিবে যাহা একই হাইফেন দ্বারা আলাদা থাকিবে—

(অ) প্রথম বিষয় হইবে ৩ (তিন) অক্ষরের সমন্বয়ে গঠিত একটি সিরিজ যা আন্তর্জাতিক সংস্থা, উন্নয়ন সহযোগী সংস্থা, বিভিন্ন দেশের সাহায্য সংস্থা, জাতিসংঘ ও উহার অঙ্গপ্রতিষ্ঠান, এবং এই সকল অঙ্গপ্রতিষ্ঠানে কর্মরত বিদেশি নাগরিকগণের অনুকূলে মোটরযান রেজিস্ট্রেশনের জন্য তফসিল-৯ এ উল্লিখিত তালিকা প্রযোজ্য হইবে; এবং

(আ) দ্বিতীয় বিষয় হইবে সংশ্লিষ্ট মোটরযানের ক্রমিক সংখ্যা যাহা স্ব-স্ব সিরিজের ক্ষেত্রে ৯৯৯৯ এর বেশি নহে।

(৮) বিশেষ রেজিস্ট্রেশনকৃত মোটরযানসমূহে বিশেষ রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণকৃত একটি স্বতন্ত্র নম্বর প্লেট থাকিবে যাহা হলুদ প্লেটে কালো রঙের অক্ষরে হইবে।

(৯) বিশেষ রেজিস্ট্রেশনকৃত মোটরযানসমূহ হস্তান্তর অথবা উক্ত মোটরযান বিক্রয় করা হইলে বা বিদেশি দূতাবাস, কূটনৈতিক কর্মকর্তাগণ, আন্তর্জাতিক সংস্থা, উন্নয়ন সহযোগী সংস্থা, জাতিসংঘ ও উহার অঙ্গপ্রতিষ্ঠান এবং এই সকল অঙ্গপ্রতিষ্ঠানে কর্মরত অবাংলাদেশি ব্যক্তিগণের অনুকূলে না থাকে তাহা হইলে উক্ত মোটরযানসমূহে বিশেষ রেজিস্ট্রেশনকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণকৃত স্বতন্ত্র নম্বরপ্লেট এবং রেজিস্ট্রেশন সনদ বিশেষ রেজিস্ট্রেশনকারী কর্তৃপক্ষ বরাবর সমর্পণ করিবে।

(১০) বিশেষ রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ অথবা এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা লিখিতভাবে কারণ উল্লেখপূর্বক রেজিস্ট্রেশন স্থগিত বা বাতিল করিতে পারিবে।

৪০। **অস্থায়ী রেজিস্ট্রেশন।**—(১) ধারা ১৮ মোতাবেক মোটরযানের মালিক তাহার অধিক্ষেত্রের রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ সমীপে মোটরযান অস্থায়ীভাবে রেজিস্ট্রি করিবার জন্য ফরম-১৭ অনুযায়ী আবেদন করিবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ফরম-১৯ মোতাবেক অস্থায়ী রেজিস্ট্রেশন সনদ প্রদান করিবে।

(২) অস্থায়ী রেজিস্ট্রেশনকৃত মোটরযানের ফি হইবে সংশ্লিষ্ট শ্রেণির মোটরযানের রেজিস্ট্রেশন ফি এর অর্ধেক।

(৩) অস্থায়ী রেজিস্ট্রেশনকৃত মোটরযান ১ (এক) মাস রাস্তায় চলাচলের জন্য বৈধ হইবে এবং তাহা নবায়নযোগ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, অস্থায়ী রেজিস্টিকৃত মোটরযানে যদি এইরূপ একটি চেসিস থাকে, যাহার সহিত বডি সংযুক্ত করা হয়নি এবং যাহার বডি সংযুক্ত করিবার জন্য ১ (এক) মাসের অধিককাল যাবৎ উহা কারখানায় অবস্থান করিতেছে সেই ক্ষেত্রে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উক্ত রেজিস্ট্রেশনের মেয়াদ বর্ধিত করা যাইবে এবং অস্থায়ী রেজিস্ট্রেশনের সর্বোচ্চ মেয়াদ হইবে ৪ (চার) মাস।

(৪) অস্থায়ী রেজিস্ট্রেশন চিহ্ন ৩ (তিন) অংশে দুইটি আনুভূমিক রেখায় হইবে এবং প্রথম অংশে তফসিল-৬ এর দ্বিতীয় কলামে বর্ণিত জেলা বা মেট্রোপলিটন এলাকার নাম এবং দ্বিতীয় অংশে পঞ্জিকা বৎসরের জন্য ধারাবাহিক ৪ (চার) ডিজিটের ক্রমিক নম্বর এবং তির্যক (oblique) চিহ্নের পর তৃতীয় অংশে গাণিতিক সংখ্যায় রেজিস্ট্রেশন সন থাকিবে

(যেমন:- ঢাকা মেট্রো<br>০০০১/২০২২ )।

(৫) অস্থায়ী রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হইবার পর রেজিস্ট্রেশন সনদটি সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিতে হইবে।

৪১। **মোটরযানের মালিকানা পরিবর্তন।**—(১) মোটরযানের মালিকানা হস্তান্তরকারী তাহার মোটরযানের মালিকানা পরিবর্তনের তথ্য ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ফরম-২০ অনুযায়ী রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন এবং উহার কপি হস্তান্তরগ্রহীতার নিকট প্রেরণ করিবেন এবং হস্তান্তরগ্রহীতা ৬০ (ষাট) দিনের মধ্যে ফরম-২১ মোতাবেক রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট সরাসরি অথবা ইলেকট্রনিক মাধ্যমে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল বা, ক্ষেত্রমত, শর্তপূরণ সাপেক্ষে মালিকানা পরিবর্তনের আবেদন করিবেন, যথা:—

(ক) বিক্রয় রসিদ (ফরম-২২);

(খ) হস্তান্তরকারী ও হস্তান্তরগ্রহীতার জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;

(গ) হস্তান্তরগ্রহীতার TIN সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঘ) হস্তান্তরকারী ও হস্তান্তরগ্রহীতা উভয়ের নোটারি পাবলিক কর্তৃক এফিডেভিট;

(ঙ) রেজিস্ট্রেশন সনদের মূল কপি, ট্যাক্স টোকেনের ছায়ালিপি এবং প্রযোজ্য ক্ষেত্রে ফিটনেস সনদ ও রুট পারমিটের ছায়ালিপি;

(চ) হস্তান্তরকারী প্রতিষ্ঠান হইলে উক্ত প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের অবগতিপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের বোর্ড সভার কার্যবিবরণী;

(ছ) মালিক মৃত্যুবরণ করিলে ওয়ারিশান সার্টিফিকেট;

(জ) ফি পরিশোধের রসিদ;

(ঝ) সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট মোটরযানটি পরিদর্শনের নিমিত্ত উপস্থাপন;

(ঞ) হস্তান্তরকারীর উপস্থিতি; এবং

(ট) প্রয়োজনে কর্তৃপক্ষ কর্তৃক চাহিত অন্যান্য কাগজপত্রাদি।

(২) মালিকানা হস্তান্তরের আবেদন দাখিলের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আবেদনকারীকে একটি প্রাপ্তিস্বীকার রসিদ প্রদান করিবে এবং উক্ত রসিদ মূল রেজিস্ট্রেশন সার্টিফিকেট না পাওয়া পর্যন্ত কার্যকর থাকিবে।

(৩) আবেদনপত্র, সংযুক্ত কাগজ বা দলিলাদি, মালিকানা বদলির জন্য প্রয়োজনীয় ফি পরিশোধের তথ্য যাচাই-বাছাই করিয়া মোটরযানটি হস্তান্তরের উপযুক্ত বিবেচিত হইলে মোটরযান পরিদর্শক আবেদনপত্রের নির্ধারিত স্থানে সুপারিশ করিয়া স্বাক্ষর করিবেন এবং ইলেকট্রনিক মাধ্যমে অনুমোদন করিবেন।

(৪) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর শর্ত প্রতিপালন সাপেক্ষে মোটরযান পরিদর্শকের সুপারিশক্রমে সংশ্লিষ্ট হস্তান্তরগ্রহীতার নামে মালিকানা হস্তান্তরের বিষয়টি ইলেকট্রনিক মাধ্যমে অনুমোদন করিয়া স্বাক্ষরপূর্বক রেকর্ডভুক্ত করিবে।

(৫) আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করিবে।

৪২। **লিজ বা কিস্তিতে ক্রয়ের চুক্তিতে আবদ্ধ বা অন্য কোনো প্রতিষ্ঠানের সহিত দায়বদ্ধভাবে ক্রয়কৃত মোটরযানের রেজিস্ট্রেশন সম্পর্কিত পদ্ধতি।**—(১) ধারা ২২ এর অধীন লিজ বা কিস্তিতে ক্রয়ের চুক্তি [Hire- Purchase (HP)] বা অন্য কোনোভাবে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা কোনো প্রতিষ্ঠানের সহিত দায়বদ্ধ ক্রয়কৃত মোটরযান রেজিস্ট্রেশন বা মালিকানা বদলির ক্ষেত্রে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন সনদে উক্তরূপ তথ্যাদি লিপিবদ্ধ করিবে এবং ক্রয়ের চুক্তি হিসাবে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা অন্তর্ভুক্ত করিতে হইবে।

(২) রেজিস্ট্রেশনের ক্ষেত্রে আবেদনপত্রের নির্ধারিত স্থানে আর্থিক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং মালিকানা বদলির ক্ষেত্রে ফরম-২১ এর নির্ধারিত স্থানে মালিক ও আর্থিক প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানের উভয়ের তথ্যাদি লিপিবদ্ধ করিয়া স্বাক্ষর করিতে হইবে।

(৩) দায়বদ্ধ ক্রয়কৃত চুক্তিপত্রের মেয়াদ শেষ হইবার পর বা লিজ বা কিস্তি শেষ হইবার পর রেজিস্ট্রেশনকৃত মালিক ও অর্থায়নকারী প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উহা অবহিত করিবেন এবং মালিকানা বদলির ক্ষেত্রে ফরম-২১ এর নির্ধারিত স্থানে মালিকের তথ্যাদি লিপিবদ্ধ করিয়া স্বাক্ষর করিতে হইবে।

(৪) রেজিস্ট্রেশনকৃত মোটরযানের মালিক বা ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা কোনো প্রতিষ্ঠানের সহিত দায়বদ্ধ ঠিকানার পরিবর্তন হইলে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৫) রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের তথ্যাদি সংযোজন বা পরিবর্তন করিবার জন্য রেজিস্ট্রেশন ফি ছাড়াও তফসিল-১ এ বর্ণিত অতিরিক্ত ফি প্রদান করিতে হইবে।

(৬) লিজ বা কিস্তিতে ক্রয় চুক্তির অবসান হইলে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা কোনো প্রতিষ্ঠানের তথ্যাদি বিয়োজন করিবার জন্য তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান করিতে হইবে।

৪৩। **মোটরযানের পরিবর্তন।—(১)** কোনো মোটরযানের মালিক রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিত নোটিশ প্রদানপূর্বক অনুমোদন গ্রহণ ব্যতীত তাহার মোটরযানে এইরূপ কোনো পরিবর্তন সাধন করিবেন না যাহার দ্বারা রেজিস্ট্রেশন সার্টিফিকেটে উল্লিখিত বিবরণসমূহ সঠিক নয় মর্মে প্রতীয়মান হয় এবং জননিরাপত্তার জন্য হুমকির সৃষ্টি হইতে পারে:

তবে শর্ত থাকে যে, মোটরযানের খুচরা যন্ত্রাংশ, ইত্যাদি সংযোজন বা বিয়োজনের কারণে রেজিস্ট্রেশন সার্টিফিকেটে উল্লিখিত ওজনের শতকরা ২ (দুই) ভাগ ওজন পরিবর্তিত না হইলে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা আবশ্যক হইবে না।

(২) চ্যাসিস সনাক্তকরণ নম্বরে, চ্যাসিস নির্মাণ ব্যাহত হইতে পারে, অথবা যানবাহনের নির্মাণ ও মডেল ক্ষুণ্ন হইতে পারে, অথবা নির্মাতা কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটে বর্ণিত বোঝাই অবস্থার ওজন প্রভাবিত হইতে পারে এইরূপ কোনো পরিবর্তন করা যাইবে না।

(৩) নিম্নবর্ণিত বিষয়ে মোটরযানে কোনো পরিবর্তন করা যাইবে না, যথা:-

(ক) ব্রেকিং সিস্টেম;

(খ) সম্পূর্ণ স্টিয়ারিং ইউনিট;

(গ) চেসিস এবং আন্ডার ফ্রেম;

(ঘ) চেসিসের সহিত অবিচ্ছেদ্যভাবে তৈরিকৃত বডি; এবং

(ঙ) প্রস্তুতকারক কর্তৃক প্রদত্ত চেসিস নম্বর, মোটরযানের তৈরি সন এবং মডেল।

(৪) মোটরযানের কোনো পরিবর্তনের ফলে উহার শ্রেণি পরিবর্তিত হইলে নূতন রেজিস্ট্রেশন করিতে হইবে ।

(৫) মোটরযানের পরিবর্তনের ক্ষেত্রে নির্ধারিত ফরমে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি বা ইলেকট্রনিক মাধ্যমে আবেদন দাখিল করিতে হইবে।

(৬) রেজিস্ট্রেশন সনদে মোটরযানের মডিফিকেশন বা রদবদল বাবদ তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান করিতে হইবে।

৪৪। **রেজিস্ট্রেশন সনদের প্রতিলিপি।—(১)** রেজিস্ট্রেশন সনদ অস্পষ্ট বা ব্যবহারের অনুপযোগী হইয়া পড়িলে মোটরযান মালিক উক্ত সনদের বিষয়ে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিবেন এবং তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান করিয়া প্রতিলিপির জন্য আবেদন করিবেন:

তবে শর্ত থাকে যে, রেজিস্ট্রেশন সনদ হারাইয়া গেলে উক্ত আবেদনপত্রের সহিত থানায় সাধারণ ডাইরি (জিডি) করিবার প্রতিলিপি সংযুক্ত করিতে হইবে।

(২) রেজিস্ট্রেশন সনদের প্রতিলিপি পাইবার আবেদন দাখিলের পর সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনকারীকে একটি প্রাপ্তিস্বীকার রসিদ প্রদান করিবে এবং উক্ত রসিদ মূল রেজিস্ট্রেশন সনদ না পাওয়া পর্যন্ত কার্যকর থাকিবে।

(৩) প্রতিলিপির জন্য আবেদন প্রাপ্তির পর উক্ত আবেদনের সত্যতা যাচাইপূর্বক রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন সনদের প্রতিলিপি ইস্যু করিবে।

(৪) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বা দায়িত্বপ্রাপ্ত মোটরযান পরিদর্শক বা কর্তৃপক্ষের তদূর্ধ্ব কর্মকর্তা, বাংলাদেশ পুলিশের উপ-পুলিশ পরিদর্শক বা তদূর্ধ্ব কর্মকর্তা বা নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজিস্ট্রেশন সনদ প্রদর্শন বা দাখিল দাবি করিলে মোটরযানের মালিক বা চালক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যদি প্রাপ্তিস্বীকার রসিদ প্রদর্শনপূর্বক অবহিত করেন যে, রেজিস্ট্রেশন সনদের প্রতিলিপি সরবরাহ করা হয় নাই তাহা হইলে তাহাকে রেজিস্ট্রেশন সনদ প্রদর্শন বা দাখিল করা হইতে অব্যাহতি প্রদান করা যাইবে।

৪৫। **মোটরযানের মালিকের ঠিকানা পরিবর্তন**।—(১) যদি কোনো মোটরযানের মালিক তাহার মোটরযানের রেজিস্ট্রেশন সনদে লিপিবদ্ধ ঠিকানায় আর বসবাস না করেন বা পেশাগত কারণে ঠিকানা পরিবর্তিত হয় তাহা হইলে ঠিকানা পরিবর্তনের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত পরিবর্তিত ঠিকানা যদি—

(ক) বর্তমান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের এখতিয়ারাধীন হয়, তাহা হইলে উক্ত রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট ফরম-২৩ অনুযায়ী আবেদন করিবেন; বা

(খ) বর্তমান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতীত ভিন্ন কোনো রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের এখতিয়ারাধীন এলাকা হয় এবং ফরম-২৩ অনুযায়ী তাহার নিকট আবেদন করেন তবে, উক্ত রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বর্তমান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হইতে রেজিস্ট্রেশন ও মালিকানা সংক্রান্ত তথ্যাদি যাচাই করিবেন এবং প্রয়োজনীয় দলিলাদি সংগ্রহ করিবেন।

(২) আবেদনপত্রের সহিত তফসিল-১ এ বর্ণিত ফিসহ নূতন ঠিকানার প্রমাণাদি দাখিল করিতে হইবে।

(৩) নূতন ঠিকানার আবেদনপত্র, মোটরযান পরিদর্শন প্রতিবেদনসহ সংযুক্ত দলিলাদি, ফি এবং রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যাদি সঠিক পাওয়া গেলে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন সনদের প্রতিলিপি প্রদান করিবেন।

৪৬। **মোটরযানের রেজিস্ট্রেশন স্থগিতকরণ**।—(১) কোনো রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের যদি এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে, তাহার অধিক্ষেত্রভুক্ত এলাকায় কোনো মোটরযান—

(ক) এইরূপ অবস্থায় রহিয়াছে যাহা সর্বসাধারণের ব্যবহার্য স্থানে ব্যবহৃত হইলে বিপদ ঘটিতে পারে অথবা এই বিধিমালার সপ্তম অধ্যায়ের বর্ণিত কোনো বিধানের লঙ্ঘন তাহা হইলে, রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ মালিককে কারণ অবহিত করিয়া উক্ত ত্রুটি মেরামত না করা পর্যন্ত মোটরযানের রেজিস্ট্রেশন স্থগিত করিতে পারিবে; বা

(খ) পারমিট ব্যতীত ভাড়ায় ব্যবহার করা হইতেছে অথবা ফিটনেস সনদ ছাড়াই ব্যবহার করা হইয়াছে তাহা হইলে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ মালিককে কারণ অবহিত করিয়া অনধিক ৬ (ছয়) মাসের জন্য মোটরযানের রেজিস্ট্রেশন স্থগিত করিতে পারিবে।

(২) বর্তমান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতীত অপর কোনো রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের এখতিয়ারাধীন এলাকায় উপ-বিধি (১) অনুসারে রেজিস্ট্রেশন স্থগিত করিবার জন্য বর্তমান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে অথবা ইলেকট্রনিক মাধ্যমে সুপারিশ করিবে।

(৩) যেই রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন স্থগিত করিয়াছে, সেই কর্তৃপক্ষ চাহিবামাত্র মোটরযানের মালিক রেজিস্ট্রেশন সনদ, ট্যাক্সটোকেন, ফিটনেস সনদ, রুট পারমিট, ইত্যাদি সমর্পণ করিবে।

(৪) রেজিস্ট্রেশন স্থগিতের আদেশ প্রত্যাহৃত হইবার পর সমর্পিত রেজিস্ট্রেশন সনদ, ট্যাক্সটোকেন, ফিটনেস সনদ, রুট পারমিট, ইত্যাদি মালিককে ফেরত প্রদান করিতে হইবে।

৪৭। **মোটরযানের রেজিস্ট্রেশন বাতিলকরণ।**—(১) কোনো মোটরযান ধ্বংস হইলে অথবা স্থায়ীভাবে ব্যবহারের অযোগ্য হইয়া পড়িলে—

(ক) উহার মালিক অনুরূপ ধ্বংস বা স্থায়ীভাবে ব্যবহারের অযোগ্য হইবার তারিখ হইতে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষকে বিষয়টি লিখিতভাবে অবহিত করিবেন;

(খ) উহার মালিক মোটরযানটির রেজিস্ট্রেশন সনদ, ট্যাক্সটোকেন, ফিটনেস সনদ, ইত্যাদি রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এবং রুট পারমিট সংশ্লিষ্ট ইস্যু বা নবায়নকারী কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিবেন; এবং

(গ) সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন বাতিল করিবে।

(২) কোনো রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ তাহার এখতিয়ারাধীন এলাকায় অবস্থিত কোনো মোটরযানকে মোটরযান পরিদর্শক দ্বারা পরীক্ষা করিবার আদেশ প্রদান করিতে পারিবে এবং অনুরূপ পরীক্ষার পর উহার মালিককে তাহার বক্তব্য পেশ করিবার সুযোগ প্রদানের পর রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট যদি এই মর্মে প্রতীয়মান হয় যে, মোটরযানটির অবস্থা এইরূপ যে উহা ব্যবহারের অযোগ্য হইয়া পড়িয়াছে অথবা সর্বসাধারণের ব্যবহার্য স্থানে ব্যবহৃত হইলে জনসাধারণের জন্য বিপজ্জনক হইবে এবং উহা মেরামতযোগ্যও নহে, তবে কর্তৃপক্ষ মোটরযানটির রেজিস্ট্রেশন বাতিল করিতে পারিবে।

(৩) যদি কোনো রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ নিশ্চিত হয় যে, কোনো মোটরযান স্থায়ীভাবে বাংলাদেশের বাহিরে স্থানান্তরিত হইয়াছে সেইক্ষেত্রে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত মোটরযানের রেজিস্ট্রেশন বাতিল করিতে পারিবে।

(৪) কোনো রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ যদি এই মর্মে নিশ্চিত হয় যে, ফিটনেস সনদ প্রযোজ্য এইরূপ মোটরযানের মালিক ক্রমাগত ৫ (পাঁচ) বৎসর উক্ত মোটরযানের ফিটনেস সনদ নবায়ন করেন নাই এইরূপ ক্ষেত্রে মালিককে তাহার বক্তব্য পেশ করিবার সুযোগ প্রদান করিতে হইবে এবং পত্র জারির পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে মালিক মোটরযানের ফিটনেস সনদ নবায়ন করিতে ব্যর্থ হইলে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত মোটরযানের রেজিস্ট্রেশন বাতিল করিবে।

(৫) মোটরযানের মালিক বা অন্য কোনো ব্যক্তি জাল কাগজের ভিত্তিতে কোনো মোটরযানের রেজিস্ট্রেশন বা মালিকানা হস্তান্তর সম্পন্ন করিলে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে উক্ত মোটরযানের রেজিস্ট্রেশন বা মালিকানা হস্তান্তর বাতিল করিতে পারিবে।

(৬) এই বিধির অধীন কোনো মোটরযানের রেজিস্ট্রেশন বাতিল করা হইলে সংশ্লিষ্ট মোটরযানের মালিককে কারণ উল্লেখপূর্বক উহা লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং মোটরযানের মালিক তৎক্ষণাৎ মোটরযানটির রেজিস্ট্রেশন সনদ, ট্যাক্সটোকেন, ফিটনেস সনদ, রুট পারমিট, নম্বরপ্লেট, আরএফআইডি ট্যাগ বা অনুরূপ ডিভাইস, ইত্যাদি রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিবেন।

৪৮। **আপিল।**—(১) বিধি ৩৪ এর অধীন মোটরযান রেজিস্ট্রেশন প্রদানে অস্বীকৃতি সংক্রান্ত আদেশ অথবা বিধি ৪৬ ও ৪৭ এর অধীন রেজিস্ট্রেশন স্থগিত ও বাতিলের আদেশ বা বিধি ৫৩ এর অধীন ফিটনেস সনদ প্রদানে অস্বীকৃতির আদেশ দ্বারা কোনো মোটরযান মালিক সংক্ষুদ্ধ হইলে, উক্তরূপ কোনো আদেশের কপি প্রাপ্ত হইবার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সচিব বরাবর উক্ত আদেশের বিরুদ্ধে আপিল করিতে পারিবেন।

(২) আপিলকারীকে কর্তৃক ব্যক্তিগতভাবে বা আইনজীবীর মাধ্যমে বক্তব্য পেশ করিবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষ আপিল সম্পর্কে যথোপযুক্ত আদেশ প্রদান করিবেন এবং আপিল কর্তৃপক্ষ প্রয়োজনে রেজিস্ট্রেশন সংক্রান্ত নথি তলব, রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বা রেজিস্ট্রেশনের সহিত জড়িত সংশ্লিষ্ট কর্মচারীর বক্তব্য বা শুনানি গ্রহণ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, আপিল কর্তৃপক্ষ অন্যবিধ কোনো নির্দেশ প্রদান না করিলে আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বা মোটরযান পরিদর্শকের আদেশ বহাল থাকিবে।

৪৯। **মোটরযানের রেজিস্ট্রেশন, মালিকানা হস্তান্তর, ড্রাইভিং লাইসেন্স, রুট পারমিটসহ অন্যান্য ফি।**—(১) বিভিন্ন শ্রেণির মোটরযানের রেজিস্ট্রেশন, মালিকানা হস্তান্তর, ড্রাইভিং লাইসেন্স ও রুট পারমিট ও প্রয়োজনীয় অন্যান্য ক্ষেত্রে **তফসিল-১** এ বর্ণিত ফি প্রদান করিতে হইবে।

(২) বিভিন্ন শ্রেণির মোটরযানের মালিকানা হস্তান্তর ফি হইবে সংশ্লিষ্ট শ্রেণির মোটরযানের রেজিস্ট্রেশন ফি এর এক তৃতীয়াংশ।

৫০। **পছন্দ অনুযায়ী নম্বরসমূহের রেজিস্ট্রেশন ফি।**—মোটরযান রেজিস্ট্রেশনের সময় মোটরকার ও জিপ এর মালিকদের পছন্দ অনুযায়ী নম্বর প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে ফি প্রদান করিতে হইবে, যথা:—

(ক) রেজিস্ট্রেশন নম্বরের ৬ (ছয়) ডিজিট একই হইলে (যেমন: ৫৫-৫৫৫৫ ও ৬৬-৬৬৬৬ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর ৬ (ছয়) গুণ হইবে এবং শুধু ৭৭-৭৭৭৭ নম্বরের ক্ষেত্রে ফি হইবে প্রচলিত ফি এর ৭ (সাত) গুণ;

(খ) রেজিস্ট্রেশন নম্বরের ৬ (ছয়) ডিজিট জোড়া জোড়া হইলে (যেমন: ৩৪-৩৪৩৪ ও ৪৫-৪৫৪৫ নম্বর) রেজিস্ট্রেশন ফি হইবে প্রচলিত ফি এর ৫ (পাঁচ) গুণ;

(গ) রেজিস্ট্রেশন নম্বরের ৪ (চার) ডিজিট একই হইলে (যেমন: ১১১১ ও ২২২২ নম্বর) রেজিস্ট্রেশন ফি হইবে প্রচলিত ফি এর ৪ (চার) গুণ;

(ঘ) রেজিস্ট্রেশন নম্বরের ৪ (চার) ডিজিট জোড়া জোড়া হইলে (যেমন: ১৩১৩ ও ১৫১৫ নম্বর) রেজিস্ট্রেশন ফি হইবে প্রচলিত ফি এর ৩ (তিন) গুণ; এবং

(ঙ) রেজিস্ট্রেশন নম্বরের ৪ (চার) ডিজিটের ২ (দুই) টি করে ডিজিট একই হইলে (যেমন: ০০১১ ও ০০২২ নম্বর) রেজিস্ট্রেশন ফি হইবে প্রচলিত ফি এর ২ (দুই) গুণ।

৫১। **রেজিস্ট্রেশন ফি হইতে অব্যাহতি।**—(১) আঞ্জুমান মফিদুল ইসলাম, হিন্দু সৎকার সমিতি, খ্রিষ্টান বারিয়ালবোর্ড অথবা একই প্রকৃতির অন্য কোনো সমাজ বা সংস্থার মালিকানাভুক্ত এবং সম্পূর্ণভাবে মৃতদেহ সৎকারে ব্যবহৃত মোটরযান রেজিস্ট্রেশন বাবদ ধার্যকৃত ফি আদায় করা যাইবে না।

(২) বিদেশি কূটনৈতিক মিশনের কূটনৈতিক ও দূতাবাস, লিগেশন, হাইকমিশনের সদস্যবৃন্দ এবং বিদেশি কনসুলার কর্মকর্তাগণ, ডি-ক্যারিয়ার ও ট্রেড কমিশনারদের মালিকানাভুক্ত মোটরযানের রেজিস্ট্রেশন বাবদ ফি প্রদয়ে হইবে না।

(৩) কৃষিকাজের উদ্দেশ্যে ব্যবহৃত ট্রাক্টর ও ট্রেইলারের রেজিস্ট্রেশন ফি প্রদেয় হইবে না।

(৪) সরকার কর্তৃক স্বীকৃত আন্তর্জাতিক ত্রাণ সংস্থা, জাতিসংঘ এবং আন্তর্জাতিক রেডক্রসের মালিকানাধীন কোনো মোটরযানের রেজিস্ট্রেশন ফি প্রদেয় হইবে না।

(৫) সরকারের সহিত সম্পাদিত চুক্তির মাধ্যমে অব্যাহতিপ্রাপ্ত সাহায্য মিশন, বিশেষজ্ঞ, কর্মকর্তা এবং আন্তর্জাতিক ত্রাণ সংস্থার মালিকানাধীন কোনো মোটরযানের রেজিস্ট্রেশন ফি প্রদেয় হইবে না।

৫২। **রেজিস্ট্রেশন ফি হইতে কতিপয় বীর মুক্তিযোদ্ধাদের অব্যাহতি।**—সর্বোচ্চ ২৫০০ (দুই হাজার পাঁচশত) সিসি ক্ষমতার ইঞ্জিন বিশিষ্ট ১ (এক) টি মোটরযানের রেজিস্ট্রেশনের জন্য কোনো ফি প্রদেয় হইবে না, যাহা ১ (এক) জন যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী কর্তৃক অধিকৃত এবং ব্যবহৃত হয়:

তবে শর্ত থাকে যে, মোটরযান রেজিস্ট্রেশন করিবার সময়, বীর মুক্তিযোদ্ধা সনদ মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, মোটরযানটি অন্য কোনো ব্যক্তির নিকট হস্তান্তরিত হইলে এই বিধির বিধান প্রযোজ্য হইবে না।

৫৩। **ফিটনেস সনদ ইস্যু ও নবায়ন।**—(১) ফিটনেস সনদ অব্যাহতিপ্রাপ্ত মোটরযান ব্যতীত অন্যান্য মোটরযানের ক্ষেত্রে আইনের সপ্তম অধ্যায়ের বিধান সাপেক্ষে ফরম-২৫ অনুযায়ী ফিটনেস সনদ ইস্যু করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন ফিটনেস সনদ ব্যতীত কোনো মোটরযান রেজিস্ট্রিকৃত বলিয়া গণ্য হইবে না এবং মোটরযান পরিদর্শক কোনো কারণে ফিটনেস সনদ প্রদান না করিলে, মোটরযানের মালিককে অনুরূপ ফিটনেস সনদ প্রদান না করিবার বিষয়টি সুনির্দিষ্ট করিয়া লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৩) মোটরযানের ফিটনেস সনদ প্রদানকারী কর্তৃপক্ষ ভাড়ায় চালিত নহে এইরূপ মোটরকার, জিপ ও মাইক্রোবাসের ক্ষেত্রে―

(ক) প্রথমবার তৈরির সন হইতে ৫ (পাঁচ) বৎসর এবং পরবর্তীতে প্রতি ২ (দুই) বৎসরের জন্য ফিটনেস সনদ প্রদান করিতে হইবে;

(খ) অন্যান্য মোটরযানের ক্ষেত্রে ১ (এক) বৎসরের জন্য ফিটনেস সনদ প্রদান করিতে হইবে; এবং

(গ) ফিটনেস প্রযোজ্য সকল শ্রেণির মোটরযানের ক্ষেত্রে তফসিল-১ এ বর্ণিত ফি বাৎসরিক হিসাবে প্রদান করিতে হইবে।

(৪) আইন ও তদধীন প্রণীত বিধিমালা বা প্রবিধানমালার শর্তাবলি লঙ্ঘন করিলে মোটরযান পরিদর্শক কারণ লিপিবদ্ধ করিয়া যে কোনো সময় ফিটনেস সনদ বাতিল করিতে পারিবে এবং অনুরূপভাবে ফিটনেস সনদ বাতিল বা মেয়াদ উত্তীর্ণ হইলে সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন সনদ এবং ট্যাক্সটোকেন ও রুট পারমিট এখতিয়ারাধীন কর্তৃপক্ষের নিকট অর্পণ করিতে হইবে।

(৫) নূতন ফিটনেস সনদ সংগৃহীত হইবার পর উপ-বিধি (৪) অনুযায়ী অর্পিত ট্যাক্সটোকেন ও রুট পারমিট মালিককে ফেরত প্রদান করা হইবে।

(৬) ফিটনেস সনদ কার্যকর থাকা অবস্থায় ফিটনেস প্রদানকারী কর্তৃপক্ষ অন্যরূপ নির্দেশ প্রদান না করিয়া থাকিলে তাহা বাংলাদেশের সর্বত্র বৈধ হিসাবে গণ্য হইবে।

(৭) যে কোনো স্থানে রেজিস্ট্রিকৃত মোটরযানের ফিটনেস কর্তৃপক্ষের যে কোনো কার্যালয় হইতে নবায়ন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, যে সকল মোটরযান কোনো নির্দিষ্ট রুট বা এলাকার রুট পারমিট নিয়া চলাচল করে সে সকল রুট বা এলাকার বাহিরে অবস্থিত কর্তৃপক্ষের কোনো কার্যালয় হইতে উক্ত মোটরযানসমূহের ফিটনেস নবায়ন করা যাইবে না।

৫৪। **ফিটনেস সনদ অব্যাহতিপ্রাপ্ত মোটরযান।**―(১) ভাড়ায় চালিত মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটর সাইকেল ফিটনেস সনদ হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে।

(২) তৈরির সন হইতে ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত চালকসহ সর্বোচ্চ ৮ (আট) আসন বিশিষ্ট মোটরকার ও জিপ ফিটনেস সনদ হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে (মোটরযান তৈরির তারিখ উক্ত বৎসরের ১ জানুয়ারি হইতে গণনা করিতে হইবে)।

(৩) যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী অধিকৃত এবং একতরফাভাবে ব্যবহৃত মোটরযানের ক্ষেত্রে ফিটনেস সনদ প্রযোজ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, মোটরযান ফিটনেস সনদ গ্রহণ করিবার সময় বীরমুক্তিযোদ্ধা সনদ ফিটনেস প্রদানকারী মোটরযান পরিদর্শকের নিকট উপস্থাপন করিতে হইবে।

(৪) এই বিধির আওতাধীন মোটরযান অন্য কোনো ব্যক্তির নিকট হস্তান্তরিত হইলে প্রতি ক্ষেত্রে প্রযোজ্য ফি পরিশোধের পরই হস্তান্তর কার্যকর হইবে।

৫৫। **ফিটনেস সনদ ইস্যু বা নবায়ন পদ্ধতি**।—(১) মোটরযান মালিক যে এলাকায় বসবাস করেন অথবা যে এলাকায় মোটরযান রাখা হয় অথবা মালিক বা চালক সুবিধাজনক যে স্থানে মোটরযান হাজির করিতে পারিবেন সেই এলাকার সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট ফিটনেস সনদ ইস্যু বা নবায়নের জন্য ফরম-২৪ অনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে এবং আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করিতে হইবে, যথা:—

(ক) ফিটনেস সনদের মূলকপি;

(খ) রেজিস্ট্রেশন সনদের অনুলিপি;

(গ) হালনাগাদ ট্যাক্স টোকেনের অনুলিপি; এবং

(ঘ) ফি জমার মূল রসিদ।

(২) মোটরযান পরিদর্শনের পর মোটরযান পরিদর্শক কর্তৃক ফিটনেস সনদ মঞ্জুর বা নবায়ন করিতে হইবে এবং ফিটনেস সনদ ইস্যু বা নবায়নের লক্ষ্যে মোটরযান পরিদর্শনকালে ফরম-২৬ অনুযায়ী মোটরযান পরিদর্শক কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত মোটরযান টেস্টিং প্রতিবেদন প্রস্তুত করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদনের সহিত তফসিল-১ এ বর্ণিত ফি বাৎসরিক হিসাবে প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যদি ফিটনেস সনদ মঞ্জুর বা নবায়নের আবেদন মোটরযান রেজিস্ট্রেশনের ১৫ (পনের) দিন পর অথবা ক্ষেত্রমত, সর্বশেষ ফিটনেস সনদ মেয়াদ উত্তীর্ণ হইবার পর দাখিল করা হয়, তাহা হইলে উক্ত আবেদনপত্রের সহিত প্রত্যেক মাস বা উহার অংশবিশেষের জন্য ফিটনেস সনদ বাবদ প্রযোজ্য ফি এর ৫০% হারে অতিরিক্ত ফি জমা প্রদান করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, মালিক যদি পূর্বেই কারণ উল্লেখপূর্বক মোটরযান পরিদর্শককে এই মর্মে লিখিতভাবে অবহিত করেন যে, তিনি রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট রেজিস্ট্রেশন সনদ, ফিটনেস সনদ, ট্যাক্সটোকেন বা প্রযোজ্য ক্ষেত্রে রুট পারমিটসহ অন্যান্য আনুষঙ্গিক দলিলাদি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিয়াছেন, তাহা হইলে অতিরিক্ত ফি প্রযোজ্য হইবে না।

(৪) ফিটনেস সনদ মঞ্জুর বা নবায়নের আবেদন পাইবার পর মোটরযান পরিদর্শক আবেদনটি সংশ্লিষ্ট রেজিস্টারে অথবা ইলেকট্রনিক মাধ্যমে এন্ট্রি করিবেন যাহাতে নিম্নবর্ণিত তথ্যাদির উল্লেখ থাকিবে, যথা:—

(ক) ক্রমিক নম্বর;

(খ) প্রাপ্তির তারিখ;

(গ) মোটরযানের রেজিস্ট্রেশন নম্বর;

(ঘ) ফি এর পরিমাণ;

(ঙ) মোটরযান পরিদর্শনের তারিখ; এবং

(চ) মন্তব্য।

(৫) নূতন রেজিস্ট্রেশনকৃত মোটরযানের ক্ষেত্রে উক্ত এলাকার মোটরযান পরিদর্শক ফিটনেস সনদ মঞ্জুর করিবেন।

(৬) ফিটনেস সনদ মঞ্জুর বা নবায়নকালে মোটরযান পরিদর্শক ফিটনেস সনদের উপর মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্ববর্তী ১৫ (পনেরো) দিনের একটি নির্ধারিত তারিখে উক্ত মোটরযান পরিদর্শনের তারিখ উল্লেখ করিবেন এবং মালিক মোটরযানটি তদনুযায়ী পরিদর্শনের তারিখ হইতে মোটরযান ফিটনেসের মেয়াদ উত্তীর্ণের তারিখের মধ্যবর্তী যে কোনো কার্যদিবসে পরিদর্শনের জন্য উপস্থিত করিবেন।

(৭) প্রতিটি মোটরযানের পরিদর্শন ফি হইবে তফসিল-১ এ বর্ণিত ফি।

(৮) মোটরযানটি ফিটনেস সনদ প্রদানের জন্য মোটরযান পরিদর্শক কর্তৃক প্রত্যাখ্যান করা হইলে বা ফিটনেস সনদ মঞ্জুর বা নবায়ন না করা হইলে এতৎসংক্রান্তে জমাকৃত ফি ফেরতযোগ্য হইবে না এবং মোটরযান পরিদর্শক ফিটনেস সনদ প্রত্যাখ্যান বা বাতিলের বিষয়ে রেকর্ড সংরক্ষণ করিবেন।

(৯) যদি কোনো মোটরযান সর্বসাধারণের চলাচলের স্থানে কোনো সময় ক্ষতিগ্রস্ত হয় অথবা সাধারণ ব্যবহারের জন্য ঝুঁকিপূর্ণ বা অনুপযুক্ত হিসাবে পাওয়া যায়, তাহা হইলে মোটরযান পরিদর্শক উহার কারণ লিপিবদ্ধ করিবেন এবং উহার কারণসমূহ মালিক অথবা চালক অথবা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করিবেন এবং মোটরযানটি পরবর্তিতে পরিদর্শনের উদ্দেশ্যে চালনা ব্যতিরেকে সর্বসাধারণের ব্যবহার্য স্থানে ব্যবহার করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, মোটরযান পরিদর্শক যেইরূপ প্রয়োজন বিবেচনা করিবেন সেইরূপ শর্ত সাপেক্ষে মোটরযানটি মেরামত করিবার স্থানে চালাইবার কর্তৃত্ব প্রদান করিতে পারিবেন এবং মোটরযানটি সর্বসাধারণের চলাচলের স্থানে ব্যবহার করিবার পূর্বে নূতন করিয়া ফিটনেস সনদ গ্রহণ করিতে হইবে।

(১০) ফিটনেস সনদ মঞ্জুর বা নবায়ন বা অন্য কোনো উদ্দেশ্যে কোনো মোটরযান উপস্থাপন করা হইলে মোটরযান পরিদর্শক যথাযথ সময়ের মধ্যে উক্ত মোটরযানের পরিদর্শন ও রোড টেস্ট সম্পন্ন করিবেন এবং উক্ত মোটরযানের মালিক, চালক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পরিদর্শন বা টেস্টের জন্য জ্বালানিসহ প্রয়োজনীয় সকল সুবিধা প্রদান করিবেন।

(১১) মোটরযান পরিদর্শক পরিদর্শনকৃত মোটরযানের সংখ্যা এবং মঞ্জুরকৃত, নবায়নকৃত বা প্রত্যাখ্যাত ফিটনেস সনদের সংখ্যা এবং স্থগিত বা বাতিলকৃত ফিটনেস সনদের সংখ্যা সংবলিত মাসিক প্রতিবেদন কর্তৃপক্ষ বা নিয়ন্ত্রণকারী কর্মচারীর চাহিদা অনুযায়ী প্রেরণ করিবেন।

(১২) ফিটনেস সনদের জন্য কর্তৃপক্ষের যে কার্যালয় হইতে মোটরযানটি পরিদর্শন করা হইবে সেই কার্যালয় হইতে ফিটনেস সনদ প্রদান করিতে হইবে।

৫৬। **মোটরযানের ফিটনেস সনদের প্রতিলিপি**।—(১) ফিটনেস সনদ হারাইয়া গেলে, নষ্ট হইয়া গেলে বা ছিঁড়িয়া গেলে বা অস্পষ্ট বা ব্যবহারের অনুপযোগী হইয়া পড়িলে মোটরযান মালিক অবিলম্বে উক্ত সনদের বিবরণ প্রদান করিয়া সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শককে লিখিতভাবে বিষয়টি অবহিত করিবেন এবং তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান করিয়া প্রতিলিপির জন্য আবেদন করিবেন এবং ফিটনেস সনদ হারাইয়া যাইবার ক্ষেত্রে তৎমর্মে সংশ্লিষ্ট থানায় জিডি এন্ট্রি থাকিতে হইবে এবং উহার একটি অনুলিপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক পরীক্ষা-নিরীক্ষা করিয়া যথাযথ বিবেচিত হইলে ফিটনেস সনদের প্রতিলিপি ইস্যু করিবেন।

(৩) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বা দায়িত্বপ্রাপ্ত মোটরযান পরিদর্শক বা কর্তৃপক্ষের তদূর্ধ্ব কর্মকর্তা, সাব-ইন্সপেক্টর বা পুলিশ সার্জেন্ট বা বাংলাদেশ পুলিশের তদূর্ধ্ব কর্মকর্তা বা নির্বাহী ম্যাজিস্ট্রেট ফিটনেস সনদ প্রদর্শন বা দাখিলের আদেশ প্রদান করিলে মোটরযানের মালিক, চালক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যদি প্রমাণ করিতে পারেন যে, ফিটনেস সনদ হারানো বা নষ্ট হইয়া যাইবার বিষয়টি ইতোমধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করা হইয়াছে এবং তাহাকে এখনও প্রতিলিপি সরবরাহ করা হয় নাই তাহা হইলে ফিটনেস সনদ প্রদর্শন বা দাখিল করা হইতে অব্যাহতি প্রদান করা যাইবে।

৫৭। **ফিটনেস সনদ বাতিল এবং স্থগিতকরণ**।—(১) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ অথবা মোটরযান পরিদর্শকের নিকট যদি প্রতীয়মান হয় যে, মোটরযানটি জনসাধারণের ব্যবহার্য স্থানে চলাচল ঝুঁকিপূর্ণ বা অনুপযুক্ত অথবা আইনের সপ্তম অধ্যায়ের বিধানাবলি বা বিধিমালার বিধান লঙ্ঘন করে তবে, যথাযথ কারণ দর্শাইবার সুযোগ প্রদান করিয়া লিখিতভাবে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক মোটরযানের ফিটনেস সনদ বাতিল করিতে অথবা যেইরূপ সময়ের জন্য প্রয়োজন বিবেচনা করিবেন সেইরূপ সময়ের জন্য স্থগিত করিতে পারিবেন।

(২) কোনো মোটরযানের ক্ষেত্রে আইনের সপ্তম অধ্যায়ের বিধানাবলি এবং বিধিমালার শর্তাদি প্রতিপালন করা হইয়াছে কিনা অথবা মোটরযানটি সর্বসাধারণের ব্যবহার্য স্থানে ব্যবহৃত হইলে উহা জননিরাপত্তা বিঘ্নিত করিবে কিনা তৎসম্পর্কে নিশ্চিত হইতে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ অথবা মোটরযান পরিদর্শক মোটরযানটি পরিদর্শন বা পরীক্ষা করিতে পারিবেন এবং সেই ক্ষেত্রে মোটরযান মালিক, চালক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি মোটরযানটি পরিদর্শন বা পরীক্ষার জন্য জ্বালানিসহ সকল প্রয়োজনীয় সুবিধা প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন ফিটনেস সনদ বাতিল বা স্থগিতকারী কর্তৃপক্ষ মোটরযানের মালিক, চালক বা দায়িত্বপ্রাপ্ত অন্য কোনো ব্যক্তিকে উহা বাতিল বা স্থগিত করিবার রসিদ এবং উক্তরূপ করিবার লিখিত কারণ সংবলিত একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(৪) ফিটনেস সনদ স্থগিত করিবার মেয়াদ ১৪ (চৌদ্দ) দিনের অধিক না হইলে বাতিল বা স্থগিত করিবার বিষয়টি মূল রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ এবং বাতিল বা স্থগিত করিবার সময় মোটরযানটি যে কর্তৃপক্ষের অধিক্ষেত্রের মধ্যে ছিল উক্ত রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষকে এবং রুট পারমিট মঞ্জুরকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন এবং যে কর্তৃপক্ষ সর্বশেষ ফিটনেস সনদ মঞ্জুর বা নবায়ন করিয়াছিল সেই কর্তৃপক্ষের বরাবরে উহা অগ্রবর্তি করিবেন।

(৫) যে কর্তৃপক্ষ ফিটনেস সনদ বাতিল বা স্থগিত করেন সেই কর্তৃপক্ষ সংশ্লিষ্ট মোটরযানটি মেরামতের উদ্দেশ্যে নির্দিষ্ট গন্তব্যে চালাইয়া নেওয়ার জন্য সময়-সীমা নির্ধারণ করিতে পারিবেন।

(৬) ফিটনেস সনদ বাতিলকৃত বা স্থগিত মোটরযান মেরামত করা হইলে উহার মালিক, চালক বা দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি ফিটনেস সনদ পুনর্বহালের জন্য যেকোনো সময় আবেদন করিতে পারিবেন।

(৭) ফিটনেস সনদ বাতিল বা স্থগিত করিবার ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে এবং উক্ত সনদে বর্ণিত মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখের পূর্বে যদি কোনো মোটরযান চলাচলের জন্য উপযুক্ত হয় তাহা হইলে ফিটনেস সনদটি মেয়াদ উত্তীর্ণ হইবার নির্ধারিত তারিখেই পুনর্বহাল হইবে এবং নির্ধারিত পরিদর্শন ফি ব্যতিরেকে অন্য কোনো ফি আদায় করা যাইবে না।

(৮) ফিটনেস সনদ বাতিল বা স্থগিত করিবার তারিখ হইতে ১৪ (চৌদ্দ) দিন অতিক্রান্ত হইবার পর কোনো মোটরযান পরিদর্শনের জন্য হাজির করা হইলে তফসিল-১ এ বর্ণিত ফি পরিশোধ সাপেক্ষে নূতন করিয়া ফিটনেস সনদ গ্রহণ করিতে হইবে।

৫৮। **ট্যাক্স টোকেন ইস্যু ও নবায়ন পদ্ধতি।**—কোনো মোটরযানের মালিক বা প্রতিষ্ঠানকে সড়ক কর প্রদানপূর্বক ট্যাক্স টোকেন সংগ্রহের ক্ষেত্রে Motor Vehicles Tax Act, 1932 (Act No.I of 1932) ও Motor Vehicles Tax Rule, 1966 এ বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

## পঞ্চম অধ্যায়

## পরিবহণ কমিটি, রুট পারমিট, ইত্যাদি

৫৯। **যাত্রী ও পণ্য পরিবহণ কমিটি বা পরিবহণ কমিটি গঠন।**—ধারা ২৭ এর বিধান মোতাবেক, কর্তৃপক্ষ সরকারি ও বেসরকারি প্রতিনিধি সমন্বয়ে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা পরিবহণ কমিটি গঠন ও উহার কর্ম পরিধি নির্ধারণ করিবে এবং প্রয়োজনে কর্তৃপক্ষ সময় সময় পরিবহণ কমিটির কাঠামো ও কর্মপরিধি পুনঃনির্ধারণ করিয়া প্রজ্ঞাপন জারি করিবে:

তবে শর্ত থাকে যে, পরিবহণ কমিটিতে Trade Organisations Ordinance, 1961 (Ordinance No. XLV of 1961) এর অধীন রেজিস্ট্রেশনকৃত যাত্রী ও পণ্য পরিবহণের সহিত সংশ্লিষ্ট উভয় সড়ক পরিবহণ মালিক সমিতির প্রতিনিধি এবং বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর অধীন রেজিস্ট্রেশনকৃত যাত্রী ও পণ্য পরিবহণের সহিত সংশ্লিষ্ট উভয় সড়ক পরিবহণ শ্রমিক সংগঠনের প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করিতে হইবে।

৬০। **পরিবহণ কমিটির ক্ষমতা ও কার্যাবলি।**—পরিবহণ কমিটির ক্ষমতা ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) রাস্তার ধারণ ক্ষমতা বিবেচনাক্রমে স্ব-স্ব অধিক্ষেত্রে পরিবহণযানের সংখ্যা নির্ধারণ ও রুট পারমিট অনুমোদন:

তবে শর্ত থাকে যে, ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধিক্ষেত্রে ডিটিসিএ এর রুট নেটওয়ার্ক পরিকল্পনার সহিত সামঞ্জস্য রাখিয়া পরিবহণযানের সংখ্যা নির্ধারণ ও রুট পারমিট অনুমোদন করিতে হইবে;

(খ) স্থানীয় পর্যায়ে পরিবহণ সংক্রান্ত উদ্ভূত যে কোনো পরিস্থিতি পর্যালোচনা ও সমাধান;

(গ) রুট পারমিটপ্রাপ্ত পরিবহণযান চলাচলে যে কোনো প্রতিবন্ধকতা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ;

(ঘ) স্ব-স্ব অধিক্ষেত্রে পরিবহণ সেক্টরে অপরাধের ধরন বা আইন ও বিধিমালার বিধান লঙ্ঘন সম্পর্কে প্রতিবেদন প্রণয়ন এবং ৩ (তিন) মাস অন্তর উক্ত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;

(ঙ) প্রয়োজনে যে কোনো ব্যক্তি, সংগঠন বা সংস্থার প্রতিনিধিকে কমিটির সভায় আহ্বান;

(চ) স্ব-স্ব অধিক্ষেত্রে চলাচলকারী অননুমোদিত মোটরযান চলাচল বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(ছ) কোম্পানি ভিত্তিক পরিবহণযান পরিচালনার ক্ষেত্রে কোম্পানির অবকাঠামোগত অবস্থা ও সক্ষমতা যাচাই; এবং

(জ) সরকার বা কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুসরণ।

৬১। **রুট পারমিট সংক্রান্ত সাধারণ বিষয়াদি।**—(১) আন্তঃজেলা রুট পারমিটের জন্য কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মচারীর নিকট এবং অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার বা একাধিক এলাকার জন্য প্রস্তাবিত রুটের অধিকাংশ অন্তর্ভুক্ত পরিবহণ কমিটির সদস্য সচিবের নিকট আবেদন দাখিল করিতে হইবে।

(২) এক এলাকার পরিবহণ কমিটি কর্তৃক মঞ্জুরকৃত ব্যক্তিগত পরিবহণ বা সাধারণ পরিবহণ ব্যতীত অন্যান্য পরিবহণের রুট পারমিট অন্য কোনো এলাকার পরিবহণ কমিটি কর্তৃক প্রতিস্বাক্ষরিত না হইলে উক্ত এলাকায় ব্যবহার করা যাইবে না।

(৩) কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরকৃত মোটরযানের রুট পারমিটের ক্ষেত্রে উপ-বিধি (২) এর বিধান প্রযোজ্য হইবে না।

(৪) যে কোনো এলাকার পরিবহণ কমিটি কর্তৃক অনুমোদিত পণ্যবাহী মোটরযানের রুট পারমিট সমগ্র বাংলাদেশে অথবা নির্দিষ্ট কোনো এলাকায় চলাচলের জন্য প্রযোজ্য হইবে।

৬২। **অস্থায়ী রুট পারমিট**।—(১) যে কোনো পরিবহণ কমিটি বা কর্তৃপক্ষ বিধি ৬৭ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ ব্যতীত নিম্নবর্ণিত প্রয়োজনে তফসিল-১ এ বর্ণিত ফি গ্রহণ সাপেক্ষে সর্বোচ্চ ৪ (চার) মাস মেয়াদে অস্থায়ী রুট পারমিট মঞ্জুর করিতে পারিবে, যথা:—

(ক) বিশেষ কোনো সামাজিক অনুষ্ঠান (যেমন-মেলা বা ধর্মীয় সমাবেশ) উপলক্ষ্যে যাতায়াতের জন্য যাত্রী পরিবহণ;

(খ) কোনো মৌসুমি ব্যবসায়ের উদ্দেশ্যে;

(গ) নির্দিষ্ট কোনো অস্থায়ী প্রয়োজনে; এবং

(ঘ) রুট পারমিটের আবেদন সম্পর্কে সিদ্ধান্ত অনিষ্পন্ন থাকিলে।

(২) অস্থায়ী রুট পারমিট নবায়ন যোগ্য হইবে না।

৬৩। **কোম্পানি ভিত্তিক পরিবহণযান পরিচালনা**।—(১) রুট পারমিট মঞ্জুরের ক্ষেত্রে ব্যক্তির আবেদন অপেক্ষা কোম্পানির আবেদন অগ্রাধিকার পাইবে।

(২) কোম্পানি ভিত্তিক পরিবহণযান পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিবহণযান উক্ত কোম্পানির নামে রেজিস্ট্রেশন করিতে হইবে এবং পরিবহণযানসমূহ কোম্পানির নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালনা করিতে এবং কোনোরূপ লিজ বা সাব-লিজ বা অন্য কাহারও দ্বারা পরিচালনা করা যাইবে না।

(৩) কোম্পানি ভিত্তিক পরিবহণযান পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানির বাস ডিপো ও মেরামত কারখানার ব্যবস্থা থাকিতে হইবে এবং কোম্পানির নিয়োগপ্রাপ্ত মোটরযান চালককে কোম্পানির নিজস্ব অর্থায়নে সড়ক নিরাপত্তা সম্পর্কিত শিক্ষানবিশ প্রশিক্ষণ প্রদান করিতে হইবে।

(৪) ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহ কোম্পানি ভিত্তিক পরিবহণযান পরিচালনা করিতে পারিবে না।

৬৪। **রুট পারমিটের মেয়াদ ও নবায়ন**।—কোনো রুট পারমিট সর্বোচ্চ ৩ (তিন) বৎসর মেয়াদে মঞ্জুর করা যাইবে এবং ইকনোমিক লাইফ বা কোনো বিশেষ এলাকার জন্য মোটরযান চলাচল সম্পর্কিত বিধি-নিষেধ অনুসরণ সাপেক্ষে রুট পারমিট নবায়ন করা যাইবে তবে, মেয়াদ অতিক্রান্তের পর কোনো মোটরযানের রুট পারমিট নবায়ন করিতে হইলে প্রতিদিনের জন্য ৫.০০ (পাঁচ) টাকা হারে জরিমানা প্রদান করিতে হইবে।

৬৫। **রুট পারমিটের শ্রেণি**।—রুট পারমিটের শ্রেণি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) স্টেইজ ক্যারিজ রুট পারমিট;

(খ) কন্ট্রাক্ট ক্যারিজ রুট পারমিট;

(গ) প্রাইভেট ক্যারিয়ার বা নিজস্ব পরিবহণ রুট পারমিট;

(ঘ) পাবলিক ক্যারিয়ার বা সাধারণ পরিবহণ রুট পারমিট; এবং

(ঙ) প্রাইভেট সার্ভিস বা প্রাতিষ্ঠানিক কাজে নিয়োজিত পরিবহণযান বা স্টাফ বাসের রুট পারমিট।

৬৬। **সর্বপ্রকার রুট পারমিটের সহিত সংশ্লিষ্ট সাধারণ শর্তাবলি।**—(১) রুট পারমিট প্রদানকারী পরিবহণ কমিটির অনুমতি ব্যতীত রুট পারমিট হস্তান্তর করা যাইবে না।

(২) কোনো রুট পারমিটধারী পারমিট প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিয়া রুট পারমিটের আওতাধীন কোনো পরিবহণযানের পরিবর্তে একই ধরনের অন্য পরিবহণযান ব্যবহার করিতে পারিবে।

(৩) প্রত্যেকটি রুট পারমিটধারীকে নিম্নবর্ণিত শর্ত অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) রুট পারমিটের আওতাধীন পরিবহণযান বা পরিবহণযানসমূহে ধারা ২৫ মোতাবেক ফিটনেস সনদ বহন এবং আইনের সপ্তম অধ্যায় ও এই বিধিমালায় বর্ণিত বিধানাবলি প্রতিপালন;

(খ) রুট পারমিটের আওতাধীন পরিবহণযান কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণকৃত গতিসীমায় পরিবহণ চালনা;

(গ) রুট পারমিটের আওতাধীন পরিবহণযান যাত্রী বা পণ্যের ভাড়া সম্পর্কে আইনের ধারা ৩৪ এর বিধান অনুযায়ী জারীকৃত নির্দেশনাসমূহ মানিয়া চলা;

(ঘ) রুট পারমিটের আওতাধীন পরিবহণযান ধারা ৪ এবং ৪৩ এর বিধানাবলি প্রতিপালন করিয়া চালানো;

(ঙ) রুট পারমিটের আওতাধীন পরিবহণযানের চালকদের ক্ষেত্রে আইনের ধারা ৩৯ অনুযায়ী দৈনিক কর্মঘণ্টা ও বিরতিকাল সংক্রান্ত বিধানাবলি পালন;

(চ) রুট পারমিটধারীর ক্ষেত্রে আইনের নবম অধ্যায়ের বিধানসমূহ প্রতিপালন;

(ছ) একই মোটরযানের জন্য একাধিক রুট পারমিট গ্রহণ না করা;

(জ) নিয়োগকারী কর্তৃক দূরপাল্লার রুটে চলাচলকারী পরিবহণযানে নিয়োজিত শ্রমিকদের জন্য প্রয়োজনীয় বিশ্রামের ব্যবস্থাকরণ; এবং

(ঝ) যে সকল পরিবহণযানে রাত্রিতে অথবা যে সকল সড়কের পরিবহণযান চালককে আইনের ধারা ৩৯ এ বর্ণিত নির্দিষ্ট কর্মকাল অতিবাহিত হইবার পরও কাজ করিতে হয় সেই সকল মোটরযানে কমপক্ষে দুইজন করিয়া চালক নিয়োগ।

(৪) পণ্যবাহী মোটরযানে উহার রেজিস্ট্রেশন সনদে উল্লিখিত আসন সংখ্যার অধিক কোনো ব্যক্তি বহন করা যাইবে না।

(৫) পণ্যবাহী মোটরযানে কোনো যাত্রী বহন করা যাইবে না।

৬৭। **রুট পারমিটের জন্য আবেদন এবং মঞ্জুর করিবার পদ্ধতি।**—(১) স্টেইজ ক্যারিজ ব্যতীত অন্যান্য পরিবহণযানের রুট পারমিটের আবেদন রেজিস্ট্রেশনের তারিখ অথবা পূর্ববর্তী রুট পারমিটের মেয়াদ উত্তীর্ণের ১৫ (পনেরো) দিনের মধ্যে তফসিল-১ এ বর্ণিত ফিসহ পরিবহণ কমিটি বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ বরাবর দাখিল করিতে হইবে।

(২) স্টেইজ পরিবহণযানের রুট পারমিটের জন্য আবেদন প্রাপ্তির পর পরিবহণ কমিটি আবেদনের বিষয়ে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন সময় প্রদান করিয়া সর্বসাধারণের অবগতির জন্য প্রচারের ব্যবস্থা করিবেন এবং তৎপ্রেক্ষিতে কোনো মতামত পাওয়া গেলে পরিবহণ কমিটি শুনানি গ্রহণ করিয়া উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং আবেদন না মঞ্জুর হইলে কারণ উল্লেখসহ আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(৩) সংশ্লিষ্ট পরিবহণ কমিটি কর্তৃক রুট পারমিট মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হইবার পর তফসিল-১ এ বর্ণিত ফিসহ পরিবহণ কমিটির সদস্য সচিব বরাবর ফরম-২৭ অনুযায়ী আবেদন করিতে হইবে এবং আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে কমিটির সদস্য সচিব কর্তৃক ফরম-২৮ অনুযায়ী রুট পারমিট সরবরাহ করিতে হইবে এবং অন্তর্বর্তী ব্যবস্থা হিসেবে প্রাপ্তিস্বীকার রসিদ সরবরাহ করিতে হইবে।

(৪) স্টেইজ ক্যারিজ পরিবহণযান ব্যতীত অন্যান্য পরিবহণযানের রুট পারমিটের জন্য রেজিস্ট্রেশনের পর সংশ্লিষ্ট পরিবহণ কমিটির সদস্য সচিব বরাবর ফরম-২৯ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র ও তফসিল-১ এ বর্ণিত ফিসহ আবেদন দাখিল করিতে হইবে এবং আবেদন দাখিল করিবার পর আবেদনকারীকে প্রাপ্তিস্বীকার রসিদ সরবরাহ করিতে হইবে এবং পরবর্তীতে পরিবহণ কমিটির অনুমোদন সাপেক্ষে কমিটির সদস্য সচিব কর্তৃক ফরম-২৮ অনুযায়ী রুট পারমিট সরবরাহ করিতে হইবে।

(৫) অস্থায়ী রুট পারমিট ব্যতীত কোনো রুট পারমিটের শর্তাবলি পরিবর্তনের জন্য যদি নিম্নবর্ণিতভাবে আবেদন করা হয় তাহা হইলে উক্ত আবেদন নূতন রুট পারমিটের আবেদন হিসাবে বিবেচিত হইবে, যথা:—

(ক) কোনো নূতন রুট বা একাধিক নূতন রুট অথবা নূতন এলাকা সংযোজিত করিবার আবেদন;

(খ) স্টেইজ পরিবহণযানের রুট পারমিটের ক্ষেত্রে নির্ধারিত সর্বোচ্চ সংখ্যক ট্রিপের সংখ্যা আরও বর্ধিত করিবার জন্য আবেদন;

(গ) রুট পরিবর্তন করিবার জন্য আবেদন;

(ঘ) চুক্তিবদ্ধ পরিবহণযানের রুট পারমিটের ক্ষেত্রে রুট পারমিটে উল্লিখিত পরিবহণযানের সংখ্যা বৃদ্ধি করিবার আবেদন:

তবে শর্ত থাকে যে, পারমিটধারী কোনো স্টেইজ মোটরযান যদি কোনো একটি রুটে বা একটি নির্দিষ্ট এলাকায় মোটরযান চালাইবার জন্য একমাত্র পারমিটধারী হয় অথবা আবেদনে মোটরযানের সংখ্যা বৃদ্ধি না করিয়া পরিবহণযান চলাচলের ট্রিপ সংখ্যা বৃদ্ধির প্রার্থনা করা হয় তাহা হইলে উক্ত আবেদনপত্র নূতন আবেদনপত্র হিসাবে বিবেচিত হইবে না।

৬৮। **স্টেইজ ক্যারিজের রুট পারমিট মঞ্জুরের বিবেচ্য বিষয়াদি।**—(১) পরিবহণ কমিটিকে স্টেইজ ক্যারিজ পরিবহণযানের রুট পারমিটের আবেদন গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলির বিবেচনায় রাখিতে হইবে, যথা:—

(ক) জনস্বার্থ;

(খ) পরিবহণযান চলাচল প্রবর্তিত হইলে স্বল্প সময়ে বিরতিহীন ভ্রমণসহ জনসাধারণের যে সকল সুবিধা হইবে;

(গ) যে এলাকাসমূহের মধ্যে পরিবহণযান প্রবর্তন করা হইবে, সেই এলাকার মধ্যে বিদ্যমান অথবা ভবিষ্যতে প্রবর্তিত হইতে পারে এইরূপ সড়ক বা পরিবহণ সংশ্লিষ্ট প্রাসঙ্গিক সুবিধাদি যথেষ্ট কিনা;

(ঘ) পরিবহণযান চলাচল প্রবর্তিত হইলে নির্দিষ্ট কোনো এলাকা বা এলাকাসমূহের অধিবাসীদের কোনো সুবিধা হইবে কিনা;

(ঙ) আবেদনকারীর আবেদন বিবেচনার সময় ইতঃপূর্বে দাখিলকৃত অন্যান্য আবেদনসমূহও বিবেচনা করা; এবং

(চ) প্রস্তাবিত পথ, রুট বা এলাকার সড়কের অবস্থা।

(২) কোনো পরিবহণ কমিটি উপ-বিধি (১) এ বর্ণিত বিষয়গুলি বিবেচনা করিয়া কোনো অঞ্চলে বা উহার অন্তর্গত কোনো রুটে চলাচলের জন্য সাধারণভাবে বা কোনো নির্দিষ্ট শ্রেণির পরিবহণযানের জন্য প্রদানযোগ্য স্টেইজ ক্যারিজের সংখ্যা সীমিত করিয়া দিতে পারিবে।

(৩) কর্তৃপক্ষ বা পরিবহণ কমিটি স্টেইজ ক্যারিজ রুট পারমিট মঞ্জুরের ক্ষেত্রে বিধি ৬৬ এ বর্ণিত সাধারণ শর্তাবলির সহিত নিম্নবর্ণিত শর্তাবলির মধ্যে যে কোনো এক বা একাধিক শর্ত আরোপ করিতে পারিবে, যথা:—

(ক) কোনো একটি নির্দিষ্ট তারিখ হইতে নির্ধারিত রুটে বা তাহার অংশ বিশেষে পরিবহণযান চলাচল আরম্ভ করিতে হইবে;

(খ) প্রস্তাবিত রুটে বা এলাকায় সাধারণত প্রতিদিন, অথবা কোনো নির্দিষ্ট দিনে বা কোনো নির্দিষ্ট ঘটনা উপলক্ষ্যে প্রতিদিন সর্বনিম্ন ও সর্বোচ্চ যত সংখ্যক ট্রিপ পরিচালনা করিতে হইবে;

(গ) সার্ভিসের বা কোনো নির্দিষ্ট স্টেইজ ক্যারিজের জন্য পরিবহণ কমিটি বা কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে সময়সূচি ও ভাড়ার তালিকা প্রদর্শন বা এতৎসংক্রান্ত নির্দেশনাবলি পালন করিতে হইবে;

(ঘ) পরিবহণ কমিটি দ্বারা নির্দেশিত স্থান ব্যতীত সড়কে যত্রতত্র যাত্রী বা পণ্য উঠা-নামা করা যাইবে না;

(ঙ) অনুমোদিত ভাড়ার তালিকা স্টেইজ ক্যারিজের ভিতরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করিতে হইবে এবং ভাড়ার তালিকা অনুযায়ী ভাড়া আদায় করিতে হইবে;

(চ) পরিবহণ কমিটি কমপক্ষে ১ (এক) মাসের নোটিশ প্রদান করিয়া রুট পারমিটের শর্তাদি পরিবর্তন ও সংযোজন করিতে পারিবে;

(ছ) বিভিন্ন সময় চাহিত পরিসংখ্যান ও অন্যান্য তথ্যাদি পরিবহণ কমিটি সমীপে দাখিল করিবে;

(জ) স্টেইজ ক্যারিজে আইন অনুযায়ী মহিলা, শিশু, প্রতিবন্ধি ও বয়োজ্যেষ্ঠদের জন্য নির্দিষ্ট সংখ্যক আসন সংরক্ষিত থাকিবে;

(ঝ) স্টেইজ ক্যারিজে প্রাথমিক চিকিৎসা বাক্স ও অগ্নিনির্বাপন যন্ত্র বহন করিতে হইবে;

(ঞ) স্টেইজ ক্যারিজের ড্রাইভার ও কন্ডাক্টরের পরিবহণ কমিটি কর্তৃক নির্ধারিত পরিচ্ছন্ন পোশাক পরিধান করিতে হইবে;

(ট) স্টেইজ ক্যারিজ পরিবহণযান চলন্ত অবস্থায় বা থামিয়া থাকা অবস্থায় কোনো কন্ডাক্টর বা সুপারভাইজার পা-দানিতে দাঁড়াইবে না বা পরিবহণযানের পার্শ্বে ঝুলন্ত অবস্থায় থাকিবে না;

(ঠ) পরিবহণযান থামিবার অনুমোদিত স্থানমূহের তালিকা স্টেইজ ক্যারিজের ভিতরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করিতে হইবে; এবং

(ড) কর্তৃপক্ষ বা পরিবহণ কমিটি কর্তৃক নির্ধারিত অন্য যে কোনো শর্ত।

৬৯। **কন্ট্রাক্ট ক্যারিজ পারমিট মঞ্জুরের বিবেচ্য বিষয়াদি।**—(১) পরিবহণ কমিটি কন্ট্রাক্ট ক্যারিজের রুট পারমিটের আবেদন প্রক্রিয়াকরণের সময় উহার প্রয়োজন ও জনস্বার্থ বিবেচনা করিয়া প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(২) কর্তৃপক্ষ বা পরিবহণ কমিটি কন্ট্রাক্ট ক্যারিজ রুট পারমিট মঞ্জুরের ক্ষেত্রে বিধি ৬৬ এ বর্ণিত সাধারণ শর্তাবলির সহিত নিম্নবর্ণিত শর্তাবলির মধ্যে এক বা একাধিক শর্ত আরোপ করিতে পারিবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট পরিবহণযান নির্দিষ্ট এক বা একাধিক এলাকায় চলাচল করিবে;

(খ) নির্দিষ্ট এলাকার বাহিরে সংশ্লিষ্ট পরিবহণ ভাড়া ভিত্তিতে ব্যবহারের জন্য বিদ্যমান কোনো চুক্তির সংশোধন বা মেয়াদ বৃদ্ধি ব্যতীত নির্ধারিত শর্তাধীনে নূতন কোনো চুক্তিতে আবদ্ধ হওয়া যাইবে না;

(গ) কোনো নির্দিষ্ট পরিবহণযান বা নির্দিষ্ট শ্রেণির মোটরযান সাধারণভাবে বা নির্দিষ্ট কোনো ঘটনার সময় বা নির্দিষ্ট কোনো সময়ে বা মৌসুমে সর্বোচ্চ যত সংখ্যক ট্রিপ প্রদান করিতে পারিবে;

(ঘ) কোনো চুক্তিবদ্ধ পরিবহণযানে যাত্রী ছাড়াও যে সকল শর্তাধীনে মালামাল বহন করা যাইবে;

(ঙ) মোটর-ক্যাব, ট্যাক্সি-ক্যাব বা থ্রি-হুইলার (অটোরিক্সা) পরিবহণযানের ক্ষেত্রে নির্ধারিত হারে ভাড়া আদায় করিতে হইবে এবং অনুমোদিত ভাড়ার তালিকা পরিবহণযানে দৃশ্যমান স্থানে প্রদর্শন করিতে হইবে;

(চ) দফা (ঙ) এ বর্ণিত পরিবহণযান ভিন্ন অন্য মোটরযানের ক্ষেত্রে নির্ধারিত সর্বোচ্চ ভাড়ার অতিরিক্ত হারে ভাড়া আদায় করা যাইবে না;

(ছ) যে নির্দিষ্ট ওজন পর্যন্ত যাত্রীদের মালামাল বিনা ভাড়ায় বহন করিতে হইবে এবং তাহার অতিরিক্ত মালামালের জন্য যে নির্ধারিত হারে ভাড়া আদায় করা যাইবে;

(জ) মোটর-ক্যাব, ট্যাক্সি-ক্যাব বা থ্রি-হুইলার (অটোরিক্সা) এর ক্ষেত্রে নির্দেশিত হইলে পরিবহণযানে ভাড়া-মিটার লাগাইতে হইবে ও তাহা যথাযথভাবে সচল অবস্থায় রাখিতে হইবে;

(ঝ) পরিবহণ কমিটির অনুমতি সাপেক্ষে নির্ধারিত ভাড়ায় সরকারি কাজে পরিবহণযান ব্যবহার করিতে দিতে হইবে;

(ঞ) পরিবহণযানের চালক এবং কন্ডাক্টর বা সুপারভাইজার (যদি থাকে) পরিবহণ কমিটি কর্তৃক নির্ধারিত পোশাক পরিধান করিবে;

(ট) পরিবহণ কমিটি কমপক্ষে ১ (এক) মাসের নোটিশ প্রদান করিয়া রুট পারমিটের শর্তাদি পরিবর্তন ও সংযোজন করিতে পারিবে; এবং

(ঠ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যে কোনো শর্ত।

৭০। **নিজস্ব পরিবহণের রুট পারমিট মঞ্জুরের বিবেচ্য বিষয়াদি।**—(১) নিজস্ব পরিবহণের রুট পারমিটের আবেদন বিবেচনা করিবার সময় পরিবহণ কমিটি সংশ্লিষ্ট এলাকার সড়কের অবস্থা বিবেচনা করিয়া সন্তুষ্ট হইলে আবেদনকারীর নিজ ব্যবসা পরিচালনার জন্য রুট পারমিট মঞ্জুর করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, আবেদনপত্রে উল্লেখ করা হয়নি, এইরূপ কোনো এলাকার জন্য রুট পারমিট মঞ্জুর করা যাইবে না।

(২) পরিবহণ কমিটি নিজস্ব পরিবহণের রুট পারমিট মঞ্জুর করিবার সময় উক্ত রুট পারমিটে পরিবহণযানে যে মালামাল বহন করা হইবে তাহার বিবরণ, যে এলাকায় রুট পারমিট অনুমোদিত উক্ত এলাকার নাম, যে পরিবহণযান ব্যবহৃত হইবে তাহার বোঝাই অবস্থায় সর্বোচ্চ ওজন এবং এক্সেল ওজন সম্পর্কিত শর্তাদি উল্লেখ থাকিবে।

(৩) যদি আবেদনকারী এইরূপ কোনো নিজস্ব পরিবহণের পারমিটধারী হয় যাহা স্থগিত বা বাতিল হইয়াছে, তবে পরিবহণ কমিটি স্বীয় ক্ষমতাবলে আবেদনপত্র অগ্রাহ্য করিতে পারিবে।

৭১। **সাধারণ পরিবহণের রুট পারমিট মঞ্জুরের বিবেচ্য বিষয়াদি।**- পরিবহণ কমিটি সাধারণ পরিবহণের রুট পারমিট মঞ্জুর করিবার সময় রুট পারমিটে এইরূপ শর্ত আরোপ করিতে পারিবে যে, সংশ্লিষ্ট মোটরযানের বোঝাই অবস্থায় ওজন এবং এক্সেল ওজন নির্ধারিত সর্বোচ্চ ওজনের অধিক হইবে না, এবং নিম্নবর্ণিত এক বা একাধিক শর্ত আরোপ করিতে পারিবে, যথা:—

(ক) নির্ধারিত হারে ভাড়ায় পণ্য বা কোনো শ্রেণির পণ্য বহন করিতে হইবে;

(খ) পরিবহণযান রাখা, রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং বহনকৃত পণ্য গুদামে রাখা ও উহার নিরাপত্তা বিধানের ব্যবস্থা করিতে হইবে;

(গ) রুট পারমিটধারীকে পরিবহণ কমিটির নিকট বিভিন্ন মেয়াদে এইরূপ রিটার্ণ, পরিসংখ্যান এবং অন্যান্য তথ্যাদি দাখিল করিতে হইবে, যাহা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে নির্ধারিত হইবে;

(ঘ) পরিবহণ কমিটি কমপক্ষে ১ (এক) মাসের নোটিশ প্রদান করিয়া বর্তমান কোনো রুট পারমিটের শর্তাবলি পরিবর্তন ও সংযোজন করিতে পারিবে;

(ঙ) পরিবহণ সংস্থাগুলির মধ্যে অলাভজনক প্রতিযোগিতা রোধকল্পে জনস্বার্থে পরিবহণ কমিটি যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে সাধারণ পরিবহণযান চলাচলের উপর সেইরূপ শর্ত আরোপ করিবে এবং পরিবহণ সংস্থাগুলিকে তাহা পালন করিতে হইবে;

(চ) সংশ্লিষ্ট পরিবহণযান নির্ধারিত ভাড়ার বিনিময়ে সরকারি কাজে নিয়োজিত করা যাইবে; এবং

(ছ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যে কোনো শর্ত।

৭২। **রুট পারমিটে রেজিস্ট্রেশন নম্বর অন্তর্ভুক্তকরণ।**—স্টেইজ ক্যারিজের রুট পারমিট অনুমোদন প্রাপ্তির পর পরিবহণ কমিটি বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে মোটরযানের রেজিস্ট্রেশন নম্বর রুট পারমিটে অন্তর্ভুক্ত করিতে হইবে এবং নির্ধারিত সময়ের মধ্যে রুট পারমিটে রেজিস্ট্রেশন নম্বর অন্তর্ভুক্ত না করিলে উক্ত অনুমোদন বাতিল বলিয়া গণ্য হইবে।

৭৩। **রুট পারমিটের প্রতিলিপি।**—(১) পরিবহণযানের রুট পারমিট সনদ হারাইয়া গেলে, নষ্ট হইলে বা ব্যবহারের অনুপযোগী হইয়া পড়িলে—

(ক) রুট পারমিটধারী ফরম-২৯ মোতাবেক ও তফসিল-১ এ বর্ণিত ফিসহ রুট পারমিট সনদের পূর্ণ বিবরণাদি উল্লেখপূর্বক যে রুট পারমিট প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক রুট পারমিট সনদ ইস্যু করা হইয়াছে সেই রুট পারমিট প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র দাখিল করিবে;

(খ) হারানো রুট পারমিট সনদের ক্ষেত্রে এই মর্মে সংশ্লিষ্ট থানায় জিডি এন্ট্রি থাকিতে হইবে এবং উহার একটি অনুলিপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(২) আবেদনপত্র সঠিক বিবেচিত হইলে রুট পারমিট প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে একটি প্রাপ্তিস্বীকার রসিদ প্রদান করিবে এবং আবেদনপত্র গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে রুট পারমিট সনদ ইস্যু করিবে।

৭৪। **রুট পারমিটধারীর মৃত্যু হইলে পারমিট হস্তান্তর।**—(১) কোনো রুট পারমিটধারীর মৃত্যু হইলে যে ব্যক্তি বা ব্যক্তিবর্গ উত্তরাধিকার সূত্রে মালিকানা লাভ করেন, তিনি বা তাহারা রুট পারমিটটি নিজ নামে প্রদত্ত রুট পারমিটের ন্যায় ৩ (তিন) মাস ব্যবহার করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, রুট পারমিটধারীর মৃত্যুর ১ (এক) মাসের মধ্যে উক্ত ব্যক্তি রুট পারমিট প্রদানকারী পরিবহণ কমিটিকে রুট পারমিটধারীর মৃত্যুর বিষয় এবং রুট পারমিট ব্যবহার করিতে তাহার ইচ্ছার বিষয় অবহিত করিবেন:

আরও শর্ত থাকে যে, কোনো রুট পারমিট মৃত মালিকের নামে নবায়ন করা যাইবে না এবং রুট পারমিটের কার্যকারিতা যে তারিখে শেষ হইবে উক্ত তারিখের পর উক্ত রুট পারমিট উক্তরূপে কেহ ব্যবহার করিতে পারিবে না।

(২) রুট পারমিটধারীর মৃত্যুর ৩ (তিন) মাসের মধ্যে তফসিল-১ এ বর্ণিত ফি পরিশোধ সাপেক্ষে সংশ্লিষ্ট পরিবহণ কমিটির নিকট আবেদন করা হইলে কমিটি রুট পারমিটের আওতাধীন পরিবহণযানের মালিকানা উত্তরাধিকার সূত্রে প্রাপকের কাছে রুট পারমিটটি হস্তান্তরের অনুমতি প্রদান করিতে পারিবেন।

৭৫। **রুট পারমিট বাতিলকরণ ও স্থগিতকরণ।**—(১) কর্তৃপক্ষ, রুট পারমিট প্রদানকারী পরিবহণ কমিটি বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী, নিজ নিজ অধিক্ষেত্রে রুট পারমিটধারীকে কারণ দর্শাইবার সুযোগ প্রদান করিয়া নিম্নবর্ণিত কারণে রুট পারমিট বাতিল বা নির্ধারিত সময়ের জন্য রুট পারমিট স্থগিত করিতে পারিবে, যথা:—

(ক) বিধি ৬৬(৩) এ বর্ণিত অথবা রুট পারমিটে উল্লিখিত কোনো শর্ত লঙ্ঘন করিলে;

(খ) রুট পারমিটধারীর রুট পারমিটের আওতাধীন পরিবহণযানের মালিকানা স্বত্ব রহিত হইলে;

(গ) রুট পারমিটধারী যদি প্রতারণা বা মিথ্যা বিবৃতির মাধ্যমে রুট পারমিট সংগ্রহ করিয়া থাকেন;

(ঘ) ব্যক্তিগত পরিবহণযানের রুট পারমিট ব্যতীত রুট পারমিটধারীকে যে উদ্দেশ্যে পরিবহণযান ব্যবহারের জন্য রুট পারমিট প্রদান করা হইয়াছে উক্ত উদ্দেশ্যে পরিবহণযান ব্যবহার করিতে উপযুক্ত কারণ ব্যতিরেকে অপারগ হন;

(ঙ) রুট পারমিটধারীর নাগরিকত্ব বিলুপ্ত হইলে বা রহিত হইলে;

(চ) যদি রুট পারমিটের আওতাধীন পরিবহণযান দুর্ঘটনায় পতিত হইবার খারাপ রেকর্ড থাকে, অথবা যদি ক্রটিপূর্ণ পরিবহণযান ব্যবহারের জন্য দুর্ঘটনা ঘটিয়া থাকে।

(২) কর্তৃপক্ষ, রুট পারমিট প্রদানকারী পরিবহণ কমিটি বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী রুট পারমিটধারীকে কারণ দর্শাইবার সুযোগ প্রদান করিয়া উপ-বিধি (১) এ বর্ণিত কারণসমূহের যে কোনোটির জন্য পারমিটের আওতাভুক্ত পরিবহণযানের সংখ্যা অথবা রুট বা এলাকা স্থায়ীভাবে অথবা উপযুক্ত বলিয়া বিবেচিত নির্দিষ্ট মেয়াদের জন্য হ্রাস করিতে পারিবে।

(৩) পরিবহণ কমিটি কোনো রুট পারমিট বাতিল বা সাময়িকভাবে স্থগিত করিলে অথবা রুট পারমিটের আওতাভুক্ত পরিবহণযানের সংখ্যা, রুট অথবা এলাকা হ্রাস করিলে উক্তরূপ ব্যবস্থা গ্রহণের কারণ লিখিতভাবে রুট পারমিটধারীকে অবহিত করিবে।

৭৬। **বিদেশি নাগরিক কর্তৃক আনীত ব্যক্তিগত মোটরযান, গণপরিবহণ বা পণ্যবাহী মোটরযানের রুট পারমিট।**—(১) ধারা ২৯(১) এর বিধান অনুসারে কোনো বিদেশি নাগরিক Previliged Persons (Customs Procedures) Rules, 2003, Transfer of Residence Baggage (Import) Rules, 2000, Customs Act, 1969 বা সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান অনুসরণক্রমে পোর্ট অব এন্ট্রিতে প্রযোজ্য চার্জ, ফি ও শুল্ক-কর (যদি থাকে) প্রদানপূর্বক নিজ দেশের ব্যক্তিগত মোটরযান, গণপরিবহণ বা পণ্যবাহী মোটরযান লইয়া বাংলাদেশে প্রবেশ বা উহা আনয়ন করিতে পারিবে।

(২) কোনো বিদেশি নাগরিকের ব্যক্তিগত মোটরযান, গণপরিবহণ বা পণ্যবাহী মোটরযান বাংলাদেশে প্রবেশ করিলে উক্ত মোটরযানের রেজিস্ট্রেশন সনদ ও রুট পারমিট (প্রযোজ্য ক্ষেত্রে) এর পৃষ্ঠাঙ্কন বা প্রতিস্বাক্ষর করিবার জন্য কাস্টমস সংক্রান্ত আনুষ্ঠানিকতা পরিপালন সাপেক্ষে কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপ-পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বা সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) এর নিকট প্রয়োজনীয় দলিলাদি ও তফসিল-১ এ বর্ণিত ফি প্রদানপূর্বক Form-30 মোতাবেক আবেদন করিতে হইবে।

(৩) আবেদন বিবেচনাক্রমে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ Form-31 মোতাবেক অনুমতিপত্র বা রুট পারমিট প্রদান করিবে এবং উক্ত রুট পারমিট বা অনুমতিপত্র গ্রহণ করিয়া উহাতে বর্ণিত শর্তাবলি প্রতিপালন করিয়া বাংলাদেশের অভ্যন্তরে চলাচল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, মোটরযান বাংলাদেশে প্রবেশের পূর্বে উক্ত আবেদন করা হইলে, সেইক্ষেত্রে আবেদনপত্রটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

## ষষ্ঠ অধ্যায়

## মোটরযানের নির্মাণ, সরঞ্জাম বিন্যাস ও রক্ষণাবেক্ষণ

৭৭। **আদেশ প্রতিপালন করে না এইরূপ মোটরযান ব্যবহারে বিধি নিষেধ।**—এই অধ্যায়ে বর্ণিত বিধানাবলি অথবা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কোনো আদেশ প্রতিপালন করে না এইরূপ কোনো মোটরযান কোনো ব্যক্তি সর্বসাধারণের ব্যবহার্য স্থানে ব্যবহার করিবেন না বা অন্য কোনো ব্যক্তিকে ব্যবহার করিতে দিবেন না:

তবে শর্ত থাকে যে, দুর্ঘটনা কবলিত অথবা অন্য কোনোভাবে ত্রুটিযুক্ত মোটরযান মেরামত বা সংস্কারের উদ্দেশ্যে নিকটতম স্থানে উক্ত মোটরযানের ক্ষেত্রে এই বিধির কোনো বিধান প্রযোজ্য হইবে না।

৭৮। **বাতি।**—(১) সূর্যাস্তের আধা ঘণ্টা পর হইতে সূর্যোদয়ের এক ঘণ্টা পূর্ব পর্যন্ত এবং ১৫০ (একশত পঞ্চাশ) মিটার সামনের দূরত্বে রাস্তায় অবস্থানরত ব্যক্তি ও মোটরযানসমূহ পরিষ্কারভাবে দেখিবার মতো যখন পর্যাপ্ত আলো থাকিবে না এইরূপ সর্বসাধারণের ব্যবহার্য স্থানে থাকা প্রতিটি মোটরযানের বাতি জ্বালাইয়া রাখিতে হইবে এবং নিম্নবর্ণিত বাতি বহন করিবে, যথা:—

(ক) মোটর সাইকেল ও প্রতিবন্ধীবান্ধব মোটরযান ব্যতীত এবং ১৫০ (একশত পঞ্চাশ) মিটার দূর হইতে দৃশ্যমান হয় এবং মোটরযানের প্রস্থ নির্দেশ করে এইরূপ সামনের দুইটি বাতি;

(খ) মোটর সাইকেল ও প্রতিবন্ধীবান্ধব মোটরযানের ক্ষেত্রে এবং ১৫০ (একশত পঞ্চাশ) মিটার দূর হইতে দৃশ্যমান সম্মুখের একটি বাতির সাদা আলো এবং রেজিস্ট্রেশন চিহ্ন সহজে দৃশ্যমান হয় এইরূপভাবে নম্বর প্লেটের উভয় পাশে বাতি থাকিবে যাহাতে প্লেটের উভয় পার্শ্ব আলোকিত থাকে।

(২) সামনের বাতি যতদূর সম্ভব একই ক্ষমতাসম্পন্ন এবং মাটি হইতে একই উচ্চতায় অবস্থান করিবে।

(৩) সম্মুখে আলোক সংবলিত কোনো বাতি এইরূপভাবে লাগানো যাইবে না যাহাতে বাতিটির কেন্দ্র মাটি হইতে ১.৫ মিটারের অধিক উচ্চ হয়:

তবে শর্ত থাকে যে, এই বিধান কোনো মোটরযানের অভ্যন্তরে আলোকিত করিবার জন্য আবশ্যক কোনো লাইটের ক্ষেত্রে প্রযোজ্য নহে।

(৪) পিছনের বাতি, পরিবহণযান ব্যতিরেকে, মোটরযানের কেন্দ্ররেখা বরাবর অথবা ডানপাশে ভূমি হইতে অনূর্ধ্ব ১ (এক) মিটার উচ্চতায় লাগাইতে হইবে এবং পরিবহণযানের ক্ষেত্রে রেজিস্ট্রেশন চিহ্ন আলোকিত হয় এইরূপ প্রয়োজনীয় দূরত্বে উহা লাগাইতে হইবে।

(৫) আর্টিকুলেটেড মোটরযানের সেমি ট্রেইলার ব্যতিরেকে, কোনো প্রাইম মুভার কর্তৃক ট্রেইলার টানিয়া লইবার সময় পিছনের বাতির মতো যতদূর সম্ভব একই আকৃতি ও ক্ষমতাসম্পন্ন লাল বাতি ট্রেইলারের সহিত সংযুক্ত করিতে হইবে যাহা পিছনের বাতি হইতে অন্যূন ৬০ (ষাট) সেন্টিমিটার এবং অনধিক ৯০ (নব্বই) সেন্টিমিটার দূরত্বে পশ্চাতের বাতির উর্ধ্বে বা নিম্নে থাকিবে।

(৬) কোনো মোটরযানের সম্মুখে লাল বাতি লাগানো যাইবে না এবং পশ্চাতে লাল বাতি ছাড়া অন্য কোনো বাতি লাগানো যাইবে না:

তবে শর্ত থাকে যে, মোটরযানে অভ্যন্তরীণ লাইটিং এবং ইন্ডিকেটর দ্বারা প্রদর্শিত হলুদ বাতির ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

(৭) সম্মুখ আলো প্রদর্শনকারী মোটরযানের বাতি এইরূপভাবে নির্মিত, সংযুক্ত বা রক্ষিত হইবে যাহা হইতে নির্গত আলোকরশ্মি—

(ক) নিম্নের দিকে স্থায়ীভাবে এইরূপ পরিমাণ প্রতিফলিত হয় যে, উহা সর্বদা বাতি হইতে ৭৬০ (সাতশত ষাট) সেন্টিমিটারের বেশি দূরত্বে মোটরযানের সমতলে দণ্ডায়মান কোনো ব্যক্তির চোখ ধাঁধাইতে না পারে এবং উক্ত ব্যক্তির চোখ উক্তরূপ সমতলে অনূর্ধ্ব ১০৫ (একশত পাঁচ) সেন্টিমিটার সমতলে থাকে;

(খ) নিম্নের দিকে বা চালকের বামপাশে ও উপরের দিকে এইরূপভাবে প্রতিফলিত হয় যাহার ফলে পূর্বোক্তভাবে এইরূপ কোনো ব্যক্তির চোখ ধাঁধাইতে না পারে;

(গ) কৌশল প্রয়োগের মাধ্যমে নিভানো যায়;

(ঘ) এইরূপ কৌশলের সাহায্যে নিভানো যায় যাহাতে একই সময় নিম্নের দিকে অথবা উপরের ও বাম দিকের অন্য কোনো বাতি হইতে এইরূপভাবে আলোকরশ্মি প্রতিবিম্বিত হয় যাহার ফলে পূর্বোক্ত অবস্থায় কোনো ব্যক্তির চোখ ধাঁধাইতে না পারে অথবা দফা (ক) এর বিধান প্রযোজ্য হয় এইরূপ বাতির কার্যকারিতায় রূপান্তর করা যায়।

৭৯। **ব্রেক**।—(১) প্রতিটি মোটরযানে নিরাপদ দূরত্বের মধ্যে মোটরযান থামানো এবং সর্বাবস্থায় উহা দাঁড় করাইয়া রাখিবার মতো পর্যাপ্ত শক্তি সম্পন্ন কার্য উপযোগী ব্রেক লাগাইতে হইবে।

(২) প্রতিবন্ধী বান্ধব মোটরযান, ট্রেইলার ও রোড রোলার ব্যতীত প্রতিটি মোটরযান দ্বিকার্য পদ্ধতি সংবলিত সঠিক ব্রেক ব্যবস্থা সম্পন্ন হইতে হইবে এবং উহা এইরূপভাবে নির্মিত হইবে যাহাতে কোনো অংশ (স্থায়ী অংশ বা ব্রেক সু অ্যাংকর পিন ব্যতীত) অকার্যকর হওয়া সত্ত্বেও চালক যাহাতে মোটরযানের কমপক্ষে অর্ধেক সংখ্যক চাকায় ব্রেক প্রয়োগ করিয়া যথাযথ দূরত্বের মধ্যে সকল প্রতিকূল অবস্থায় মোটরযান থামাইতে পারেন তাহার ব্যবস্থা থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, আর্টিকুলেটেড মোটরযান ও চার চাকার কম সংখ্যা বিশিষ্ট মোটরযান অকার্যকর হইলে চালককে ব্রেক করিবার প্রয়োজন হইবে না।

(৩) এক পদ্ধতির প্যাডেল বা হ্যান্ড লিভারের প্রয়োগ অন্য পদ্ধতির প্যাডেল অথবা হ্যান্ড লিভারকে প্রভাবিত করিবে না।

(৪) যে কোনো এক পদ্ধতির মাধ্যমে কার্যকর হওয়া মোটরযানের ব্রেক কোনো হাইড্রোলিক, বৈদ্যুতিক বা নিউমেটিক কৌশল ছাড়াই প্রত্যক্ষ যান্ত্রিক ব্যবহারের মাধ্যমে প্রয়োগ করিতে সক্ষম হইবে।

(৫) প্রতিবন্ধী বান্ধব মোটরযান, ট্রেইলার বা রোড রোলার ব্যতীত ৩ (তিন) এর অধিক চাকা বিশিষ্ট মোটরযানের ক্ষেত্রে একাধিক কার্যপদ্ধতির মাধ্যমে ব্রেক সু প্রয়োগ করিতে সক্ষম হইলে সকল চাকার ব্রেক লাগাইতে হইবে, যাহার সবগুলো যে কোনো একটি কার্য পদ্ধতি দ্বারা পরিচালিত হইবে।

(৬) আর্টিকুলেটেড মোটরযানের ক্ষেত্র ব্যতীত—

(ক) মোটরযানের বিপরীত পাশে অবস্থিত স্টিয়ারিং এর সহিত সংযুক্ত ২ (দুই) টি চাকা ব্যতীত সমস্ত চাকায় যদি ব্রেক লাগানো হয় এবং উক্ত ব্রেকসমূহ যে কোনো একটি কার্যব্যবস্থার মাধ্যমে পরিচালিত হয়, তাহা হইলে ৬ (ছয়) এর অধিক চাকাবিশিষ্ট মোটরযান, যাহার কমপক্ষে ৪ (চার) টি চাকা স্টিয়ারিং এর সহিত সংযুক্ত উহার ক্ষেত্রে উপ-বিধি (৫) এর বিধান যথাযথভাবে প্রতিপালন করিতে হইবে;

(খ) যেইক্ষেত্রে একটি মোটরযানের ৪ (চার) এর অধিক চাকা রহিয়াছে এবং ড্রাইভ বিভিন্ন ডিফারেন্সিয়াল গিয়ারের সম্মিলন ব্যতীত স্টিয়ারিং হইলে অথবা একই প্রকার চাকা বহনকারী এক্সেল ব্যবস্থায় সঞ্চালিত না করিয়া সকল চাকায় সঞ্চালিত করা হয় সেই ক্ষেত্রে ইহা এই উপ-বিধির সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে যদি যে কোনো একটি কার্যব্যবস্থা যানবাহনের বিপরীত পার্শ্বে অবস্থিত দুইটি ড্রাইভিং হুইল এর ব্রেকের উপর কাজ করে এবং অন্য কার্যব্যবস্থা প্রয়োজনীয় অন্য সকল চাকা যে ব্রেকের সহিত সংযুক্ত তাহার উপর কাজ করে।

তবে শর্ত থাকে যে, এই বিধিতে নির্ধারিত কার্যব্যবস্থা ব্যতীত অন্যান্য কার্যব্যবস্থা থাকিলে উক্ত অতিরিক্ত কার্যব্যবস্থা এই উপ-বিধির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৮০। **পিছনে চলার ক্ষমতা (রিভার্সিং)**।—মোটর সাইকেল ব্যতীত প্রতিটি মোটরযানের নিজস্ব ক্ষমতায় সম্মুখে বা পশ্চাতে চলাচল করিবার ব্যবস্থা থাকিতে হইবে।

৮১। **হর্ন**।—(১) মোটরযানের অবস্থান বোঝানোর নিমিত্ত শ্রবণযোগ্য ও পর্যাপ্ত সতর্কতা প্রদান করিতে প্রতিটি মোটরযান চালকের তাৎক্ষণিক ব্যবহারের জন্য হর্ন বা অন্য কোনো অনুমোদিত যন্ত্র উহাতে লাগাইতে হইবে।

(২) হর্ন বা যন্ত্র দ্বারা উৎপন্ন শব্দের মানমাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এ বর্ণিত মাত্রা অতিক্রম করিবে না।

(৩) পরপর বিভিন্ন সুর প্রদানকারী কোনো বহুমুখী হর্ন অথবা তীব্র, কর্কশ, আকস্মিক, বিকট বা ভীতিকর শব্দের হর্ন বা যন্ত্র মোটরযানে সংযোজন বা ব্যবহার করা যাইবে না।

(৪) মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ সাপেক্ষে এ্যাম্বুলেন্স, অগ্নি নির্বাপক বা উদ্ধারকাজের উদ্দেশ্যে ব্যবহৃত মোটরযান অথবা রাষ্ট্রীয় জরুরি কাজে ব্যবহৃত বা একই প্রকৃতির অন্যান্য মোটরযানের ক্ষেত্রে উপ-বিধি (৩) এর বিধান প্রযোজ্য হইবে না।

**ব্যাখ্যা**।—এই উপ-বিধির উদ্দেশ্য পূরণকল্পে, 'এ্যাম্বুলেন্স' অর্থ অসুস্থ ও আহত ব্যক্তিদের বহন অথবা অন্য কোনো চিকিৎসাজনিত উদ্দেশ্যে এবং তজ্জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযুক্ত করিয়া ডিজাইনকৃত ও নির্মিত মোটরযান।

৮২। **মোটরযানে রেডিও, টেলিভিশন, ইত্যাদি ব্যবহার।**—(১) মোটরকার, জিপ ও মাইক্রোবাস ব্যতীত অন্য কোনো মোটরযানে নিম্নরূপ শর্তে রেডিও ও টেলিভিশন সেট স্থাপন করা বা চালানো যাইবে, যথা:—

(ক) বাস বা মিনিবাসে চালক ব্যতীত প্রত্যেক যাত্রীর জন্য পৃথকভাবে শ্রবণের জন্য ইলেকট্রনিক ডিভাইস স্থাপন করা যাইবে; এবং

(খ) বাস বা মিনিবাসে চালকের জন্য দর্শনীয় নহে ড্রাইভিং সিটের পিছনের এইরূপ উপযুক্ত কোনো স্থানে যাত্রীদের জন্য দর্শনীয় ডিভাইস স্থাপন করা যাইবে।

(২) জনগণের বিরক্তি সৃষ্টি হয় এইরূপভাবে কোনো রেডিও, টেলিভিশন, ইত্যাদি কোনো মোটরকার, জিপ ও মাইক্রোবাসে চালানো যাইবে না।

(৩) সড়ক নিরাপত্তা সংক্রান্ত সচেতনতা বা শিক্ষামূলক বা অন্য যে কোনো জনগুরুত্বপূর্ণ তথ্য প্রচারের উদ্দেশ্যে ব্যবহৃত মোটরযানে লাউডস্পিকারসহ বা ব্যতিরেকে রেডিও ব্যবহার করিতে মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বিশেষ অনুমতিপত্র প্রদান করিতে পারিবে।

৮৩। **সাইলেন্সার।**—(১) প্রতিটি মোটরযানে এইরূপ একটি যন্ত্র বা ডিভাইস, অতঃপর সাইলেন্সার হিসাবে উল্লিখিত, লাগাইতে বা সংযোজন করিতে হইবে যাহা বর্ধিত চেম্বারের মাধ্যমে অথবা অন্য কোনোভাবে ইঞ্জিনে দহনের ফলে সৃষ্ট গ্যাসের শব্দমাত্রা যুক্তিসঙ্গতভাবে হ্রাস করে।

(২) প্রতিটি মোটরযান এইরূপভাবে নির্মাণ বা সজ্জিত করিতে হইবে যাহাতে ইঞ্জিনে দহনের ফলে সৃষ্ট গ্যাস নিম্নাভিমুখে নির্গত হইয়া রাস্তার উপরিভাগে আঘাত না করে বা সরাসরি রাস্তার উপর পতিত না হয়।

৮৪। **আয়না।**—পরিবহণযান এবং মোটর সাইকেল ব্যতীত প্রতিটি মোটরযানের অভ্যন্তরে অথবা বহিরাংশে একটি আয়না এইরূপভাবে লাগাইতে বা সংযোজন করিতে হইবে যাহাতে চালক পশ্চাৎ দিক হইতে আগত মোটরযান পরিষ্কারভাবে বা সুস্পষ্টভাবে দেখিতে পারেন।

৮৫। **বিপজ্জনক প্রক্ষেপণ।**—(১) কোনো মোটরযান বা সড়ক ব্যবহারকারীর সহিত সংঘর্ষের কারণ হইতে পারে এইরূপ কোনো প্রকার ফিটিং, অ্যাঙ্গেল বা সরঞ্জামাদি মোটরযানে সংযোজন করা যাইবে না।

(২) মোটরযানের চাকার রিমের কোনো সংযুক্তি বা ফিটিংস বা ইহার অংশ সম্পূর্ণরূপে বায়ুভর্তি টায়ারের সর্বোচ্চ বহিরাংশের ৬ (ছয়) সেন্টিমিটারের বেশি হইবে না।

৮৬। **শব্দ।**—(১) প্রতিটি মোটরযান এইরূপভাবে নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ করিতে হইবে যাহাতে উহা হইতে অতিরিক্ত মাত্রায় শব্দ উৎপন্ন বা সৃষ্টি না হয়।

(২) নিম্নবর্ণিত কারণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অতিরিক্ত মাত্রায় শব্দ উৎপন্ন হয় এইরূপ কোনো মোটরযান ব্যবহার করা যাইবে না, যথা:—

(ক) ডিজাইন বা নির্মাণজনিত ত্রুটিসহ মেরামত ও যন্ত্রাংশ সমন্বয়ের অভাবে সৃষ্ট যে কোনো ত্রুটি; বা

(খ) মালামাল বা পণ্যের ত্রুটিপূর্ণ প্যাকিং, বিন্যাস বা লোডিং।

(৩) চালকের অসতর্কতার কারণে কোনো মোটরযানে অতিরিক্ত মাত্রায় শব্দ উৎপন্ন হইলে উক্ত মোটরযান রাস্তায় ব্যবহার করা যাইবে না।

৮৭। **নিরাপদ গ্লাস**।—(১) প্রতিটি মোটরযানের উইন্ডস্ক্রিন এবং বাহিরের জানালার গ্লাস নিরাপদ গ্লাস হইবে।

(২) প্রতিটি মোটরযানের ফ্রন্ট উইন্ডস্ক্রিন পার্শ্ব এবং পশ্চাৎ জানালার গ্লাস এইরূপভাবে স্বচ্ছ হইবে এবং এইরূপভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে ভিতর এবং বাহির হইতে পরিষ্কারভাবে দেখিতে পারা যায় এবং উক্ত স্বচ্ছ গ্লাসে কোনো আবরণ সংযোজন করা যাইবে না।

**ব্যাখ্যা**।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে 'নিরাপদ গ্লাস' অর্থ এইরূপভাবে নির্মিত বা প্রক্রিয়াজাতকৃত গ্লাস যাহা ভাঙ্গিয়া গেলেও শরীরে মারাত্মকভাবে আঘাত বা ক্ষত সৃষ্টি করিতে সক্ষম বা এইরূপ খন্ড খন্ড টুকরায় পরিণত হয় না।

৮৮। **উইন্ডস্ক্রিন ওয়াইপার**।—প্রতিটি মোটরযানে একটি কার্যকর স্বয়ংক্রিয় উইন্ডস্ক্রিন ওয়াইপার সংযুক্ত করিতে বা লাগাইতে হইবে এবং সংশ্লিষ্ট মোটরযানটি এইরূপভাবে নির্মিত হইবে যাহাতে উইন্ডস্ক্রিন খুলিয়া বা অন্য কোনোভাবে উইন্ডস্ক্রিনের ভিতর দিয়া সংশ্লিষ্ট মোটরযানের সম্মুখে পর্যাপ্ত দর্শনলাভ সম্ভব হয়।

৮৯। **টায়ার**।—(১) রোড রোলার ব্যতীত প্রতিটি মোটরযানের চাকায় নিউমেটিক টায়ার যথাযথভাবে স্ফীত করিয়া এবং ভালো অবস্থায় রাখিতে হইবে।

(২) টায়ার ভালো অবস্থায় রহিয়াছে বলিয়া বিবেচিত হইবে না, যদি—

(ক) ট্রেডের ক্ষয় বা ভলকানাইজেশন বিহীন কাঁটাছেড়া বা ঘর্ষণজনিত ক্ষয়ের কারণে কেসিং এর কোনো সুতা উন্মুক্ত হইয়া পড়ে;

(খ) টায়ার বিকৃত হওয়া বা স্ফীত হইবার কারণে উহার ভিতরের অংশ দৃশ্যমান হইয়া যায়;

(গ) যথাযথ ভলকানাইজড মেরামত ছাড়া উহা বাহিরের গেইটার দ্বারা তালি দেওয়া বা মেরামত করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, অস্থায়ী মেরামতের ক্ষেত্রে এই দফার বিধান প্রযোজ্য হইবে না।

৯০। **ধোঁয়া ও বাষ্প নির্গমনের উপর বিধি-নিষেধ**।—কোনো মোটরযান এইরূপভাবে নির্মাণ, সংরক্ষণ বা ব্যবহার করা যাইবে না যাহাতে উক্ত মোটরযান হইতে নির্গত ধোঁয়া, বাষ্প, ছাই বা তৈলাক্ত পদার্থ কোনো ব্যক্তির বা সম্পত্তির ক্ষতিসাধন অথবা রাস্তা ব্যবহারকারীদের নিরাপত্তা বিঘ্নিত করে।

৯১। **স্পিডোমিটার**।—(১) প্রতিটি মোটরযানে একটি যন্ত্র, অতঃপর স্পিডোমিটার বলিয়া উল্লিখিত, লাগাইতে হইবে, যাহা এইরূপভাবে নির্মিত এবং এইরূপ অবস্থায় থাকিবে যাহাতে তাৎক্ষণিকভাবে সর্বদা মোটরযানটির চলমান গতি চালককে নির্দেশ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, প্রতি ঘণ্টায় ২০ (বিশ) কিলোমিটারের বেশি গতিতে চালানো যায় না এই ধরনের মোটরযানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

(২) কোনো স্পিডোমিটার এই বিধির শর্তপূরণ করে মর্মে বিবেচিত হইবে যদি পরীক্ষান্তে আইনের ধারা ৪৪ সাপেক্ষে নির্ধারিত গতির উর্ধ্বে বা নিম্নে শতকরা দশ ভাগের মধ্যে সঠিক হিসাবে পাওয়া যায় অথবা কোনো গতিসীমা উক্তভাবে উল্লেখ না থাকিলে প্রতি ঘণ্টায় ৫০ (পঞ্চাশ) কিলোমিটারের বেশি বা তাহার নীচে হইয়া থাকে।

৯২। **স্প্রিংগিং**।—(১) প্রতিটি মোটরযান এবং উহার মাধ্যমে টানিয়া লওয়া প্রতিটি ট্রেইলার পর্যাপ্ত পরিমাণ স্প্রিংগিং বিশিষ্ট হইতে হইবে যাহা রোড হুইল ও সংশ্লিষ্ট মোটরযানের কাঠামোর মধ্যে পর্যাপ্তভাবে উপযুক্ত অবস্থায় সংরক্ষিত হইবে:

তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) আনলেডেন ওজন ৪৫০০ (চার হাজার পাঁচশত) কেজির অধিক নহে এইরূপ ট্রাক্টরের ক্ষেত্রে যদি উহার সকল স্প্রিংগিং বিহীন হুইলগুলি নিউমেটিক টায়ারের সহিত আটকানো থাকে; বা

(খ) কেবল পতিত বৃক্ষ পরিবহণের কাজে ব্যবহৃত কোনো ল্যান্ড লোকোমটিভ, ল্যান্ড ট্রাক্টর, ল্যান্ড ইমপ্লিমেন্ট, এগ্রিকালচারাল ট্রেইলার বা অন্য কোনো ট্রেইলার।

৯৩। **স্টিয়ারিং**।—(১) প্রতিটি মোটরযানে স্টিয়ারিং মেকানিজম ত্রুটিমুক্ত অবস্থায় সংরক্ষণ করিতে হইবে এবং স্টিয়ারিং হুইলে ৪৫ (পঁয়তাল্লিশ) ডিগ্রির বেশি পরিমাণ ব্যাকল্যাশ হইতে মুক্ত হইবে।

(২) স্টিয়ারিং সিস্টেমের সকল রড ও আর্ম যে কোনো প্রকার ক্ষতি হইতে রক্ষা পাইবার জন্য বাম্পার দ্বারা বা অন্য কোনো মাধ্যমে যথাযথভাবে সুরক্ষিত হইতে হইবে এবং সকল সংযোগ ব্যবস্থা বোল্ট বা পিন দ্বারা দৃঢ়ভাবে আটকাইতে হইবে।

৯৪। **মোটরযানের সার্বিক প্রস্থ**।—(১) প্রস্তুতকারক কর্তৃক প্রদত্ত ডিজাইন ও কারিগরি নির্দেশ সাপেক্ষে, মোটরযানের সার্বিক প্রস্থ নিম্নবর্ণিত পরিমাপের বেশি হইবে না, যথা:—

(ক) লোকোমোটিভের ক্ষেত্রে সর্বোচ্চ ২.৭৫ মিটার;

(খ) ৩ (তিন) চাকা বিশিষ্ট মোটরযানের ক্ষেত্রে সর্বোচ্চ ১.৫ মিটার; এবং

(গ) অন্য যে কোনো ধরনের মোটরযানের ক্ষেত্রে সর্বোচ্চ ২.৫ মিটার:

তবে শর্ত থাকে যে, গ্রস ভেহিকেল ওজন ৭,৫০০ (সাত হাজার পাঁচশত) কেজির উর্ধ্বে মোটরযানের ক্ষেত্রে সর্বোচ্চ ২.৬২ মিটার।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত সার্বিক প্রস্থসীমা কোনো অবস্থাতেই মোটরযানের পিছনের আড়াআড়ি টায়ারসমূহের প্রস্থের ২০০ (দুইশত) মিলিমিটারের বেশি হইবে না।

(৩) নিম্নবর্ণিত ক্ষেত্রে উপ-বিধি (১) ও (২) এর বিধান প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) কোনো মোটরযান কোনো স্থানে নষ্ট বা ক্ষতিগ্রস্ত হইলে বা ভাঙ্গিয়া গেলে উক্ত স্থানের নিরাপত্তা বিধান বা মেরামতের জন্য টানিয়া লওয়া উক্ত মোটরযান বা উক্ত মোটরযানকে টানিয়া লওয়া বা বহন করা অন্য আরেকটি মোটরযান; এবং

(খ) সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন দ্বারা অব্যাহতিপ্রাপ্ত বিশেষ ধরনের মোটরযান।

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, 'মোটরযানের সার্বিক প্রস্থ' অর্থ মোটরযানের সকল যন্ত্রাংশ সম্বলিত পার্শ্বীয় সর্বোচ্চ প্রজেক্টিং পয়েন্টের মধ্য দিয়ে গমনকারী অনুদৈর্ঘ্য সমতল এবং মোটরযানের সহিত ড্রাইভিং মিরর বা কোনো ল্যাম্প বা কোনো নমনীয় এন্টেনার যথাবিহিত সংযোগ ব্যতীত মোটরযানের সহিত লাগানো বা সংযুক্ত স্থায়ী বৈশিষ্ট্য সম্পন্ন কোনো আধার (রিসেপ্টেকল) এর মধ্যবর্তী দূরত্ব।

৯৫। **মোটরযানের সার্বিক দৈর্ঘ্যের পরিমাপ।**—(১) প্রস্তুতকারক কর্তৃক প্রদত্ত ডিজাইন ও কারিগরি নির্দেশ প্রতিপালন সাপেক্ষে, মোটরযানের সার্বিক দৈর্ঘ্য নিম্নবর্ণিত পরিমাপের বেশি হইবে না, যথা:—

(ক) আর্টিকুলেটেড বা একাধিক সংযুক্ত মোটরযানের ক্ষেত্রে সর্বোচ্চ ১৮ (আঠারো) মিটার:

তবে শর্ত থাকে যে, সংযুক্ত ট্রেইলার যদি ক্যারাভ্যান হয় এবং দুই বা ততোধিক ট্রেইলার যদি কোনো মোটরযানের সহিত সংযুক্ত থাকে সেই ক্ষেত্রে সর্বোচ্চ দৈর্ঘ্য সীমা যথাক্রমে ২২ (বাইশ) মিটার ও ২৬ (ছাব্বিশ) মিটার হইবে;

**ব্যাখ্যা।**—এই দফার উদ্দেশ্য পূরণকল্পে, 'ক্যারাভ্যান' অর্থ সড়কের বাহিরে ব্যবহারের জন্য ডিজাইনকৃত, নির্মিত, অভিযোজিত, সজ্জিত ট্রেইলার, সেমি-ট্রেইলার বা কোনো মোটরযানের সহিত সংযুক্ত কোনো স্থাপনা যাহা প্রধানত এক বা একাধিক ব্যক্তির আবাসস্থল, বাসস্থান, নিদ্রা যাপনের স্থান বা স্থায়ী বা অস্থায়ীভাবে কার্যালয়ের স্থান হিসাবে ব্যবহৃত হয় এবং যাহাতে কেবল বসবাসের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র থাকে;

(খ) বাস ব্যতীত অন্য কোনো দৃঢ় বা রিজিড মোটরযানের ক্ষেত্রে ১২ (বারো) মিটার;

(গ) কোনো দৃঢ় বা রিজিড বাসের ক্ষেত্রে ১২.৫ (বারো দশমিক পাঁচ) মিটার:

তবে শর্ত থাকে যে, ড্রাইভার ব্যতীত সর্বোচ্চ ৩০ (ত্রিশ) আসন বিশিষ্ট বাসের ক্ষেত্রে সর্বোচ্চ ৭ (সাত) মিটার এবং কোনো সুনির্দিষ্ট বিশেষ রুটে পরিচালিত টুইন স্টিয়ার এক্সেল এবং টেনডেম এক্সেল অথবা ট্রাইডেম অথবা ট্রাই এক্সেল অথবা কোয়ার্ড এক্সেল বিশিষ্ট বাসের ক্ষেত্রে সর্বোচ্চ ১৫.০০ মিটার;

(ঘ) ট্রেইলারের ক্ষেত্রে হালকা মোটরযান দ্বারা টানিয়া লওয়া হইলে সর্বোচ্চ ৭ (সাত) মিটার এবং হালকা মোটরযান ব্যতীত অন্য কোনো মোটরযান দ্বারা টানিয়া লওয়া হইলে ১২.৫ মিটার; এবং

(ঙ) ৩ (তিন) চাকা বিশিষ্ট মোটরযানের ক্ষেত্রে সর্বোচ্চ ৩.৯০ মিটার।

(২) নিম্নবর্ণিত ক্ষেত্রে উপ-বিধি (১) এর বিধান প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) কোনো মোটরযান কোনো স্থানে নষ্ট বা ক্ষতিগ্রস্ত হইলে বা ভাঙ্গিয়া গেলে উক্ত স্থানের নিরাপত্তা বিধান বা মেরামতের জন্য টানিয়া লওয়া উক্ত মোটরযান বা উক্ত মোটরযানকে টানিয়া লওয়া বা বহন করা অন্য আরেকটি মোটরযান; এবং

(খ) সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন দ্বারা অব্যাহতিপ্রাপ্ত বিশেষ ধরনের মোটরযান।

(৩) এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে—

(ক) 'মোটরযানের সার্বিক দৈর্ঘ্য' অর্থ—

(অ) মোটরযানের সকল যন্ত্রাংশ সম্বলিত সর্বপ্রথম ও সর্বশেষ প্রজেক্টিং পয়েন্টের মধ্য দিয়া গমনকারী অনুপ্রস্থ সমতল;

(আ) যে কোনো ড্রাইভিং মিরর;

(ই) যে কোনো সম্প্রসারিত কৌশল;

(ঈ) যে কোনো সংখ্যক প্লেট বন্ধনী;

(উ) মোটরযানের সহিত সংযুক্ত যে কোনো লাইট বা প্রতিফলক; এবং

(ঊ) যে কোনো নমনীয় এন্টেনা ব্যতীত মোটরযানের সহিত সংযুক্ত কোনো স্থায়ী বৈশিষ্ট্য সম্পন্ন আধার (রিসেপ্টেকল) এর মধ্যবর্তী দূরত্ব:

তবে শর্ত থাকে যে, ক্রমিক (আ) হইতে (ঊ) এ বর্ণিত ফিটিংস এবং ফিক্সারস নির্ধারিত পদ্ধতিতে মোটরযানে সংযুক্ত থাকিতে হইবে।

**ব্যাখ্যা।**—এই দফার উদ্দেশ্য পূরণকল্পে 'একাধিক মোটরযানের সমন্বয়ের ক্ষেত্রে সার্বিক দৈর্ঘ্য' অর্থ টানা মোটরযানের সর্বপ্রথম বিন্দু এবং সর্বশেষ মোটরযানের সর্বশেষ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব যেখানে সকল মোটরযানের অনুদৈর্ঘ্য অক্ষ একই উলম্বতলে অবস্থিত।

(৪) এই বিধিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, কোনো বিশেষ প্রয়োজনে অথবা যদি কোনো মোটরযান অথবা অনেকগুলি মোটরযানের সমন্বয়ে গঠিত ব্যতিক্রমধর্মী দৈর্ঘ্য বিশিষ্ট মোটরযান যাহার উদ্দেশ্য সাধারণত অবিভাজ্য লোড বহন করা, সেই ক্ষেত্রে সরকার বিবেচনা করিলে গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক যথাযথ শর্তাধীনে কোনো নির্দিষ্ট মোটরযান বা নির্দিষ্ট শ্রেণির মোটরযানকে কোনো নির্দিষ্ট রুটে বা নির্দিষ্ট এলাকায় চলাচলের জন্য এই বিধি হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৯৬। **সার্বিক উচ্চতার পরিমাপ।**—(১) প্রস্তুতকারক কর্তৃক প্রদত্ত ডিজাইন ও কারিগরি নির্দেশ প্রতিপালন সাপেক্ষে, মোটরযানের সার্বিক উচ্চতা নিম্নবর্ণিত পরিমাপের বেশি হইবে না, যথা:—

(ক) দ্বিতল বাসের ক্ষেত্রে ৪.৭২ মিটার;

(খ) থ্রি হুইলার মোটরযানের ক্ষেত্রে ২.১ মিটার;

(গ) অন্যান্য মোটরযানের ক্ষেত্রে ৪.০ মিটার:

তবে শর্ত থাকে যে, দ্বিতল বাস ব্যতীত অন্যান্য মোটরযানের সর্বোচ্চ উচ্চতা উহার প্রস্থের ১.৫ গুণের বেশি হইবে না, তবে উহার প্রস্থ ২.১ মিটারের বেশি হইলে সর্বোচ্চ উচ্চতা প্রস্থের ১.৬ গুণ হইতে পারিবে:

আরও শর্ত থাকে যে, জনস্বার্থে বিশেষ উদ্দেশ্য পূরণকল্পে বিশেষ অনুমতির আওতায় নির্দিষ্ট রুট বা এলাকায় ব্যবহারের জন্য বিশেষ শর্তাধীনে, সরকার গেজেটে প্রজ্ঞাপন দ্বারা মোটরযানের সর্বোচ্চ উচ্চতা ৪.২৫ মিটার অনুমোদন প্রদান করিতে পারিবে।

(২) নিম্নবর্ণিত ক্ষেত্রে উপ-বিধি (১) প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) কোনো মোটরযান কোনো স্থানে নষ্ট বা ক্ষতিগ্রস্ত হইলে বা ভাঙ্গিয়া গেলে উক্ত স্থানের নিরাপত্তা বিধান বা মেরামতের জন্য টানিয়া লওয়া উক্ত মোটরযান বা উক্ত মোটরযানকে টানিয়া লওয়া বা বহন করা অন্য আরেকটি মোটরযান; এবং

(খ) সরকার কর্তৃক গেজেটে প্রজ্ঞাপন দ্বারা অব্যাহতিপ্রাপ্ত বিশেষ ধরনের মোটরযান।

(৩) এই বিধিতে মোটরযানের সামগ্রিক উচ্চতা অর্থ ভূমি এবং মোটরযানের সহিত সংযুক্ত স্থায়ী বা অপরিবর্তনশীল বা বিযুক্ত যে কোনো কাঠামোর উলম্ব দূরত্ব যাহা ভূমি হইতে সর্বাধিক দূরবর্তী, কিন্তু ট্রলি বাসের ছাঁদে সংযুক্ত বিদ্যুৎ সংগ্রহের কাজে ব্যবহৃত এন্টেনা বা অন্য কোনো ইকুপমেন্ট ইহার অন্তর্ভুক্ত নহে।

(৪) উপ-বিধি (৩) এ বর্ণিত উলম্ব দূরত্ব পরিমাপ বা হিসাব করিবার সময় মোটরযান নিম্নরূপ অবস্থায় থাকিতে হইবে, যথা:—

(ক) মোটরযানের চাকাসমূহ ব্যবহারের জন্য পর্যাপ্ত স্ফীত অবস্থায় থাকা;

(খ) মোটরযানটি বোঝাইবিহীন অবস্থায় থাকা; এবং

(গ) মোটরযানের নিচের ভূমির উপরিতল গ্রহণযোগ্যভাবে সমতল থাকা।

৯৭। **ওভারহ্যাঙ্গের পরিমাপ।**—(১) প্রস্তুতকারক কর্তৃক প্রদত্ত ডিজাইন ও কারিগরি নির্দেশ প্রতিপালন সাপেক্ষে, মোটরযানের পিছনের ওভারহ্যাঙ্গ নিম্নবর্ণিত পরিমাপের বেশি হইবে না, যথা:—

(ক) ট্রাক্টর বা লোকোমটিভের ক্ষেত্রে সর্বোচ্চ ১.৮৩ মিটার অথবা হুইল বেজের ক্ষেত্রে ৪৫%, যাহা কম হইবে তাহাই প্রযোজ্য হইবে;

(খ) থ্রি হুইলার মোটরযানের ক্ষেত্রে সর্বোচ্চ ০.৯২ মিটার অথবা হুইল বেজের ক্ষেত্রে ৪২%, যাহা কম হইবে তাহাই প্রযোজ্য হইবে;

(গ) ট্রেইলারের ক্ষেত্রে (একক এক্সেল বিশিষ্ট সেমি-ট্রেইলার ব্যতীত) সর্বোচ্চ ৩.৭ মিটার অথবা হুইল বেজের ক্ষেত্রে ৫০%, যাহা কম হইবে তাহাই প্রযোজ্য হইবে;

(ঘ) সেমি-ট্রেইলারের ক্ষেত্রে সর্বোচ্চ ৩.২ মিটার অথবা হুইল বেজের ক্ষেত্রে ৫০%, যাহা কম হইবে তাহাই প্রযোজ্য হইবে;

(ঙ) সিঙ্গেল রিয়ার এক্সেল (পিছনে একটি মাত্র এক্সেল) বিশিষ্ট বাসের সর্বোচ্চ (সার্বিক দৈর্ঘ্য ৯.৫ মিটারের বেশি হইবে না) ৩.২ মিটার অথবা বেজের ৫০%, যাহা কম হইবে তাহাই প্রযোজ্য হইবে:

তবে শর্ত থাকে যে, ২ (দুই) বা ততোধিক পিছনের এক্সেল বিশিষ্ট অন্যান্য বাসের ক্ষেত্রে ৪.৪ মিটার অথবা হুইল বেজের ক্ষেত্রে ৬০%, যাহা কম হইবে তাহাই প্রযোজ্য হইবে; এবং

(চ) অন্যান্য মোটরযানের ক্ষেত্রে সর্বোচ্চ ৩.২ মিটার অথবা হুইল বেজের ক্ষেত্রে ৫০%, যাহা কম হইবে তাহাই প্রযোজ্য হইবে:

তবে শর্ত থাকে যে, দুই বা ততোধিক পিছনের এক্সেল বিশিষ্ট পণ্যবাহী রিজিড মোটরযানের ক্ষেত্রে ৪.৪ মিটার অথবা হুইল বেজের ক্ষেত্রে ৬০%, যাহা কম হইবে তাহাই প্রযোজ্য হইবে।

(২) মোটরযানের সামনের ওভারহ্যাঙ্গ হুইল বেজের সর্বোচ্চ ক্ষেত্রে ৪২% এবং পাশের ওভারহ্যাঙ্গ বা প্রত্যেক পাশে সর্বোচ্চ ১০০ (এক শত) মিলিমিটার হইবে।

(৩) নিম্নরূপ ক্ষেত্রে উপ-বিধি (১) ও (২) প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) কোনো মোটরযান কোনো স্থানে নষ্ট বা ক্ষতিগ্রস্ত হইলে বা ভাঙ্গিয়া গেলে উক্ত স্থানের নিরাপত্তা বিধান বা মেরামতের জন্য টানিয়া লওয়া উক্ত মোটরযান বা উক্ত মোটরযানকে টানিয়া লওয়া বা বহন করা অন্য আরেকটি মোটরযান; এবং

(খ) সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা অব্যাহতিপ্রাপ্ত বিশেষ ধরনের মোটরযান।

(৪) এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে—

(ক) 'হুইলবেজ' অর্থ মোটরযানের সামনের এক্সেলের সেন্টার লাইন ও পিছনের এক্সেল বা গ্রুপ এক্সেলের সেন্টার লাইনের মধ্যবর্তী আনুভূমিক দূরত্ব;

(খ) 'পিছনের ওভারহ্যাঙ্গ (Rear Overhang)' অর্থ মোটরযানের পিছনের এক্সেল বা গ্রুপ এক্সেলের সেন্টারলাইন হইতে বডির শেষপ্রান্ত পর্যন্ত আনুভূমিক দূরত্ব (বাম্পারবার, নম্বর প্লেট, ব্রাকেট, টানিয়া লওয়ার হুক ইত্যাদি ব্যতীত);

(গ) 'সামনের ওভারহ্যাঙ্গ (Front Overhang)' অর্থ মোটরযানের এক্সেলের সেন্টারলাইন হইতে বডির সবচেয়ে সামনের অংশের আনুভূমিক দূরত্ব (বাম্পারবার, নম্বর প্লেট, ব্রাকেট, টেনে লওয়ার হুক ইত্যাদি ব্যতীত);

(ঘ) 'পার্শ্ব ওভারহ্যাঙ্গ (Side Overhang)' অর্থ মোটরযানের পিছনের বাহিরের টায়ারের সর্বশেষ বাহ্যিক প্রান্ত হইতে মোটরযানের বডির পার্শ্বের অভিক্ষেপ:

তবে শর্ত থাকে যে, নমনীয় অ্যান্টেনা ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(ঙ) 'এক্সেল গ্রুপ' অর্থ টুইন স্টিয়ার এক্সেল গ্রুপ, টেনডেম এক্সেল গ্রুপ বা ট্রাই এক্সেল গ্রুপ বা ট্রাইডেম এক্সেল গ্রুপ বা কোয়াড এক্সেল গ্রুপ।

**ব্যাখ্যা-১।**—এই দফার উদ্দেশ্য পূরণকল্পে, **'কোয়াড এক্সেল'** অর্থ মোটরযানের ৪ (চার) টি পর্যায়ক্রমিক এক্সেল বা অক্ষ যাহাদের সর্বাপেক্ষা বাহিরের দিকগুলোর কেন্দ্র ৩২০ (তিনশত বিশ) সেন্টিমিটারের কম নয় এবং ৪৪০ (চারশত চল্লিশ) সেন্টিমিটারের বেশি নয় এইরূপ দূরত্বে অবস্থিত এবং যাহারা একে অন্যের সহিত একটি ভারবাহী ঝুলন্ত কাঠামো দ্বারা সংযুক্ত।

**ব্যাখ্যা-২।**—এই দফার উদ্দেশ্য পূরণকল্পে, **'টুইন স্টিয়ার এক্সেল'** অর্থ মোটরযানের স্টিয়ারিং মেকানিজমের সহিত সংযুক্ত দুইটি পর্যায়ক্রমিক বা পরস্পর সজ্জিত অক্ষ বা এক্সেল যাহাদের কেন্দ্রবর্তী বা কেন্দ্র হইতে কেন্দ্রের দুরত্ব ১০০ (একশত) সেন্টিমিটারের কম নয় এবং ২০০ (দুইশত) সেন্টিমিটারের বেশি নয়।

(৫) কোনো বিশেষ প্রয়োজনে সরকার বিবেচনা করিলে সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক যথাযথ শর্তাধীনে কোনো নির্দিষ্ট মোটরযান বা নির্দিষ্ট শ্রেণির মোটরযানকে কোনো নির্দিষ্ট রুটে বা নির্দিষ্ট এলাকায় চলাচলের জন্য এই বিধি হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৯৮। **দিক নির্দেশক ও স্টপ লাইট।**—(১) ডানে বা বামে মোড় লইবার প্রয়োজনে প্রতিটি মোটরযানে উপযুক্ত ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক দিক নির্দেশক লাইট এবং মোটরযান থামাইতে সংকেত প্রদান করিবার জন্য উপযুক্ত ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক স্টপ লাইট থাকিতে হইবে।

(২) প্রতিটি বৈদ্যুতিক দিক নির্দেশক লাইট—

(ক) আলোকিত অবস্থায় উহার আলোক সংকেত অন্যূন ১৫০ (একশত পঞ্চাশ) মিলিমিটার দৈর্ঘ্য বিশিষ্ট হলুদ রঙের হইবে;

(খ) এর আলোকের প্রস্থ হইবে উহার দৈর্ঘ্যের অনূর্ধ্ব এক চতুর্থাংশ; এবং

(গ) এর আলোকিত অংশ মোটরযানের সম্মুখ ও পশ্চাৎ উভয় দিক হইতে দৃশ্যমান হইতে হইবে।

(৩) প্রতিটি মোটরযানে ডান ও বাম উভয়দিকে দিক নির্দেশক লাইট থাকিতে হইবে এবং প্রতিটি দিক নির্দেশক লাইট এইরূপভাবে ডিজাইন করিতে এবং লাগাইতে হইবে যেন—

(ক) উইন্ডস্ক্রিন বেস হইতে পশ্চাতের দূরত্ব ১২২০ (বারশত বিশ) মিলিমিটারের অধিক না হয়; এবং

(খ) ভূমি হইতে ২০০০ (দুই হাজার) মিলিমিটারের বেশি উঁচুতে না হয়।

(৪) প্রতিটি দিক নির্দেশক লাইট বন্ধ থাকিবার সময় মোটরযানের চালক বা ট্রাফিক নিয়ন্ত্রণকারী কোনো ব্যক্তিকে বিভ্রান্ত করে এইরূপভাবে কোনো লাইট লাগানো যাইবে না।

(৫) প্রতিটি মোটরযানের পিছনে উভয় পাশে স্টপ লাইট লাগাইতে হইবে এবং উক্ত লাইট আলোকিত অবস্থায় লাল বা হলুদ আলো বিশিষ্ট হইবে এবং মোটরযানের বামপাশে ডুপ্লিকেট স্টপ লাইট লাগানো যাইবে।

(৬) দিক নির্দেশিকা বা স্টপ লাইটের মাধ্যমে প্রদর্শিত আলো হিমশীতল গ্লাসের সাহায্যে বা অন্য কোনো উপযুক্ত উপায়ে ডিফিউস্ড করিবার ব্যবস্থা থাকিতে হইবে এবং তাহা স্থির আলো হইতে হইবে।

৯৯। **উইংস**।—(১) লোকোমোটিভ, ট্রাক্টর বা ট্রেইলার ব্যতীত প্রতিটি মোটরযানের বডিতে পর্যাপ্ত প্রতিরক্ষা সুযোগ থাকিবার জন্য উইংস বা সমমানের বস্তু লাগাইতে হইবে যাহাতে উহার চাকা ঘূর্ণায়নের ফলে রাস্তার কাদা বা পানি হইতে উহার বডি ও অন্যান্য সড়ক ব্যবহারকারী সুরক্ষা পায়।

(২) লোকোমটিভ দ্বারা টানা ট্রেইলারের ক্ষেত্র ব্যতীত প্রতিটি ট্রেইলারের পশ্চাতের চাকায় উপ-বিধি (১) এ বর্ণিত উইংস লাগাইতে হইবে ।

১০০। **চালকের সহিত যোগাযোগ**।—প্রতিটি মোটরযানের চালকের আসন যাত্রীদের কম্পার্টমেন্ট হইতে পার্টিশন দ্বারা পৃথক থাকিবে যাহা সহজে খোলা বা আলাদা করা যাইবে না, এবং এই ক্ষেত্রে মোটরযানটি এইরূপভাবে সজ্জিত করিতে হইবে যাহাতে উহা থামাইবার জন্য চালককে যাত্রীরা এবং কন্ডাক্টর সংকেত দিতে পারিবে।

১০১। **গণপরিবহণ সংরক্ষণ**।—প্রতিটি গণপরিবহণ এবং উহার সকল অংশে রঙের কাজ বা বার্নিশসহ পরিষ্কার অবস্থায় সংরক্ষণ করিতে হইবে এবং ইঞ্জিন ও সকল কার্যকর অংশ সচল রাখিতে হইবে।

১০২। **স্ট্যাবিলিটি**।—(১) দ্বিতল বাসের স্ট্যাবিলিটি এইরূপ হইবে—

(ক) যাহাতে ৭০ (সত্তর) কেজি ওজন সম প্রত্যেক যাত্রীকে সঠিক আপেক্ষিক অবস্থানে রাখিতে হইবে; এবং

(খ) যাহাতে উপরের তলায় সকল যাত্রীদের এইরূপভাবে রাখিতে হইবে যেন বাসটি যেই ভূমির উপর দন্ডায়মান সেই ভূমির আনুভূমিক কেন্দ্র হইতে ২৮° কোণের বেশি যে কোনো পাশে ঝুঁকিয়া উল্টাইয়া পড়িবে না।

(২) মোটর ক্যাব ব্যতীত একতলা গণপরিবহণের স্ট্যাবিলিটি এইরূপ হইবে যাহাতে ৭৫ (পঁচাত্তর) কেজি ওজন সম প্রত্যেক যাত্রীকে এইরূপভাবে আপেক্ষিক অবস্থানে রাখিতে হইবে যাহাতে মোটরযানটি আনুভূমিক হইতে ৩৫° কোণের বেশি যে কোনো পাশে ঝুঁকিয়া উল্টাইয়া পড়িবে না।

১০৩। **বসিবার স্থান**।—(১) প্রতিটি গণপরিবহনে প্রত্যেক যাত্রীর জন্য কমপক্ষে ৪০০ (চারশত) মিলিমিটার বর্গ পরিমাণ আরামদায়ক বসিবার স্থানের ব্যবস্থা থাকিবে।

(২) মোটর ক্যাব ব্যতীত অন্যান্য গণপরিবহণের ক্ষেত্রে আসনগুলি মোটরযান বরাবর থাকিলে এক পাশের আসনের পশ্চাৎ ভাগ হইতে অন্য পাশের আসনের পশ্চাৎ ভাগ কমপক্ষে ১৩৭২ (এক হাজার তিনশত বাহাত্তর) মিলিমিটার পরিমাণ দূরত্বে থাকিবে।

(৩) মোটর ক্যাব ব্যতীত অন্যান্য গণপরিবহণের ক্ষেত্রে আসনগুলি মোটরযানে আড়াআড়ি থাকিলে এবং একই অভিমুখী হইলে সম্মুখের আসন এবং পশ্চাতের আসনের মধ্যে অন্যূন ৬৬০ (ছয়শত ষাট) মিলিমিটার পরিমাণ স্পষ্ট দূরত্বে থাকিবে।

(৪) আসনগুলি মোটরযানে আড়াআড়ি এবং একে অন্যের মুখোমুখি হইলে মুখোমুখি আসনের মধ্যে অন্যূন ১২৭০ (এক হাজার দুইশত সত্তর) মিলিমিটার পরিমাণ দূরত্ব থাকিবে।

(৫) প্রত্যেক আসনের পশ্চাৎ অংশ আসন লেভেল হইতে কমপক্ষে ৫০০ (পাঁচশত) মিলিমিটার উচ্চতা বিশিষ্ট হইবে এবং উহার পুরত্ব হইবে কমপক্ষে ৫০ মিলিমিটার।

১০৪। **গ্যাংওয়ে।**—(১) প্রতিটি গণপরিবহণের প্রতিটি কম্পার্টমেন্টে একটি গ্যাংওয়ে থাকিবে যাহার প্রবেশপথ সম্মুখের দিকে অথবা পশ্চাতের দিকে হইবে।

(২) আসনগুলি মোটরযানের পার্শ্ব বরাবর থাকিলে এক পার্শ্ব হইতে অন্য পার্শ্বের দূরত্ব হইবে অন্যূন ৬৬০ (ছয়শত ষাট) মিলিমিটার অর্থাৎ গ্যাংওয়েটি ৬৬০ (ছয়শত ষাট)) মিলিমিটার প্রস্থ বিশিষ্ট হইবে।

(৩) আসনগুলি মোটরযানে আড়াআড়ি করিয়া রাখা হইলে অন্যূন ৩০৫ (তিনশত পাঁচ) মিলিমিটার পরিমাণ জায়গা বিশিষ্ট গ্যাংওয়ে থাকিবে।

১০৫। **আসন ক্ষমতা।**—মোটর ক্যাব ব্যতীত কোনো পাবলিক সার্ভিস মোটরযান রেজিস্ট্রেশনকৃত বোঝাইকৃত ও খালি অবস্থায় ওজনের পার্থক্য হইতে ১০০ (একশত) কেজি ওজন বাদ দিয়া প্রাপ্ত ফলাফলকে প্রতিটি একতলা মোটরযানের ক্ষেত্রে ৭৫ (পচাঁত্তর) এবং দ্বিতল মোটরযানের ক্ষেত্রে ৭০ (সত্তর) দ্বারা ভাগ করিয়া প্রাপ্ত সংখ্যার অতিরিক্ত সংখ্যক যাত্রী বহনের জন্য রেজিস্ট্রেশন করা যাইবে না।

১০৬। **হেডরুম।**—(১) মোটরক্যাব ব্যতীত প্রতিটি গণপরিবহণের উপরের ছাদ হইতে নিচের তলা পর্যন্ত মোটরযানের কেন্দ্র বরাবর পরিমাপকৃত নিম্নবর্ণিত উচ্চতা বা হেডরুম থাকিবে, যথা:—

(ক) স্থায়ী টপ বিশিষ্ট একতলা মোটরযানের ক্ষেত্রে কমপক্ষে ১৩৭০ (এক হাজার তিনশত সত্তর) মিলিমিটার;

(খ) সচল হুড বিশিষ্ট একতলা মোটরযানের ক্ষেত্রে ১২২০ (এক হাজার দুইশত বিশ) মিলিমিটার; এবং

(গ) দ্বিতল বিশিষ্ট মোটরযানের ক্ষেত্রে নিচ তলার জন্য কমপক্ষে ১৭৮০ (এক হাজার সাত শত আশি) মিলিমিটার এবং উপরের তলার জন্য অনূর্ধ্ব ১৭২৫ (এক হাজার সাত শত পঁচিশ) মিলিমিটার।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ নির্দিষ্ট কোনো পৌরসভা, সিটি কর্পোরেশন বা সেনানিবাস এলাকার মধ্য দিয়া চলাচলকারী কোনো পাবলিক সার্ভিস মোটরযানের ক্ষেত্রে উক্ত পরিমাপ পরিবর্তন করিতে পারিবে।

১০৭। **চালকের আসন**।—(১) মোটরযানের ডানপাশে স্টিয়ারিং কন্ট্রোলের ব্যবস্থা করিয়া প্রতিটি পাবলিক সার্ভিস মোটরযান বা গণপরিবহণ তৈরি করিতে হইবে।

(২) প্রতিটি পাবলিক সার্ভিস মোটরযানে চালকের জন্য এইরূপভাবে বসিবার স্থান সংরক্ষিত থাকিবে যাহাতে—

(ক) চালক মোটরযানটি বাধাহীনভাবে পূর্ণমাত্রায় নিয়ন্ত্রণ করিতে পারেন;

(খ) চালকের পৃষ্ঠদেশ স্থিরভাবে রাখিবার আসনের অংশ স্টিয়ারিং চাকার নিকটবর্তী পয়েন্ট হইতে ৩০০ (তিনশত) মিলিমিটারের কম না হয়;

(গ) চালকের আসন মোটরযানের আড়াআড়ি প্রশস্ত ৬৮৫ (ছয়শত পঁচাশি) মিলিমিটারের কম না হয় এবং স্টিয়ারিং কলামের কেন্দ্রের বাম পার্শ্ব পর্যন্ত কোনোক্রমেই ২৫০ (দুইশত পঞ্চাশ) মিলিমিটারের কম না হয়।

(৩) মোটর ক্যাব ব্যতিরেকে প্রতিটি পাবলিক সার্ভিস মোটরযানের ক্ষেত্রে উপ-বিধি (২) অনুসারে সংরক্ষিত জায়গা বাম পার্শ্বের আসন হইতে ৩০০ (তিন শত) মিলিমিটারের নিম্নে নহে এইরূপ উচ্চতার কাঠের বা অন্য উপযুক্ত পার্টিশন দ্বারা সংযুক্ত হইবে।

(৪) উপ-বিধি (২) এর দফা (খ) এ বর্ণিত জায়গার মধ্যে চালকের জন্য অনূর্ধ্ব ১০০ (একশত) মিলিমিটার প্রস্থের হাতদানির (arm rest) ব্যবস্থা করিতে হইবে।

(৫) কোনো পাবলিক সার্ভিস মোটরযান এইরূপভাবে তৈরি করিতে হইবে যাহাতে চালকের ডান পার্শ্বে কোনো ব্যক্তি বসিতে না পারেন বা কোনো মালামাল বহন করিতে না পারেন।

(৬) প্রতিটি পাবলিক সার্ভিস মোটরযান, বডির সম্মুখের স্তম্ভ ব্যতিরেকে, এইরূপভাবে তৈরি করিতে হইবে যাহাতে চালকের সম্মুখের দিকে এবং তাহার ডান পার্শ্বে ৯০ (নব্বই) ডিগ্রি কোণের মধ্য দিয়ে একটি পরিষ্কার দৃষ্টি থাকিবে।

১০৮। **দরজার প্রস্থ**।—মোটরক্যাব ও অটোরিক্সা ব্যতীত প্রতিটি গণপরিবহণে গমন ও বহির্গমনের জন্য অন্যূন ৭৫০ (সাতশত পঞ্চাশ) মিলিমিটার পরিমাণ প্রস্থ বিশিষ্ট দরজা থাকিবে যাহাতে চালক দরজা খোলা এবং বন্ধ করা নিয়ন্ত্রণ করিতে পারেন।

১০৯। **গ্রাব রেল**।—মোটরক্যাব ও অটোরিক্সা ব্যতীত পাবলিক সার্ভিস মোটরযান বা গণপরিবহণ হইতে যাত্রীদের উঠাইবার বা নামাইবার জন্য জরুরি বহির্গমন ব্যতীত উহার ভিতরে প্রবেশ বা বাহির হইবার জন্য গ্রাব রেল সংযোজন করিতে হইবে।

১১০। **স্টেপ**।—প্রতিটি গণপরিবহণে (মোটরক্যাব ব্যতীত) জরুরি অবস্থায় বহির্গমন ব্যতীত—

(ক) প্রবেশ বা বহির্গমনের জন্য সর্বনিম্ন স্টেপের শীর্ষ উচ্চতা মাটি হইতে ৪৩০ (চারশত ত্রিশ) মিলিমিটারের বেশি বা ২৫৫ (দুইশত পঞ্চান্ন) মিলিমিটারের কম হইবে না;

(খ) সমস্ত স্টেপ অপিচ্ছিল ট্রেড এর সহিত সংযুক্ত থাকিতে হইবে; এবং

(গ) স্থির স্টেপগুলি প্রস্থে ২৩০ (দুইশত ত্রিশ) মিলিমিটারের কম হইবে না এবং কোনো অবস্থাতেই গাড়ির বাহিরে ঝুলিয়া থাকিবে না।

১১১। **কুশন।**—পাবলিক সার্ভিস মোটরযানের আসনগুলিতে চামড়া বা ভাল মানসম্পন্ন কাপড় অথবা অন্য কোনো উপযুক্ত দ্রব্যাদি দ্বারা আচ্ছাদিত পরিষ্কার বা স্বাস্থ্যসম্মত কুশনের ব্যবস্থা থাকিতে হইবে।

১১২। **প্রতিকূল আবহাওয়া হইতে যাত্রীদের রক্ষা।**—(১) প্রতিটি গণপরিবহণ সার্বক্ষণিক ওয়াটার টাইট হুড দিয়া এইরূপভাবে নির্মিত বা সজ্জিত হইবে যেন প্রয়োজন অনুযায়ী উহা উঠানো বা নামানো যায়।

(২) প্রতিকূল আবহাওয়া হইতে যাত্রীদের রক্ষা করিবার উদ্দেশ্যে প্রতিটি গণপরিবহণে উপযুক্ত জানালা বা ভেনটিলেশন বা পর্দার ব্যবস্থা থাকিতে হইবে।

(৩) কাঁচ বিশিষ্ট জানালা বা ভেনটিলেশন ব্যবহার করা হইলে বিরক্তিকর শব্দ বা আওয়াজ হইতে রক্ষা করিবার নিমিত্ত কার্যকর ব্যবস্থা থাকিতে হইবে।

১১৩। **ভিতরের আলোকসজ্জা।**—মোটরক্যাব ব্যতীত স্থায়ী ছাদ বিশিষ্ট প্রতিটি গণপরিবহণের ভিতরে সকল যাত্রীর জন্য পর্যাপ্ত আলোর ব্যবস্থা থাকিবে এবং চালককে সম্মুখে দেখিতে অসুবিধার সৃষ্টি করে না এইরূপ ক্ষমতা সম্পন্ন এক বা একাধিক বৈদ্যুতিক বাতির ব্যবস্থা থাকিতে হইবে।

১১৪। **বৈদ্যুতিক আলোর আবশ্যকতা।**—বৈদ্যুতিক বাতি ব্যতীত অন্য কোনো বাতি কোনো পাবলিক সার্ভিস মোটরযানে সংযুক্ত করা যাইবে না।

১১৫। **বডি নির্মাণ।**—প্রতিটি পাবলিক সার্ভিস মোটরযানের বডি প্রস্তুতকারক প্রদত্ত ম্যানুয়্যাল ও মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের সন্তুষ্টি মোতাবেক তৈরি হইতে হইবে এবং উহা মোটরযানের সহিত শক্তভাবে আবদ্ধ থাকিবে।

১১৬। **জ্বালানি ট্যাংক।**—(১) কোনো গ্যাংওয়ের নিচের কোনো অংশে কোনো জ্বালানি তেলের ট্যাংক রাখা যাইবে না যাহা একতলা মোটরযানের প্রবেশ বা নির্গমনের দুই ফুটের মধ্যে অবস্থান করিবে অথবা দ্বিতল বিশিষ্ট মোটরযানের নিচ তলায় অবস্থান করিবে।

(২) প্রতিটি গণপরিবহণে জ্বালানি তেলের ট্যাংক এইরূপভাবে রাখিতে হইবে—

(ক) যেইখান হইতে উপচে পড়া কোনো তেল কোনো কাঠের তৈরি বস্তুর উপর পড়িতে না পারে;

(খ) তেল তাৎক্ষণিকভাবে প্রজ্জ্বলিত হইতে পারে এইরূপ কোনো স্থানে সঞ্চিত হইতে না পারে;

(গ) যাহাতে কার্যব্যবস্থার অফ (off) স্থানটি মোটরযানের বহিরাংশে পরিষ্কারভাবে চিহ্নিত করা যায়;

(ঘ) যাহাতে সকল জ্বালানি তেলের ট্যাংকের ফিলিং পয়েন্ট মোটরযানের বাহিরে থাকে; এবং

(ঙ) যাহাতে নিরাপদভাবে রাখা যায় এইরূপভাবে ফিলার ক্যাবগুলি তৈরিকৃত হয়।

১১৭। **কার্বুরেটর।**—প্রতিটি গণপরিবহণে কার্বুরেটর এবং তৎসঙ্গে যুক্ত যন্ত্রপাতি এইরূপভাবে রাখিতে এবং রক্ষা করিতে হইবে যাহাতে সেই স্থান হইতে কোনো ছিদ্র হইয়া জ্বালানি তেল মোটরযানের অন্য কোনো অংশের উপর পড়িতে না পারে এবং সঞ্চিত কোনো আধারে উহা প্রজ্জ্বলিত হইতে না পারে।

১১৮। **নিষ্কাশন পাইপ।**—(১) প্রতিটি গণপরিবহণের নিষ্কাশন পাইপ এইরূপভাবে রক্ষিত বা সংযুক্ত হইতে হইবে যাহাতে মোটরযানের কোনো অংশ হইতে কোনো অদাহ্য বস্তু উহার উপর পড়িতে না পারে এবং মোটরযানের কোনো অদাহ্য বস্তুর নৈকট্যের কারণে আগুন লাগিবার সম্ভাবনা না থাকে।

(২) নিষ্কাশন পাইপের বাহিরের নলটি মোটরযানের ডান পার্শ্বে এবং পিছনের দিকে স্থাপন করিতে হইবে যাহাতে মোটরযানে ধোঁয়া ঢুকিতে না পারে।

১১৯। **বৈদ্যুতিক তার।**—সকল বৈদ্যুতিক তার পর্যাপ্তভাবে ইনস্যুলেটেড করিয়া রাখিতে হইবে।

১২০। **অগ্নি নির্বাপক যন্ত্র।**—প্রতিটি গণপরিবহণে উপযুক্ত অগ্নি নির্বাপক যন্ত্র লাগাইতে হইবে।

১২১। **বাড়তি চাকা ও যন্ত্রপাতি।**—(১) প্রতিটি গণপরিবহণে সঠিক চাপে বায়ুভর্তি অন্যূন একটি বাড়তি চাকা থাকিবে।

(২) চাকা, রিম, টায়ার বা এতদসংক্রান্ত পরিবর্তন বা চাকার পাঞ্চার বা ছিদ্র মেরামত করিবার জন্য মোটরযানে সব সময় জ্যাক ও অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকিতে হইবে।

১২২। **মোটরযানে বিজ্ঞাপন প্রদর্শন।**—(১) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত উপায় ব্যতীত মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ কোনো মোটরযান বা গণপরিবহনে বিজ্ঞাপন, ছবি বা কোনো লেখা প্রদর্শন করিবার অনুমতি প্রদান করিতে পারিবে না।

(২) মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বিজ্ঞাপন প্রদর্শনের অনুমতিকালে নিম্নবর্ণিত বিষয়াবলি বিবেচনা করিবে, যথা:—

(ক) গণপরিবহণের বডির বাহিরে উভয় পার্শ্বেই বিজ্ঞাপন প্রদর্শনের অনুমতি প্রদান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, বিজ্ঞাপনের আকার কোনো পার্শ্বেই ৭৫% এর বেশি হইবে না;

(খ) কাভার্ড ভ্যানসহ ব্যক্তি বা প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরযানে বাণিজ্যিক বিজ্ঞাপনের অনুমতি প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিজস্ব পণ্যের বিজ্ঞাপনের জন্য মোটরযানের উভয় পার্শ্ব ব্যবহার করিতে পারিবেন;

(গ) ভাড়ায় চালিত হিসাবে রেজিস্ট্রেশনপ্রাপ্ত মালবাহী মোটরযান যাহা “সাধারণ পরিবহণ” হিসাবে রুট পারমিট প্রদান করা হইয়াছে এইরূপ কোনো মোটরযানের বডিতে কোনো বিজ্ঞাপন প্রদর্শনের অনুমতি প্রদান করা যাইবে না;

(ঘ) মোটরযানের পিছনে উইন্ডশিল্ডে এবং জানালায় কোনো বিজ্ঞাপন বা স্টিকার লাগানো যাইবে না এবং মোটরযানের গ্লাস সব সময় স্বচ্ছ রাখিতে হইবে;

(ঙ) মোটরযানে বিজ্ঞাপন প্রদর্শনের অনুমতির জন্য কর্তৃপক্ষের সদর কার্যালয় কর্তৃক অনুমোদিত নমুনাসহ বিজ্ঞাপনের বিষয়াদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর নির্দিষ্ট ফরমে আবেদন করিতে হইবে এবং আবেদনকালীন সময়ে সংশ্লিষ্ট মোটরযানের যাবতীয় কাগজপত্র হালনাগাদ থাকিতে হইবে;

(চ) বিজ্ঞাপন প্রদর্শনের লক্ষ্যে মোটরযান পরিদর্শনের জন্য তফসিল-১ এ বর্ণিত পরিদর্শন ফি জমা করিতে হইবে;

(ছ) বিজ্ঞাপনে বিজ্ঞাপন দাতা ও বিজ্ঞাপনী সংস্থার বিস্তারিত তথ্যের উল্লেখ থাকিতে হইবে;

(জ) বিজ্ঞাপন ১ (এক) বৎসর মেয়াদি হইবে এবং উহা নবায়নযোগ্য হইবে;

(ঝ) কোনো অশ্লীল বা আপত্তিকর বিজ্ঞাপন প্রদর্শন করা যাইবে না এবং অশ্লীল বা আপত্তিকর বিজ্ঞাপনের জন্য আবেদনকারী, বিজ্ঞাপনদাতা বা বিজ্ঞাপনী সংস্থা দায়ী থাকিবে;

(ঞ) বিজ্ঞাপনের জন্য আবেদনকারীকে মোটরযানের প্রকৃত মালিক বা উপযুক্ত প্রতিনিধি হইতে হইবে;

(ট) বিজ্ঞাপন প্রদর্শনের অনুমতিপত্রের মূল কপি মোটরযানে সংরক্ষণ করিতে হইবে; এবং

(ঠ) প্রতিটি মোটরযানে বিজ্ঞাপন প্রদর্শনের অনুমতি গ্রহণের জন্য তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান করিতে হইবে।

১২৩। **বডি ও মাল বোঝাইয়ের প্লাটফর্ম**।—ট্রেইলারসহ প্রতিটি মালবাহী মোটরযান শক্তিশালী প্লাটফর্ম বা বডি সংবলিত হইবে এবং উহা এইরূপভাবে তৈরি করিতে হইবে যেন অন্যান্য সড়ক ব্যবহারকারীদের কোনো অসুবিধা ব্যতিরেকেই বোঝা বহনে সমর্থ হয় এবং বোঝাটি বডি বা প্লাটফর্মের মধ্যে প্যাক করা যায় বা উহার সহিত বাঁধিয়া রাখা যায়।

১২৪। **স্পিড গভর্নর**।—(১) মোটর ক্যাব ব্যতিরেকে প্রতিটি ডিজেল ইঞ্জিন বিশিষ্ট পরিবহণযানে স্পিড গভর্নর সংযুক্ত থাকিবে এবং উহাতে এইরূপভাবে সিলমোহর করিতে হইবে যাহাতে অনুমোদিত সর্বোচ্চ গতির অতিরিক্ত গতিতে উক্ত মোটরযান চালানো সম্ভব না হয়।

(২) রেজিস্ট্রেশন প্রদান ও ফিটনেস নবায়নের সময় মোটরযান পরিদর্শক কর্তৃক পরিবহণযানের উক্ত সিলমোহরের কার্যক্ষমতা নিশ্চিত হইতে হইবে।

## সপ্তম অধ্যায়

## ট্রাফিক ও ওজনসীমা নিয়ন্ত্রণ, পরিবেশ দূষণ, ইত্যাদি

১২৫। **গতিসীমা।**—(১) ধারা ৪৪ মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক সড়ক ও মহাসড়ক এবং মোটরযানের শ্রেণিভেদে মোটরযানের সর্বোচ্চ যে গতিসীমা নির্ধারণ করা হইবে তদাপেক্ষা অধিক গতিতে কেহ মোটরযান চালাইবে না বা অন্য কাহাকেও চালাইবার অনুমতি প্রদান করিবে না।

(২) জনসাধারণের নিরাপত্তার স্বার্থে অথবা কোনো সড়ক, সেতুর অবস্থান বা অন্যান্য প্রাসঙ্গিক কারণে সাধারণ বা কোনো নির্দিষ্ট এলাকায় মোটরযান চলাচলের গতি-নিয়ন্ত্রণ করা প্রয়োজন হইলে কর্তৃপক্ষ যেইরূপ উপযুক্ত বিবেচনা করিবে মোটরযানসমূহের জন্য সেইরূপ সর্বোচ্চ গতি নির্দিষ্ট করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিজ্ঞপ্তি প্রচার করিবে এবং বিধি ১২৬ অনুসারে উপযুক্ত যানবাহন সংকেত স্থাপন বা প্রদর্শনের নির্দেশনা প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, এই বিধি অনুসারে আরোপিত নিয়ন্ত্রণ ১ (এক) মাসের অধিক সময় ধরিয়া বলবৎ না থাকিলে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিজ্ঞপ্তির প্রয়োজন নাই।

(৩) কর্তৃপক্ষ, প্রযোজ্য ক্ষেত্রে বিশেষভাবে শিক্ষা প্রতিষ্ঠান ও বাজার সংলগ্ন সড়কে যাতায়াতকারী জনসাধারণের নিরাপত্তাকল্পে প্রয়োজনীয় বিবেচিত হইলে কোনো সুনির্দিষ্ট এলাকার জন্য সেই এলাকার স্থানীয় সরকার প্রতিষ্ঠান বা অন্য কোনো কর্তৃপক্ষকে মোটরযানের গতিসীমা নিয়ন্ত্রণের ক্ষমতা প্রদান করিতে পারিবে।

(৪) সড়ক ও মহাসড়কে মোটরযানের সর্বোচ্চ গতিসীমা নির্ধারণ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত ধারা ৪৪ এবং এই বিধিমালার সংশ্লিষ্ট বিধানসমূহ বাস্তবায়নের জন্য কর্তৃপক্ষ মোটরযানের সর্বোচ্চ গতিসীমা নির্ধারণ, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা বিষয়ক নির্দেশনা বা গাইডলাইন জারি করিবে।

১২৬। **ট্রাফিক চিহ্ন প্রদর্শনের ক্ষমতা।**—(১) কর্তৃপক্ষের মোটরযান পরিদর্শক বা তদূর্ধ্ব কর্মকর্তা, বাংলাদেশ পুলিশের সার্জেন্ট বা সাব-ইন্সপেক্টর বা তদূর্ধ্ব কর্মকর্তা বা সরকার কর্তৃক এতদ্বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো ব্যক্তি কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কোনো গতিসীমা বা ধারা ৩২ অনুসারে আরোপিত কোনো নিষেধাজ্ঞা বা নিয়ন্ত্রণের জন্য চিহ্ন বা সংকেত স্থাপন, প্রদর্শন বা উত্তোলন করিতে পারিবেন।

(২) তফসিল-২(ঘ) মোতাবেক উপ-বিধি (১) এর অধীন যে সকল ট্রাফিক চিহ্ন বা সংকেত উত্তোলন করা হইবে উহার আকার, রং ও ধরন এবং অর্থ উক্ত তফসিলে যেইরূপ বর্ণিত রহিয়াছে সেইরূপ হইবে:

তবে শর্ত থাকে যে, সরকার অথবা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্তৃপক্ষ বা কর্মচারী উক্ত তফসিলের কোনো সংকেতে শব্দ, অক্ষর বা অংক সংযোজন করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, উপরোক্ত বিধানের অধীন তফসিল-২(ঘ) এ কোনো কিছু সংযোজন করিবার ক্ষেত্রে উহা উক্ত তফসিলে বর্ণিত শব্দ, অক্ষর বা অংকের সহিত সাদৃশ্যপূর্ণ হইতে হইবে।

(৩) সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোনো জেলা ম্যাজিস্ট্রেট বা, সুপারিন্টেনডেন্ট পুলিশ বা মহানগরী এলাকার পুলিশ কমিশনার বা নির্ধারিত অন্য কোনো কর্মচারীকে নিম্নবর্ণিত ক্ষমতা অর্পণ করিতে পারিবে, যথা:—

(ক) কোনো ট্রাফিক সংকেত দৃষ্টির আড়াল হইতে পারে এইরূপ কোনো সাইনবোর্ড, বিজ্ঞাপন বা সমজাতীয় অন্যান্য বস্তু অপসারণ; বা

(খ) ট্রাফিক সংকেতের সহিত সাদৃশ্যপূর্ণতার কারণে বিভ্রান্তির সৃষ্টি হইতে পারে এইরূপ কোনো সাইনবোর্ড, বিজ্ঞাপন বা সমজাতীয় অন্যান্য বস্তু অপসারণ।

(৪) এই বিধি অনুসারে স্থাপিত বা প্রদর্শিত কোনো ট্রাফিক সংকেত কেহ ইচ্ছাকৃতভাবে অপসারণ, পরিবর্তন বা বিকৃত করিতে অথবা তাহাতে অন্য কোনোভাবে হস্তক্ষেপ করিতে পারিবে না।

(৫) কোনো ব্যক্তি কর্তৃক দুর্ঘটনাক্রমে কোনো ট্রাফিক সংকেতের ক্ষতিসাধিত হইলে এবং তাহা যদি যে উদ্দেশ্যে স্থাপিত বা প্রদর্শিত হইয়াছে সেই উদ্দেশ্য সাধনের অযোগ্য হইয়া পড়ে তাহা হইলে উক্ত ব্যক্তি যথাশীঘ্র সম্ভব ঘটনাটি সম্পর্কে নিকটস্থ ট্রাফিক অফিস বা থানাকে অবহিত করিবেন।

১২৭। **মোটরযান পার্কিং এবং যাত্রী উঠা ও নামার স্থান**।—সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্তৃপক্ষ বা কর্মচারী সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের সহিত পরামর্শপূর্বক মোটরযানসমূহ কোন স্থানে নির্দিষ্ট বা অনির্দিষ্টকালের জন্য দাঁড়াইবে উহা নির্ধারণ করিবেন এবং যাত্রীদেরকে গণপরিবহণে সুনির্দিষ্ট স্থান ও সময়ে উঠাইবার বা নামাইবার জন্য সুনির্দিষ্ট সময় ও স্থান নির্ধারণ করিবেন।

১২৮। **প্রধান সড়ক**।—সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা কোনো কর্তৃপক্ষ উপযুক্ত স্থানসমূহে তফসিল-২(ঘ) এ উল্লিখিত যথাযথ ট্রাফিক সংকেত স্থাপন করিয়া উক্ত সড়ককে প্রধান সড়ক হিসাবে চিহ্নিত করিতে পারিবেন।

১২৯। **ট্রাফিক চিহ্ন, সংকেত ও মোটরযান ম্যানুয়াল**।—(১) কর্তৃপক্ষ ট্রাফিক চিহ্ন ও সংকেত সংক্রান্ত ম্যানুয়াল প্রস্তুত করিবে।

(২) মোটরযানের চালককে ট্রাফিক চিহ্ন, সংকেত ও ট্রাফিক নিয়ন্ত্রণকারী পুলিশের নির্দেশ মানিয়া তফসিল-২(ক) এ বর্ণিত মোটরযান চালাইবার বিধানাবলির সহিত সঙ্গতি রাখিয়া মোটরযান চালাইতে হইবে।

১৩০। **ট্রাফিক সংকেত ও সংকেত প্রদান পদ্ধতি**।—(১) ডান হাত স্টিয়ারিং বিশিষ্ট মোটরযানের চালককে ট্রাফিক সাইন ম্যানুয়্যাল অনুযায়ী প্রয়োজনীয় সংকেত প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, মোটরযান ডান বা বাম দিক ফিরাইতে বা থামাইতে হইলে সংশ্লিষ্ট মোটরযানের সহিত সংযুক্ত নির্ধারিত যান্ত্রিক বা বৈদ্যুতিক যন্ত্রের সাহায্যে সংকেত প্রদান করিতে হইবে।

(২) বাম হাত স্টিয়ারিং বিশিষ্ট মোটরযানের ক্ষেত্রে মোটরযান ডান বা বাম পার্শ্বে ঘুরাইতে বা থামাইতে হইলে সংশ্লিষ্ট মোটরযানের সহিত সংযুক্ত নির্ধারিত যান্ত্রিক বা বৈদ্যুতিক যন্ত্রের সাহায্যে সংকেত প্রদান করিতে হইবে এবং যন্ত্রগুলি আকস্মিক কারণে সঠিকভাবে কাজ না করিলে বাম হাতের দ্বারা সংকেত প্রদান করা যাইবে।

১৩১। **সাধারণের ব্যবহার্য স্থানে বিপজ্জনক অবস্থায় মোটরযান রাখার উপর বিধি-নিষেধ।**—কোনো ব্যক্তি তাহার নিয়ন্ত্রণাধীন মোটরযান বা ট্রেইলর রাস্তার উপর এইরূপ অবস্থায় রাখিতে পারিবেন না বা রাখার অনুমতি প্রদান করিবেন না যাহাতে রাস্তা ব্যবহারকারী বিপদ, অসুবিধা বা বাধার সম্মুখীন হন।

১৩২। **পাদানিতে, ছাদে বা বাম্পারে যাত্রী বহনে বিধি-নিষেধ।**—কোনো মোটরযানের চালক, কন্ডাক্টর, সুপারভাইজার বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি—

(ক) চলন্ত মোটরযানে কাউকে উঠা-নামা করাইতে পারিবেন না;

(খ) মোটরযানের বাম্পার বা ইহার ছাদে বা ইহার অভ্যন্তর ব্যতীত অন্য কোনো অংশে কোনো ব্যক্তিকে বহন করিতে পারিবেন না;

(গ) অনুমোদিত সংখ্যার বেশি যাত্রী পরিবহণ করিতে পারিবেন না; এবং

(ঘ) উপরিউক্ত কোনো কার্যের অনুমতি প্রদান করিতে পারিবেন না।

১৩৩। **গণপরিবহনে যাত্রী বহন।**—(১) অনুমোদিত যাত্রী সংখ্যার অতিরিক্ত কোনো ব্যক্তি গণপরিবহনে, বা উক্ত মোটরযান চলন্ত অবস্থায়, বা মোটরযানের বাম্পারে অথবা ছাদে বা ইহার অভ্যন্তর ব্যতীত অন্য কোনো স্থানে আরোহণ করিতে পারিবেন না।

(২) উপ-বিধি (১) এর অধীন বর্ণিত কোনো স্থানে আরোহন করিলে সংশ্লিষ্ট সাব-ইন্সপেক্টর বা তদূর্ধ্ব পদের পুলিশ বা কর্তৃপক্ষের মোটরযান পরিদর্শক বা তদূর্ধ্ব কর্মচারী বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি অনুরূপ যাত্রীকে—

(ক) তাৎক্ষণিকভাবে মোটরযান হইতে নামাইয়া দিতে পারিবেন; বা

(খ) মোটরযান হইতে না নামা পর্যন্ত তিনি উক্ত মোটরযান থামাইয়া রাখিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোনো যাত্রীকে মোটরযান হইতে নামাইয়া দেওয়া হইলে, তিনি যদি ভাড়া পরিশোধ করিয়া থাকেন, উহা ফেরত পাইবেন।

১৩৪। **চালকের মোটরযান নিয়ন্ত্রণে প্রতিবন্ধকতা দূরীভূতকরণ।**—কোনো মোটরযান চালক মোটরযান স্বীয় নিয়ন্ত্রণে রাখিতে অসুবিধা হয় এইরূপভাবে কোনো ব্যক্তিকে দাঁড়াইবার, বসিবার বা কোনো দ্রব্যাদি মোটরযানে রাখিবার অনুমতি দিবেন না।

১৩৫। **জনসাধারণের চলাচল স্থানে মোটরযান থামানোর ক্ষেত্রে বিধি-নিষেধ।**—মোটরযান চালক অনুমোদিত স্থান ব্যতীত জনসাধারণের চলাচলের পথে বা প্রকাশ্য স্থানে মোটরযান নিশ্চল করিয়া বা থামাইয়া রাখিতে পারিবেন না।

১৩৬। **মোটর সাইকেলে যাত্রী বহন হেলমেট পরিধান, ইত্যাদি।**—(১) কোনো মোটর সাইকেল চালক নিজে ব্যতীত তাহার মোটর সাইকেলে ১ (এক) জনের অধিক ব্যক্তি বহন করিতে পারিবেন না এবং অনুরূপ ব্যক্তিকে চালকের আসনের পিছনে মোটর সাইকেলের সহিত নিরাপদভাবে সংযুক্ত নির্দিষ্ট আসনে বসা অবস্থা ভিন্ন অন্য কোনোভাবে বহন করা যাইবে না।

(২) বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই) বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানের অনুমোদিত হেলমেট পরিধান ব্যতীত কোনো চালক মোটর সাইকেল চালাইতে পারিবেন না এবং মোটর সাইকেলের যাত্রীকেও উক্তরূপ হেলমেট পরিধান করিতে হইবে।

(৩) প্রত্যেক মোটর সাইকেল চালক ও সহযাত্রী হেলমেট পরিধানের ক্ষেত্রে হেলমেটে সংযুক্ত ফিতা বা অন্য কোনো বাঁধন বা উপকরণ দ্বারা হেলমেট মাথা ও মুখমন্ডলের সহিত শক্তভাবে বাঁধার বিষয়টি নিশ্চিত করিবেন।

(৪) হেলমেটের গুণগত মান নির্ধারণকল্পে কর্তৃপক্ষের সহিত আলোচনাপূর্বক বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই) বা স্বীকৃত কোনো প্রতিষ্ঠান এতদসংক্রান্ত নির্দেশনা (গাইডলাইন) জারি করিবে।

(৫) মোটরযানের সকল যাত্রী মোটরযান চলন্ত অবস্থায় অবশ্যই সিটবেল্ট বাঁধিয়া রাখিবেন এবং মোটরযান চালক বা কন্ডাক্টর বা সুপারভাইজার উহা নিশ্চিত করিবেন।

(৬) গণপরিবহনে যাত্রী ও শিশু যাত্রীর জন্য সিটবেল্ট বাঁধা সংক্রান্ত নির্দিষ্ট বিধান কর্তৃপক্ষ প্রজ্ঞাপনের মাধ্যমে জারি করিবে।

১৩৭। **মোটরযানের রেজিস্ট্রেশন ও ফিটনেস সনদ, লাইসেন্স, ইত্যাদি উপস্থাপন।**—কোনো প্রকাশ্য স্থানে সংশ্লিষ্ট সাব-ইন্সপেক্টর বা তদূর্ধ্ব পদের পুলিশ অফিসার বা কর্তৃপক্ষের মোটরযান পরিদর্শক বা তদূর্ধ্ব কর্মচারী বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি চাহিবামাত্র প্রযোজ্য ক্ষেত্রে মোটরযানের রেজিস্ট্রেশন সনদ, রুট পারমিট, ফিটনেস সনদ, ট্যাক্স টোকেন এবং মোটরযানের চালক ও কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্স পরীক্ষা করিবার জন্য প্রদর্শন করিতে হইবে এবং পরীক্ষান্তে সঠিক পাওয়া গেলে উহা অবিলম্বে ফেরত প্রদান করিতে হইবে।

১৩৮। **চালক কর্তৃক মোটরযান থামানো ও তথ্য প্রদান।**—(১) সংশ্লিষ্ট সাব-ইন্সপেক্টর বা তদূর্ধ্ব পদের পুলিশ অফিসার বা কর্তৃপক্ষের মোটরযান পরিদর্শক বা তদূর্ধ্ব কর্মচারী বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি প্রয়োজন অনুযায়ী যুক্তিসঙ্গত সময় পর্যন্ত মোটরযান থামাইয়া রাখিতে পরিবেন।

(২) যদি কোনো জন্তু বা প্রাণির (জন্তু বা প্রাণি বলিতে কোনো ঘোড়া, গবাদিপশু, হাতি, উট, গাধা, খচ্চর, মেষ কিংবা ছাগল বুঝানো হইয়াছে) দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি আশংকা করেন যে, জন্তুটি মোটরযান দেখিয়া ভয় পাইবার ফলে নিয়ন্ত্রণে রাখা যাইবে না, তবে সংশ্লিষ্ট মোটরযান যুক্তিসঙ্গত সময় পর্যন্ত থামাইয়া রাখা যাইবে।

(৩) কোনো মোটরযান দুর্ঘটনার উৎস কিংবা কোনো সম্পত্তি ক্ষতির কারণ হোক বা না হোক, উল্লিখিত দুর্ঘটনাকালে, এবং অনুরূপ দুর্ঘটনা বা ক্ষতির দরুন ক্ষতিগ্রস্ত কোনো ব্যক্তি দাবি করিলে সংশ্লিষ্ট মোটরযান চালক তাহার ও মোটরযান মালিকের নাম ও ঠিকানা উক্ত ব্যক্তিকে সরবরাহ করিবেন এবং অনুরূপ ব্যক্তিকেও তাহার নাম ও ঠিকানা চালককে প্রদান করিতে হইবে।

(৪) যদি কোনো ব্যক্তি তাহার নাম ও ঠিকানা প্রকাশ করিয়া কোনো মোটরযানের চালকের কাছে অভিযোগ করেন যে, উক্ত চালক শাস্তিযোগ্য অপরাধ করিয়াছে, তাহা হইলে উক্ত ব্যক্তির দাবি অনুযায়ী চালককে তাহার কাছে স্বীয় নাম ও ঠিকানা বলিতে হইবে।

১৩৯। **মালিক কর্তৃক প্রয়োজনীয় তথ্য প্রদান।**—কোনো মোটরযানের চালক, কন্ডাক্টর বা সুপারভাইজার আইনগত কোনোরূপ অপরাধের দায়ে অভিযুক্ত হইলে সংশ্লিষ্ট সাব-ইন্সপেক্টর বা তদূর্ধ্ব পদের পুলিশ অফিসার বা কর্তৃপক্ষের মোটরযান পরিদর্শক বা তদূর্ধ্ব কর্মচারী বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তির চাহিদা মোতাবেক মোটরযানের মালিক সংশ্লিষ্ট চালক, কন্ডাক্টর বা সুপারভাইজারের লাইসেন্স, নাম, ঠিকানা বা অন্যান্য তথ্য প্রদান করিবেন।

১৪০। **দুর্ঘটনায় কোনো ব্যক্তি আহত হইলে চালকের দায়িত্ব।**—কোনো মোটরযান দুর্ঘটনায় পতিত হইবার ফলে কোনো ব্যক্তি আহত বা কোনো সম্পত্তি ক্ষতিগ্রস্ত হইলে সংশ্লিষ্ট মোটরযান চালক বা উক্ত মোটরযানের দায়িত্বপ্রাপ্ত অপর কোনো ব্যক্তি—

(ক) আহত ব্যক্তির চিকিৎসা নিশ্চিত করিবার নিমিত্ত সর্বপ্রকার পদক্ষেপ গ্রহণ করিবেন এবং তাহাকে নিকটবর্তী হাসপাতালে স্থানান্তরের ব্যবস্থা করিবেন যদি না আহত ব্যক্তি বা তাহার অভিভাবক ভিন্ন কোনো ইচ্ছা পোষণ করেন;

(খ) কোনো পুলিশ অফিসার দাবি করিলে তাহাকে যে কোনো তথ্য প্রদান করিবেন বা, পুলিশ অফিসার উপস্থিত না থাকিলে যথাশীঘ্র দুর্ঘটনা ঘটার ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে নিকটবর্তী থানাকে ঘটনা অবহিত করিবেন।

১৪১। **মদ্যপ অবস্থায় মোটরযান চালানোর উপর বিধি-নিষেধ।**—কোনো মোটরযান চালক রক্তে এ্যালকোহলের উপস্থিতির ১০০ (একশত) মিলিলিটারে ৩০ (ত্রিশ) মিলিগ্রামের অধিক অবস্থায় কোনো মোটরযান চালাইবেন না।

## অষ্টম অধ্যায়

## দুর্ঘটনার জন্য ক্ষতিপূরণ, চিকিৎসা এবং বীমা

১৪২। **আর্থিক সহায়তা তহবিল।**—সড়ক দুর্ঘটনায় আঘাতপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত ব্যক্তির অনুকূলে বা, ক্ষেত্রমত, মৃত ব্যক্তির উত্তরাধিকারীকে আর্থিক সহায়তা প্রদানের উদ্দেশ্যে যে কোনো তফসিলি ব্যাংকে 'আর্থিক সহায়তা তহবিল' নামে পৃথক হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং ধারা ৫৭(১) এ বর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ তহবিলে জমা হইবে।

১৪৩। **আর্থিক সহায়তা তহবিলের চাঁদা।**—(১) মোটরযানের মালিক প্রতিটি মোটরযানের বিপরীতে ধারা ৫৩ এর উপ-ধারা (২) ও (৩) এ বর্ণিত আর্থিক সহায়তা তহবিলের জন্য নিম্নবর্ণিত হারে বার্ষিক বা এককালীন চাঁদা প্রদান করিবেন, যথা:—

(ক) বাস, ট্রাক, কাভার্ড ভ্যান ও প্রাইম মুভারের এর জন্য বার্ষিক ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা;

(খ) মিনিবাস, মিনি ট্রাক ও পিকআপ এর জন্য বার্ষিক ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা;

(গ) কার, জিপ ও মাইক্রোবাস এর জন্য বার্ষিক ৫০০ (পাঁচশত) টাকা;

(ঘ) থ্রি-হুইলার ও অন্যান্য এর জন্য বার্ষিক ৩০০ (তিনশত) টাকা; এবং

(ঙ) মোটর সাইকেল এর জন্য এককালীন ১০০০ (এক হাজার) টাকা:

তবে শর্ত থাকে যে, সরকারের পূর্বানুমোদনক্রমে ট্রাস্টি বোর্ড প্রয়োজনে সময় সময় এই চাঁদার পরিমাণ হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(২) মোটরযান মালিক মোটরযান রেজিস্ট্রেশনকালে এবং পরবর্তীতে উহার বাৎসরিক ট্যাক্স টোকেন ও অন্যান্য কাগজপত্র নবায়নকালে প্রয়োজনীয় ফি বা কর জমাদানের সময় উপ-বিধি (১) এ উল্লিখিত চাঁদা জমা প্রদান করিবেন এবং চাঁদা জমার বিপরীতে গ্রাহককে জমাকৃত টাকার পরিমাণ উল্লেখ করিয়া গ্রহীতা কর্তৃক জমা রসিদ এবং যেই বাৎসরিক সময়ের জন্য চাঁদা প্রদান করা হইয়াছে সেই মেয়াদ উল্লেখপূর্বক একটি সনদ প্রদান করিতে হইবে।

(৩) মোটর সাইকেল ব্যতীত প্রতিটি মোটরযানের চাঁদা প্রদানের নির্দিষ্ট মেয়াদ অতিক্রান্ত হইলে পরবর্তী প্রতি মাস বা মাসের অংশবিশেষের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা অতিরিক্ত হারে জরিমানা প্রদান করিতে হইবে।

(৪) চাঁদা আদায়কারী প্রতিষ্ঠান আদায়কৃত অর্থ আদায়ের তারিখ হইতে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে ট্রাস্টি বোর্ড আর্থিক সহায়তা তহবিল সংক্রান্ত তফসিলি ব্যাংকের নির্দিষ্ট একাউন্টে জমা প্রদান করিবে।

১৪৪। **ট্রাস্টি বোর্ডের অন্যান্য দায়িত্ব ও কার্যাবলি**।—ট্রাস্টি বোর্ড ধারা ৫৬ এর অধীন প্রদত্ত কার্যাবলির অতিরিক্ত নিম্নরূপ কার্যাবলি সম্পাদন করিবে, যথা:—

(ক) বোর্ড গঠিত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার সভা আহ্বান;

(খ) আর্থিক সহায়তা তহবিলের বাৎসরিক হিসাব পরবর্তী বৎসরের প্রথম ৩ (তিন) মাসের মধ্যে বাৎসরিক সাধারণ সভা (AGM) অনুষ্ঠানের মাধ্যমে প্রকাশ;

(গ) আঘাতপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত ব্যক্তির বা ক্ষেত্রমত মৃত ব্যক্তির উত্তরাধিকারীর ন্যায়-সঙ্গত যে কোনো অভিযোগ, অসন্তুষ্টি অথবা প্রয়োজন মনে করিলে যে কোনো বিষয়ে শুনানির মাধ্যমে তদন্ত করিয়া নিষ্পত্তিকরণ;

(ঘ) সড়ক নিরাপত্তা সংক্রান্ত কার্যকরী গবেষণার ব্যবস্থা গ্রহণ এবং গবেষণালব্ধ তথ্যের প্রায়োগিক দিক নিশ্চিতকরণের মাধ্যমে সড়ক নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন।

১৪৫। **তহবিল পরিচালনা ও হিসাব সংরক্ষণ**।—(১) ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবং বোর্ডের সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে আর্থিক সহায়তা তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

(২) আর্থিক সহায়তা তহবিল পরিচালনার জন্য ট্রাস্টি বোর্ডের একটি আলাদা হিসাব শাখা থাকিতে হইবে।

(৩) তহবিল হইতে একটি অংশ লাভজনক সরকারি খাতে বিনিয়োগ করিতে হইবে এবং বিনিয়োগ হইতে প্রাপ্ত আয় বা লভ্যাংশ উক্ত তহবিলে জমা প্রদান করিতে হইবে।

(৪) ট্রাস্টি বোর্ড সড়ক নিরাপত্তা সংক্রান্ত গবেষণা খাতে ব্যয় করিতে পারিবে এবং গবেষণালব্ধ ফলাফল বা প্রতিবেদন যথাযথভাবে সংরক্ষণ করিবে।

(৫) বোর্ড যথাযথভাবে তহবিলের হিসাব সংরক্ষণ এবং বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(৬) বোর্ড প্রতি বৎসর কোনো অনুমোদিত নিরীক্ষকের মাধ্যমে তহবিলের হিসাব নিরীক্ষা করিবে।

১৪৬। **ট্রাস্টি বোর্ডের সভা**।—(১) প্রতি ৩ (তিন) মাসে অন্তত একবার ট্রাস্টি বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং চেয়ারম্যানের সহিত আলোচনাক্রমে বোর্ডের সচিব প্রতিটি সভার তারিখ, স্থান ও সময় নির্ধারণ করিবেন এবং উক্ত তারিখের অন্তত সাত (৭) দিন পূর্বে প্রত্যেক সদস্যের ঠিকানায় রেজিস্ট্রি ডাকযোগে বা সদস্যগণের নিকট গ্রহণযোগ্য অন্য কোনো উপায়ে সভার নোটিশ প্রেরণ করিতে হইবে, তবে জরুরি সভার ক্ষেত্রে উক্তরূপ নোটিশ সভা অনুষ্ঠানের ৩ (তিন) দিন পূর্বে প্রেরণ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ট্রাস্টি বোর্ডের সদস্যদের কমপক্ষে অর্ধেক সংখ্যক সদস্যের নিকট হইতে লিখিতভাবে অনুরোধ জানানো হইলে সচিব, চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে, অনুরোধ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে বোর্ডের সভা আহ্বান করিবেন।

(৩) চেয়ারম্যান বোর্ডের প্রতিটি সভায় সভাপতিত্ব করিবেন এবং কোনো সভায় চেয়ারম্যান অনুপস্থিত থাকিলে বোর্ডের ১ (এক) নম্বর সদস্য সভায় সভাপতিত্ব করিবেন এবং তিনি উক্ত সভার সিদ্ধান্তসহ কার্যবিবরণী স্বাক্ষর করিবেন।

(৪) চেয়ারম্যানসহ বোর্ডের দুই তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতিতে কোরাম হইবে।

(৫) তহবিল সংক্রান্ত সকল বিষয় বোর্ডে উত্থাপিত হইবে এবং সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গৃহীত হইবে এবং কোনো বিষয়ে সমসংখ্যক ভোট প্রদত্ত হইলে চেয়ারম্যান নির্ণায়ক বা কাস্টিং ভোট প্রদান করিবেন।

(৬) উপস্থিত সদস্যদের নাম উল্লেখসহ প্রত্যেক সভার কার্যবিবরণী সভা অনুষ্ঠানের পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে প্রত্যেক সদস্যকে ও সরকারকে প্রদান করিতে হইবে, যাহা বোর্ডের পরবর্তী সভায় অনুমোদন করিতে হইবে।

১৪৭। **ট্রাস্টি বোর্ডের সদস্য**।—(১) আইনের ধারা ৫৪ এর উপ-ধারা (১) এর দফা (ঝ), (ঞ) ও (ট) এর অধীন সরকার কর্তৃক ট্রাস্টি বোর্ডের মনোনীত সদস্যদের মেয়াদ হইবে সর্বোচ্চ ৩ (তিন) বৎসর।

(২) বোর্ডের দায়িত্ব পালনের জন্য সদস্যগণ কোনো পারিশ্রমিক প্রাপ্য হইবেন না, কিন্তু বোর্ডের সভায় যোগদানের জন্য তাহাদের  সম্মানি ভাতা বোর্ড প্রদান করিবে।

(৩) উপ-বিধি (১) এ বর্ণিত কোনো সদস্য চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন এবং চেয়ারম্যান কর্তৃক উহা গৃহীত হইবার তারিখ হইতে উক্ত পদটি শূন্য বলিয়া গণ্য হইবে।

১৪৮। **ট্রাস্টি বোর্ডের সদস্যপদ অবসান ও শূন্যপদ পূরণ**।—কোনো সরকারি কর্মচারীর চাকরির অবসর বা বদলিজনিত কারণে বা অন্য কোনো কারণে ট্রাস্টি বোর্ডের কোনো সদস্যের পদ শূন্য হইলে উক্ত কর্মচারীর প্রতিনিধিত্ব বিলুপ্ত হইবে এবং এইরূপ ক্ষেত্রে তদস্থলে নিয়োগকৃত কর্মচারী স্বয়ংক্রিয়ভাবে শূন্য পদের বিপরীতে প্রতিনিধি মনোনীত বলিয়া গণ্য হইবেন।

১৪৯। **আর্থিক সহায়তার পরিমাণ নির্ধারণের মানদণ্ড।**—ট্রাস্টি বোর্ড দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত মানদণ্ড অনুসরণ করিয়া আর্থিক সহায়তা প্রদান করিবে, যথা:—

(ক) দুর্ঘটনায় নিহত বা আঘাতপ্রাপ্ত হইয়া মৃত্যুবরণ করিলে আর্থিক সহায়তার পরিমাণ হইবে এককালিন অন্যূন ৫ (পাঁচ) লক্ষ টাকা;

(খ) দুর্ঘটনা কবলিত ব্যক্তির গুরুত্বপূর্ণ অঙ্গহানি হইলে আর্থিক সহায়তার পরিমাণ হইবে অন্যূন ৩ (তিন) লক্ষ টাকা;

(গ) গুরুতর আহত এবং চিকিৎসার মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরিয়া আসিবার সম্ভাবনা না থাকিলে আর্থিক সহায়তার পরিমাণ হইবে অন্যূন ৩ (তিন) লক্ষ টাকা;

(ঘ) গুরুতর আহত কিন্তু চিকিৎসার মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরিয়া আসিবার সম্ভাবনা থাকিলে আর্থিক সহায়তার পরিমাণ হইবে অন্যূন ১ (এক) লক্ষ টাকা;

(ঙ) সরকারের পূর্বানুমোদনক্রমে ট্রাস্টি বোর্ড প্রয়োজনে সময় সময় এই বিধিতে উল্লিখিত আর্থিক সহায়তার পরিমাণ হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

১৫০। **আর্থিক সহায়তা প্রদান পদ্ধতি, অনুসন্ধান, আবেদন মঞ্জুর ও প্রদানের সময়সীমা।**—(১) আর্থিক সহায়তা পাইবার নিমিত্ত ফরম-৩২ অনুযায়ী দুর্ঘটনা সংঘটনের অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড বরাবর আবেদন করিতে হইবে।

(২) আবেদন দাখিল করিবার তারিখ হইতে অনধিক ১০ (দশ) দিনের মধ্যে বোর্ডের চেয়ারম্যান অনুসন্ধান কমিটি গঠন করিবে এবং উক্ত কমিটি অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীর ক্ষয়-ক্ষতির পরিমাণ নির্ধারণের নিমিত্ত অনুসন্ধান করিয়া প্রতিবেদন বোর্ডের নিকট দাখিল করিবে।

(৩) প্রতিবেদন দাখিলের অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ট্রাস্টি বোর্ড আবেদন মঞ্জুরপূর্বক আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) আর্থিক সহায়তার টাকা আবেদনকারীর ব্যাংক হিসাবে, 'প্রাপকের হিসাবে প্রদেয়', চেক এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

১৫১। **মোটরযানের বীমা।**—বীমার শর্ত, বীমার দায়-দায়িত্বের সীমা, বীমার দেউলিয়াত্ব, বীমার দাবি পরিশোধ, বিরোধ নিষ্পত্তি, বীমা সনদের কার্যকারিতা ও উহা হস্তান্তর এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয়ের ক্ষেত্রে বীমা সংক্রান্ত প্রচলিত আইন, বিধিমালা, প্রবিধানমালা ও নীতিমালা প্রযোজ্য হইবে।

১৫২। **পুনর্বিবেচনা ও আপিল।**—(১) আইনের নবম অধ্যায়ের অধীন ট্রাস্টি বোর্ডের কোনো সিদ্ধান্ত দ্বারা কেউ সংক্ষুব্ধ হইলে, তিনি সিদ্ধান্ত প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ট্রাস্টি বোর্ডের নিকট উক্ত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য ফরম-৩৩ অনুযায়ী আবেদন করিতে পারিবেন।

(২) ট্রাস্টি বোর্ড শুনানি গ্রহণের জন্য আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে নোটিশ প্রদান করিবে।

(৩) ট্রাস্টি বোর্ড শুনানিঅন্তে বিস্তারিত তদন্তের প্রয়োজন হইলে তদন্তপূর্বক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পুনর্বিবেচনার আবেদনটি নিষ্পত্তি করিবেন এবং আবেদনকারীকে অবহিত করিবে।

(৪) কোনো ব্যক্তি উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত পুনর্বিবেচনার সিদ্ধান্ত দ্বারা সন্তুষ্ট না হইলে, তিনি সিদ্ধান্ত প্রাপ্তির পর অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ বরাবর ফরম-৩৪ অনুযায়ী আপিল করিবেন।

(৫) সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে শুনানির জন্য নোটিশ প্রদান করিবেন।

(৬) শুনানিঅন্তে বিস্তারিত তদন্তের প্রয়োজন হইলে তদন্তপূর্বক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল আবেদনটি নিষ্পত্তি করিবেন এবং আবেদনকারীকে অবহিত করিবেন।

(৭) কোনো ব্যক্তি উপ-বিধি (৬) এর অধীন প্রদত্ত আপিল সিদ্ধান্ত দ্বারা সন্তুষ্ট না হইলে তিনি সিদ্ধান্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সালিস নিষ্পত্তিকারীর নিকট আবেদন করিবেন।

১৫৩। **সালিস।**—(১) কর্তৃপক্ষ সালিস নিষ্পত্তিকারী নির্বাচনের জন্য একটি সার্চ কমিটি গঠন করিবে এবং উক্ত কমিটি ৩ (তিন) জনের একটি প্যানেলের সুপারিশ করিবে এবং কর্তৃপক্ষ উপযুক্ততা বিবেচনা করিয়া প্যানেল হইতে (এক) জনকে সালিস নিষ্পত্তিকারী নিয়োগ করিবে, যাহার মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর এবং কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সালিস আবেদনের সংখ্যা বিবেচনায় একাধিক সালিস নিষ্পত্তিকারী নিয়োগ করিতে পারিবে।

(২) অবসরপ্রাপ্ত সচিব, অবসরপ্রাপ্ত জেলা জজ বা সমমর্যাদাসম্পন্ন কোনো ব্যক্তিকে সালিসকারী হিসাবে প্যানেলভুক্ত করা যাইবে:

তবে শর্ত থাকে যে, সালিস নিষ্পত্তিকারীর প্যানেলভুক্তির সময় সর্বোচ্চ বয়স হইবে ৬৫ (পঁয়ষট্টি) বৎসর।

(৩) সালিসের জন্য আবেদন এবং উহা নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) কোনো সংক্ষুব্ধ ব্যক্তি বিধি ১৫২ তে বর্ণিত পুনর্বিবেচনা বা আপিলের সিদ্ধান্ত দ্বারা সন্তুষ্ট না হইলে ফরম-৩৫ অনুযায়ী সালিস নিষ্পত্তিকারীর নিকট ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদন করিতে পারিবেন;

(খ) সালিস নিষ্পত্তিকারী আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে অপর পক্ষকে আবেদনের বিষয়ে নোটিশ প্রেরণ করিবেন; এবং

(গ) সালিস নিষ্পত্তিকারী আবেদন প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে সালিসের আবেদন নিষ্পত্তি করিবেন এবং এতদসংক্রান্ত রোয়েদাদ (award) জারি করিবেন।

(৪) সালিস নিষ্পত্তিকারী প্রতিটি সালিস আবেদন নিষ্পত্তির ভিত্তিতে ট্রাস্টি বোর্ড আর্থিক সহায়তা তহবিল হইতে ১০,০০০ (দশ হাজার) টাকা হিসাবে সম্মানি প্রাপ্য হইবেন।

(৫) সালিস নিষ্পত্তিকারীর কর্তৃত্বের অবসান হইবে যদি তিনি স্বীয় পদ হইতে নিজেকে প্রত্যাহার করিয়া নেন বা যদি তিনি মৃত্যুবরণ করেন।

## নবম অধ্যায়

## মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল, ইন্সট্রাক্টর লাইসেন্স, মোটরযান মেরামত কারখানা, ইত্যাদি

১৫৪। **মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ** স্কুল।—(১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল প্রতিষ্ঠা বা পরিচালনার নিমিত্ত লাইসেন্সের জন্য ফরম-৩৬ অনুযায়ী উপ-বিধি (২) এ উল্লিখিত কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে।

(২) মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হইবে কর্তৃপক্ষের সংশ্লিষ্ট অধিক্ষেত্রের পরিচালক।

(৩) উপ-বিধি (১) উল্লিখিত লাইসেন্স সংক্রান্ত আবেদন পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে মূল্যায়ন কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট অধিক্ষেত্রের পরিচালক, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) পুলিশ কমিশনার বা রেঞ্জ ডিআইজি কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি;

(গ) জেলা প্রশাসকের কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি;

(ঘ) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো বা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি;

(ঙ) সংশ্লিষ্ট এলাকার পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ কর্তৃক মনোনীত ১ (এক) জন অটোমোবাইল ইনস্ট্রাক্টর; এবং

(চ) সভাপতি কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের উপ-পরিচালক বা সহকারী পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন গঠিত মূল্যায়ন কমিটি মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুলের লাইসেন্সের আবেদন পরীক্ষা-নিরীক্ষাকালে নিম্নবর্ণিত বিষয়ে নিশ্চিত হইবেন, যথা:—

(ক) নিয়োগকৃত ইনস্ট্রাক্টরের সংশ্লিষ্ট শ্রেণির ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স রহিয়াছে;

(খ) ড্রাইভিং স্কুলের নকশা এবং জায়গার পরিমাণসহ উহার মালিকানা বা ভাড়ার চুক্তিপত্র দাখিল করিয়াছে;

(গ) ট্রেড লাইসেন্স, লিমিটেড কোম্পানি হইলে রেজিস্ট্রেশন সনদের কপি, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন, ইত্যাদি দাখিল করিয়াছে;

(ঘ) মালিক, ইনস্ট্রাক্টর ও নিয়োগকৃত কর্মচারীদের জাতীয় পরিচয়পত্রসহ জীবন বৃত্তান্ত ও চারিত্রিক সনদ ও শিক্ষাগত যোগ্যতার সনদ দাখিল করিয়াছে;

(ঙ) ইনস্ট্রাক্টর ও নিয়োগকৃত কর্মচারীদের নিয়োগপত্রের কপি রহিয়াছে;

(চ) ডুয়েল ব্রেক সম্বলিত সংশ্লিষ্ট শ্রেণির প্রশিক্ষণ মোটরযান রহিয়াছে (এইক্ষেত্রে রেজিস্ট্রেশন সনদ, ফিটনেস সনদ ও ট্র্যাক্স টোকেনের কপিসহ প্রশিক্ষণ মোটরযানের বিভিন্ন ভিউ সংবলিত ছবি সংযুক্ত করিতে হইবে);

(ছ) স্কুলে রক্ষিত মোটরযানের বিভিন্ন ধরনের যন্ত্রাংশের বিবরণ ও আসবাবপত্রের তালিকা প্রদান করিয়াছে;

(জ) মোটরযান ড্রাইভিং স্কুলের মালিকের প্রাক-পরিচিতি সংক্রান্ত পুলিশ প্রতিবেদন রহিয়াছে;

(ঝ) প্রশিক্ষণ প্রদানের সিলেবাস, প্রশিক্ষণ পদ্ধতি, প্রশিক্ষণ ফি, ইত্যাদির বিবরণ রহিয়াছে;

(ঞ) ড্রাইভিং প্রশিক্ষণ ম্যানুয়াল রহিয়াছে;

(ট) ইন হাউস প্রশিক্ষণ ও আউট ডোর প্রশিক্ষণ (ব্যবহারিক) এর ব্যবস্থাপনার বিবরণ রহিয়াছে;

(ঠ) স্কুলের আঙ্গিনায় অন্ততপক্ষে ২ (দুই) টি প্রশিক্ষণ মোটরযান রাখিবার স্থান রহিয়াছে;

(ড) মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল প্রতিষ্ঠার বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কমিশনার, পৌরসভার ক্ষেত্রে মেয়র ও ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে চেয়ারম্যান) এর অনাপত্তিপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিয়াছে;

(ঢ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতা সম্পর্কিত সনদ দাখিল করিয়াছে;

(ণ) প্রশিক্ষণার্থীদের জন্য আবাসন ব্যবস্থা থাকিলে তাহার বিবরণ দাখিল করা হইয়াছে; এবং

(ত) প্রশিক্ষণ সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষণ ব্যবস্থার বিবরণ রহিয়াছে।

(৫) উপ-বিধি (৪) এ বর্ণিত ও দাখিলকৃত দলিলাদি, সরেজমিন পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা এবং মালিক ও নিয়োগকৃত ইনস্ট্রাক্টরের সাক্ষাতকার গ্রহণ করিয়া মূল্যায়ন কমিটি ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্স প্রদানের বিষয়ে সুপারিশ বা বাতিলের বিষয়ে মতামত প্রদান করিবে।

(৬) সংশ্লিষ্ট পরিচালক মূল্যায়ন কমিটির সুপারিশ বা বাতিলের বিষয়টি আবেদনকারীকে ৭ (সাত) দিনের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন।

(৭) মূল্যায়ন কমিটি কর্তৃক লাইসেন্স প্রদানের সুপারিশ করা হইলে সংশ্লিষ্ট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ তফসিল-১ এ বর্ণিত ফি গ্রহণপূর্বক ৭ (সাত) দিনের মধ্যে ফরম-৩৭ অনুযায়ী লাইসেন্স সনদ প্রদান করিবে।

(৮) মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল লাইসেন্সের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর এবং ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হইবার পর প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর অন্তর উপ-বিধি (৪) এ বর্ণিত দলিলাদি দাখিল সাপেক্ষে তফসিল-১ এ বর্ণিত ফি প্রদানপূর্বক লাইসেন্সের মেয়াদ নবায়ন করিতে হইবে।

(৯) মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুলের স্থানের ঠিকানা পরিবর্তন করা হইলে এইরূপ পরিবর্তনের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত পরিবর্তন সম্পর্কে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে এবং উহার একটি অনুলিপি কর্তৃপক্ষের স্থানীয় কার্যালয়ের সহকারী পরিচালক বা মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে।

(১০) কর্তৃপক্ষের পরিচালক অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী বা জেলা প্রশাসক বা পুলিশ সুপার বা সংশ্লিষ্ট এলাকার উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) বা মোটরযান পরিদর্শক যে কোনো সময় মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল পরিদর্শন করিতে পারিবেন।

(১১) পরিদর্শনের সময় লাইসেন্স গ্রহণকালে দাখিলকৃত দলিলাদি এবং অন্যান্য শর্তাদি প্রতিপালন বিষয়ে পরিদর্শক কর্তৃক কোনোরূপ ব্যত্যয় বা অসঙ্গতি পরিলক্ষিত হইলে লাইসেন্স বাতিল বা স্থগিতের সুপারিশ করিতে পারিবেন।

(১২) লাইসেন্সপ্রাপ্ত মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করিয়া কার্যক্রম পরিচালনা করিবে, যথা:—

(ক) যে সকল দলিলাদির ভিত্তিতে মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুলের লাইসেন্স প্রদান করা হইয়াছে উক্ত দলিলাদিতে বর্ণিত শর্তাদি অনুসরণ করিতে হইবে;

(খ) মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুলের কোনো শাখা স্থাপন করা যাইবে না;

(গ) কোর্স ও আবাসন ফি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করাইয়া লইতে হইবে; এবং

(ঘ) মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ স্কুলের কার্যক্রম পরিচালনাকালে সংশ্লিষ্ট এলাকায় জনদুর্ভোগ ও গণ উপদ্রব সৃষ্টি করা যাইবে না।

(১৩) লাইসেন্স প্রদান করিতে অস্বীকার করিবার বা লাইসেন্স বাতিল বা স্থগিত করিবার আদেশ দ্বারা সংক্ষুব্ধ যে কোনো ব্যক্তি উক্ত আদেশ সম্পর্কে অবহিত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষের চেয়ারম্যানের নিকট আপিল করিতে পারিবেন।

(১৪) কর্তৃপক্ষের চেয়ারম্যান আবেদন ও সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটির কার্যক্রমসহ প্রাসঙ্গিক কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষা করিয়া আবেদনটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করিবেন।

১৫৫। **মোটরযান ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স।**—(১) কোনো ব্যক্তি মোটরযান ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্সের অধিকারী না হইলে উক্ত ব্যক্তি ভাড়ায় বা পুরস্কারের বিনিময়ে মোটরযান চালাইবার ক্ষেত্রে বা মোটরযান চালনায় অভিজ্ঞতা অর্জনের উদ্দেশ্যে প্রশিক্ষণ প্রদানের পেশায় নিয়োজিত হইতে পারিবেন না বা তাহাকে কেহ এইরূপ দায়িত্ব পালনের জন্য নিয়োগ করিতে পারিবেন না।

(২) কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক মনোনীত ১ (এক) জন পরিচালক ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষ হইবেন।

(৩) ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্সের জন্য ফরম-৩৮ অনুযায়ী এবং তফসিল-১ এ বর্ণিত ফি পরিশোধপূর্বক ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করিতে হইবে।

(৪) ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হইবেন যে—

(ক) মধ্যম ও ভারী মোটরযান চালাইবার প্রশিক্ষণ প্রদানের জন্য—

(অ) আবেদনকারীর পেশাদার ভারী ড্রাইভিং লাইসেন্স রহিয়াছে;

(আ) আবেদনকারীর ভারী মোটরযান চালনায় অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা রহিয়াছে;

(ই) আবেদনকারীর ধারাবাহিকভাবে মোটরযান চালাইবার প্রমাণপত্র রহিয়াছে;

(ঈ) আবেদনকারীর বয়স অন্যূন ২৭ (সাতাশ) বৎসর;

(উ) আবেদনকারী কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;

(খ) হালকা মোটরযান চালাইবার প্রশিক্ষণ প্রদানের জন্য—

(অ) আবেদনকারীর পেশাদার হালকা ড্রাইভিং লাইসেন্স রহিয়াছে;

(আ) আবেদনকারীর হালকা মোটরযান চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা রহিয়াছে;

(ই) আবেদনকারীর ধারাবাহিকভাবে মোটরযান চালাইবার প্রমাণপত্র রহিয়াছে;

(ঈ) আবেদনকারীর বয়স অন্যূন ২৪ (চব্বিশ) বৎসর; এবং

(উ) আবেদনকারী কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

(৫) উপ-বিধি (৪) এর এ বর্ণিত বিষয়ে সন্তুষ্ট হইলে আবেদনকারীকে নিম্নবর্ণিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করিতে হইবে, যথা:—

(ক) উন্নত মানসম্পন্ন ড্রাইভিং;

(খ) মৌলিক পদার্থ বিদ্যা যেমন-শক্তি, গতি ও বেগ, ভর ও জড়তা, মাধ্যাকর্ষণ টান, ভরকেন্দ্র, স্থিতি, সড়ক প্রকৃতি, ঘর্ষণ, বাঁক নেওয়া সংক্রান্ত শক্তি, ত্বরণ, মন্দন, ওভারটেকিং, ব্রেকিং এবং ব্রেকিং দূরত্ব, ইত্যাদি;

(গ) অটোমোবাইল সম্পর্কিত কারিগরি জ্ঞান (ইঞ্জিন, জ্বালানি ব্যবস্থা, ইগনিশন পদ্ধতি, কুলিং সিস্টেম, লুব্রিকেশন ব্যবস্থা, ক্লাচ, গিয়ার বক্স, ট্রান্সমিশন ডিফারেন্সিয়াল চাকা ও টায়ার, ব্রেক ও ব্রেকিং পদ্ধতি, স্টিয়ারিং, সাসপেনশন এবং স্প্রিং, বৈদ্যুতিক সরঞ্জামাদি, আলোর ব্যবস্থা এবং বডি ওয়ার্ক);

(ঘ) মোটরযান সংক্রান্ত শিক্ষণীয় পদ্ধতি (চালকের আসনে বসা, ইঞ্জিন চালু ও বন্ধকরণ, অগ্রসর হওয়া, সোজা সামনে চালানো, গিয়ার পরিবর্তন, থামা, মোটরযান স্টিয়ারিংকরণ, ক্লাচ পরিচালনা, সমতল স্থানে মোড় নেওয়া এবং পিছনে আসা, উঁচু-নিচু রাস্তায় মোটরযান চালানো, স্বাভাবিক অবস্থায় এবং অন্য মোটরযানের মধ্যবর্তী স্থানে পার্কিং, সংরক্ষিত এলাকায় মোটরযান চালানো, রাত্রিকালে এবং সড়কে মোটরযান চালানো); এবং

(ঙ) মোটরযান চালাইবার নিয়ম এবং ট্রাফিক সাইন (মোটরযান চালাইবার নিয়ম, ট্রাফিক সাইন ও সিগন্যালের বর্ণনা, ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন সংক্রান্ত পদ্ধতি, চালকের কর্মঘণ্টা সংক্রান্ত বিধি-নিষেধ, দুর্ঘটনায় করণীয় ও প্রাথমিক চিকিৎসা সংক্রান্ত ধারণা, বীমা, মোটরযান চালকের দায়িত্ব-কর্তব্য, আন্তর্জাতিক ট্রাফিক এবং মোটরযান চালাইবার সহিত সম্পর্কিত অন্যান্য বিষয়াদি)।

(৬) মূল্যায়ন কমিটি ইনস্ট্রাক্টর পদে আবেদনকারীদের যোগ্যতা যাচাইয়ের জন্য উপ-বিধি (৫) এ বর্ণিত বিষয়ের উপর পরীক্ষা গ্রহণ করিয়া উত্তীর্ণ প্রার্থীদের তালিকা সুপারিশসহ সংশ্লিষ্ট ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

(৭) কৃতকার্য আবেদনকারীকে ফরম-৩৯ অনুযায়ী ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স ইস্যু করিতে হইবে এবং উক্ত লাইসেন্সটির মেয়াদ হইবে ১০ (দশ) বৎসর এবং মেয়াদ পূর্ণ হইলে মেয়াদ বৃদ্ধির জন্য তফসিল-১ এ বর্ণিত ফি প্রদান সাপেক্ষে মেয়াদ নবায়ন করিতে হইবে।

(৮) উপ-বিধি (৭) এ বর্ণিত নবায়নের মেয়াদ হইবে ৫ (পাঁচ) এবং প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর উক্ত মেয়াদ নবায়ন করিতে হইবে।

১৫৬। **মোটরযান মেরামত কারখানার লাইসেন্স।**—(১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উপ-বিধি (২) এ বর্ণিত কর্তৃপক্ষের নিকট হইতে লাইসেন্স গ্রহণ ব্যতীত মোটরযান মেরামত কারখানা স্থাপন ও পরিচালনা করিতে পারিবে না।

(২) মোটরযান মেরামত কারখানার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হইবে সংশ্লিষ্ট এলাকার মোটরযান রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মচারী।

(৩) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ নিম্নবর্ণিত শ্রেণির মোটরযান মেরামত কারখানার লাইসেন্স মঞ্জুর করিতে পারিবে, যথা:—

(ক) মোটর সাইকেল ও থ্রি হুইলার মোটরযান;

(খ) হালকা মোটরযান;

(গ) মধ্যম ও ভারী মোটরযান; এবং

(ঘ) অন্য কোনো যানবাহন।

(৪) মোটরযান মেরামত কারখানার লাইসেন্স প্রদানের পূর্বে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে গঠিত নির্বাচন বোর্ডের সুপারিশ গ্রহণ করিতে হইবে, যথা:—

(ক) কর্তৃপক্ষের সংশ্লিষ্ট অধিক্ষেত্রের বিভাগীয় পরিচালক বা উপ-পরিচালক, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) যে জেলায় মেরামত কারখানা প্রতিষ্ঠিত হইবে উক্ত জেলার জেলা প্রশাসকের প্রতিনিধি;

(গ) যে জেলায় মেরামত কারখানা প্রতিষ্ঠিত হইবে উক্ত জেলার পুলিশ সুপার বা মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে পুলিশ কমিশনারের প্রতিনিধি;

(ঘ) শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের প্রতিনিধি; এবং

(ঙ) কর্তৃপক্ষের সহকারী পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(৫) লাইসেন্সের জন্য সুপারিশ করিবার পূর্বে নির্বাচন বোর্ড নিম্নবর্ণিত বিষয়ে নিশ্চিত হইবে, যথা:—

(ক) মোটরযান মেরামত কার্যে নিযুক্ত ব্যক্তিগণের (অটোমোবাইল) মোটরযানের উপর প্রাসঙ্গিক কারিগরি জ্ঞান রহিয়াছে;

(খ) মোটরযান মেরামত এবং রক্ষণাবেক্ষণের জন্য কারখানায় প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সাজসরঞ্জামের ব্যবস্থা রহিয়াছে;

(গ) কারখানায় অন্ততপক্ষে ৫ (পাঁচ) টি মোটরযান রাখিবার স্থান রহিয়াছে;

(ঘ) মালিক বা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স রহিয়াছে;

(ঙ) টিআইএন (Tax Identification Number) সার্টিফিকেট ও হালনাগাদ আয়কর পরিশোধ সনদ রহিয়াছে;

(চ) স্থানীয় কাউন্সিলর বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সুপারিশ রহিয়াছে; এবং

(ছ) আর্থিক সচ্ছলতার সনদ রহিয়াছে।

(৬) বোর্ড কর্তৃক কোনো আবেদন বাতিল হইলে মোটরযান মেরামত কারখানার লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লিখিতভাবে বাতিলের কারণ সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক আবেদনকারীকে অবহিত করিবে।

(৭) রেজিস্ট্রেশনের শর্ত ভঙ্গ করিলে কর্তৃপক্ষ মোটরযান মেরামত কারখানার লাইসেন্স বাতিল করিতে পারিবে এবং সময় সময় আদেশ জারির মাধ্যমে মোটরযান মেরামত কারখানার শ্রেণিবিভাগ পুনঃনির্ধারণ করিতে পারিবে।

(৮) কোনো মোটরযান মেরামত কারখানার ঠিকানা পরিবর্তিত হইলে ১৫ (পনেরো) দিনের মধ্যে লিখিতভাবে পরিবর্তিত ঠিকানা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

(৯) প্রত্যেক মোটরযান মেরামত কারখানার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রযোজ্য ক্ষেত্রে ইহার মালিকানা, লিজ বা ভাড়া ইত্যাদির দলিল, সাজসরঞ্জাম এবং যন্ত্রপাতি কর্তৃপক্ষের চেয়ারম্যান বা তাহার পক্ষ হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মচারী কর্তৃক পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখিবেন।

(১০) কর্তৃপক্ষের পরিচালক বা মনোনীত যে কোনো কর্মচারী বৎসরে অন্যূন একবার মোটরযান মেরামত কারখানা পরিদর্শন করিয়া চেয়ারম্যান বরাবর প্রতিবেদন দাখিল করিবেন।

(১১) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স বাতিলের আদেশ দ্বারা সংক্ষুব্ধ আবেদনকারী উক্ত আদেশদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর আপিল করিতে পারিবে এবং এইক্ষেত্রে চেয়ারম্যানের আদেশই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৫৭। **মোটরযান মেরামত কারখানার লাইসেন্স প্রদান পদ্ধতি।**—(১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যেই শ্রেণির মোটরযান মেরামত কারখানা প্রতিষ্ঠা করিবে উক্ত শ্রেণি উল্লেখ করিয়া সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় সকল কাগজাদি ও তথ্যাদিসহ ফরম-৪০ অনুযায়ী অথবা ইলেকট্রনিক পদ্ধতিতে আবেদন দাখিল করিবে।

(২) আবেদনপ্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ১ (এক) জন মোটরযান পরিদর্শককে প্রস্তাবিত মেরামত কারখানা পরিদর্শনের দায়িত্ব প্রদান করিবেন।

(৩) দায়িত্বপ্রাপ্ত মোটরযান পরিদর্শক সরেজমিনে মোটরযান মেরামত কারখানা পরিদর্শন করিবেন এবং শর্তাদি প্রতিপালনের বিষয়ে নিশ্চিত হইয়া সুস্পষ্ট মন্তব্যসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

(৪) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদনসহ আবেদনপত্রটি নির্বাচন বোর্ডের নিকট সুপারিশ গ্রহণের নিমিত্ত প্রেরণ করিবে।

(৫) আবেদনপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ড সভা আহ্বানপূর্বক আবেদনের বিষয়ে মতামত প্রদান করিয়া লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর ফেরত প্রদান করিবে।

(৬) নির্বাচন বোর্ডের সুপারিশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনকারীকে বিষয়টি অবহিত করিবে এবং সুপারিশকৃত আবেদনের জন্য নির্ধারিত ফি জমাদানের আহ্বান জানাইবে।

(৭) লাইসেন্স প্রদানের জন্য সুপারিশপ্রাপ্ত আবেদনকারী তফসিল-১ এ বর্ণিত ফি পরিশোধ করিয়া লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ফি পরিশোধের রসিদ জমা প্রদান করিবেন।

(৮) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ফি পরিশোধের রসিদ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে ফরম-৪১ অনুযায়ী মোটরযান মেরামত কারখানার লাইসেন্স প্রদান করিবে।

(৯) এই বিধির অধীন প্রাপ্ত মোটরযান মেরামত কারখানার লাইসেন্সের মেয়াদ হইবে সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর এবং লাইসেন্সের শর্ত ভঙ্গ হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যে কোনো সময় উক্ত লাইসেন্স বাতিল করিতে পারিবে।

১৫৮। **লাইসেন্সে বর্ণিত মোটরযানের শ্রেণি সংযোজন, সংশোধন বা পরিবর্তন।**—(১) কোনো ব্যক্তি বা মোটরযান মেরামত কারখানার স্বত্বাধিকারী প্রতিষ্ঠান মোটরযান মেরামত কারখানায় ভিন্ন কোনো মোটরযানের শ্রেণি সংযোজন, সংশোধন বা পরিবর্তনের ক্ষেত্রে কারণ উল্লেখ করিয়া লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে পারিবেন।

(২) মোটরযান মেরামত কারখানার লাইসেন্সে মোটরযানের অন্যান্য শ্রেণি সংযোজন, সংশোধন বা পরিবর্তনের ক্ষেত্রে বিধি ১৫৭ এ বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

(৩) মোটরযান মেরামত কারখানার লাইসেন্সে মোটরযানের অন্যান্য শ্রেণি সংযোজন, সংশোধন বা পরিবর্তনের ক্ষেত্রে ফি হইবে লাইসেন্স প্রদানের জন্য প্রযোজ্য ফি এর অর্ধেক।

(৪) ভারী মোটরযান মেরামত কারখানার লাইসেন্সধারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের মধ্যম মোটরযান ও হালকা মোটরযানের জন্য পৃথক লাইসেন্স গ্রহণের প্রয়োজন হইবে না।

১৫৯। **মোটরযান মেরামত কারখানার লাইসেন্স নবায়ন।**—(১) মোটরযান মেরামত কারখানার লাইসেন্স নবায়নের জন্য মেয়াদোত্তীর্ণের কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লাইসেন্সের মূলকপি ও তফসিল-১ এ বর্ণিত ফি প্রদানের জমা রসিদসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে।

(২) মোটরযান মেরামত কারখানার লাইসেন্স নবায়নের পূর্বে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বিধি ১৫৬ (৪) এর শর্তসমূহ প্রতিপালনের বিষয়ে নিশ্চিত হইবে।

(৩) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ মোটরযান মেরামত কারখানার লাইসেন্সটি মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে ৫ (পাঁচ) বৎসরের জন্য নবায়ন করিবে।

(৪) মোটরযান মেরামত কারখানার লাইসেন্স নবায়নের আবেদনপত্রটি সনদপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে অবশ্যই রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর দাখিল করিতে হইবে।

(৫) নবায়নের পূর্বেই সনদপত্রের মেয়াদ উত্তীর্ণ হইলে প্রত্যেক দিনের জন্য অতিরিক্ত ২০ (বিশ) টাকা হারে জরিমানা আদায়যোগ্য হইবে।

## দশম অধ্যায়

## পুনর্বিবেচনা ও আপিল পদ্ধতি

১৬০। **পুনর্বিবেচনা ও আপিল।**—(১) কোনো ব্যক্তি আইনের নবম অধ্যায় ব্যতীত আইনের অধীন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কোনো আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট ফরম-৪২ অনুযায়ী উক্ত আদেশ পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন।

(২) কর্তৃপক্ষ পুনর্বিবেচনার জন্য আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে শুনানির জন্য নোটিশ প্রদান করিবে।

(৩) শুনানি গ্রহণ শেষে বিস্তারিত অনুসন্ধানের প্রয়োজন হইলে অনুসন্ধানপূর্বক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পুনর্বিবেচনার আবেদনটি নিষ্পত্তি করিবে এবং আবেদনকারীকে অবহিত করিবে।

(৪) কোনো ব্যক্তি উপ-বিধি (৩) এর অধীন পুনর্বিবেচনার সিদ্ধান্ত দ্বারা সংক্ষুব্ধ হইলে তিনি সিদ্ধান্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ বরাবর ফরম-৪৩ অনুযায়ী উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করিবেন।

(৫) সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে শুনানির জন্য নোটিশ প্রদান করিবেন এবং শুনানি শেষে অনুসন্ধানের প্রয়োজন হইলে অনুসন্ধানপূর্বক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল আবেদনটি নিষ্পত্তি করিবেন এবং আবেদনকারীকে অবহিত করিবেন।

## একাদশ অধ্যায়

### জরিমানা আরোপ ও আদায় পদ্ধতি

১৬১। **অপরাধের বিচারের জন্য বিশেষ পদ্ধতি**।—কোনো ব্যক্তি ধারা ১০৮ এ বর্ণিত ধারাসমূহের অধীন কোনো অপরাধ সংগঠন করিলে উক্ত ধারার অধীন ক্ষমতাপ্রাপ্ত পুলিশ অফিসার বা কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী বিবেচ্য অভিযোগটি ফরম-৪৪ এর মাধ্যমে উপস্থাপন করিবেন এবং অভিযুক্ত ব্যক্তিকে যুক্তিসঙ্গত পরিমাণ জরিমানা আরোপ করিতে পারিবেন।

১৬২। **জরিমানা আদায় পদ্ধতি**।—জরিমানা আরোপকারী কর্মচারী (সাব-ইন্সপেক্টর বা সার্জেন্ট পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো পুলিশ অফিসার) ইলেকট্রনিক্যালি বা ম্যানুয়ালি বা উভয় পদ্ধতিতে জরিমানা আরোপ করিতে পারিবেন এবং অভিযুক্তের নিকট হইতে ঘটনাস্থলে আদায়কৃত জরিমানা আদায়কারী কর্মচারী সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালানের মাধ্যমে সেই দিন বা পরবর্তী কার্যদিবসের মধ্যে জমা প্রদান করিবেন।

১৬৩। **মোটরযান আটক ও বিলি-বন্দেজ**।—(১) Code of Criminal Procedure, 1898 এর section 523 এ যাহা কিছুই থাকুক না কেন, মোটরযান আটক ও বিলি-বন্দেজের ক্ষেত্রে এই বিধির বিধানাবলি প্রযোজ্য হইবে।

(২) মোবাইল কোর্ট ব্যতীত পুলিশ কর্তৃক আটককৃত মোটরযানের জব্দ তালিকা ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে এখতিয়ারাধীন আদালতে দাখিল করিতে হইবে।

(৩) রাস্তায় কোনো মোটরযানের দুর্ঘটনা ঘটিলে, বিকল হইলে বা অন্য কোনো কারণে ডাম্পিং ইয়ার্ডে প্রেরণের প্রয়োজন হইলে—

(ক) এতদসংক্রান্ত খরচ মোটরযানের মালিক কর্তৃক প্রদেয় হইবে এবং তাহা সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা করিতে হইবে; এবং

(খ) প্রয়োজনীয় খরচের জন্য সংশ্লিষ্ট সংস্থার বাজেট কোডে প্রয়োজনীয় বরাদ্দ রাখিতে হইবে।

(৪) নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক ডাম্পিং ইয়ার্ডে মোটরযান প্রেরণের ২ (দুই) মাস অতিক্রান্তের পর ধারা ৬৫ এ বর্ণিত ডাম্পিং ইয়ার্ড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট মোটরযান মালিককে নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক নোটিশ প্রদান করিবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে মোটরযান মালিক উপস্থিত না হইলে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে এবং উল্লিখিত কার্যক্রমের পরও মোটরযান মালিক উপস্থিত না হইলে ইহা রাষ্ট্রীয় সম্পদ হিসাবে বিবেচিত হইবে।

(৫) আদালতের অনুমতি গ্রহণ করিয়া এবং সংশ্লিষ্ট ডাম্পিং ইয়ার্ডের দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষ বা সংস্থা মোটরযানটি কোনো সরকারি সংস্থা বা সেবামূলক প্রতিষ্ঠানকে প্রদান করিতে বা নিলামে বিক্রয় করিতে পারিবে।

(৬) ডাম্পিংকৃত মোটরযানটি কর্তৃপক্ষের মোটরযান পরিদর্শক কর্তৃক সরেজমিনে পরিদর্শন করিতে হইবে।

(৭) মোটরযান পরিদর্শক কর্তৃক মোটরযানটি সচল বা অকেজো কিনা তাহা সুস্পষ্টভাবে উল্লেখ করিয়া সংরক্ষিত মূল্য নির্ধারণ করিতে হইবে।

(৮) মোটরযানটি সচল থাকিলে সংশ্লিষ্ট ডাম্পিং ইয়ার্ডের দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষ বা সংস্থা চাহিদার ভিত্তিতে কোনো সরকারি সংস্থা বা সেবামূলক প্রতিষ্ঠানকে প্রদান করিতে পারিবে বা নিলামের মাধ্যমে বিক্রয় করিতে পারিবে।

(৯) মোটরযানটি অকেজো হইলে শুধু নিলামে বিক্রয় করা যাইবে এবং নিলাম আদেশে মোটরযানটি রেজিস্ট্রেশনযোগ্য নহে উল্লেখ করিতে হইবে।

১৬৪। **পরিদর্শনের এখতিয়ার।**—(১) নির্বাহী ম্যাজিস্ট্রেট বা কর্তৃপক্ষের মোটরযান পরিদর্শক বা তদূর্ধ্ব কোনো কর্মকর্তা বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা কোনো প্রকার অগ্রিম নোটিশ ব্যতিরেকে যেকোনো মোটরযান বা পরিচালনাকারী প্রতিষ্ঠান বা এতদ্‌সংশ্লিষ্ট স্থাপনা পরিদর্শন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোনো কর্মকর্তা পরিদর্শনকালীন সময় মোটরযানের প্রয়োজনীয় কাগজপত্র বা প্রতিষ্ঠানের রেজিস্টারসমূহ দেখিতে চাহিলে উক্ত কাগজপত্র বা রেজিস্টারসমূহ প্রদর্শন করিতে বাধ্য থাকিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তার নিকট যদি প্রতীয়মান হয় যে, যে সকল শর্তাধীনে মোটরযান, পরিচালনাকারী প্রতিষ্ঠান বা এতদ্‌সংশ্লিষ্ট স্থাপনা পরিচালনার অনুমতি প্রদান করা হইয়াছে সে শর্ত বা শর্তসমূহ লঙ্ঘিত হইয়াছে তাহা হইলে উক্ত কর্মকর্তা উক্ত মোটরযান আটক বা প্রতিষ্ঠানটি সিলগালা করিতে পারিবেন বা তদ্রুপ কোনো আদেশ প্রদান করিতে পারিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

**দ্বাদশ অধ্যায়**

বিবিধ

১৬৫। **ডিজিটাইজেশন।**—(১) কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় সম্ভাব্য সকল সেবা পর্যায়ক্রমে ডিজিটাইজেশনের আওতায় আনিবার এবং সেবাসমূহের ডাটা প্রয়োজনীয় ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করিয়া একটি কেন্দ্রীয় ডাটাবেজ সার্ভারে (ডাটা সেন্টার) সংরক্ষণ করিতে হইবে।

(২) মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস, রুট পারমিট, মোটরযান চালকের ড্রাইভিং লাইসেন্স এবং সংশ্লিষ্ট অন্যান্য সেবা গ্রহণের জন্য অনলাইনে আবেদন ও নিষ্পত্তি করিবার সুবিধা থাকিবে।

(৩) সকল সেবার প্রয়োজনীয় কর ও ফি অনলাইনে প্রদানের সুবিধা সৃষ্টি করিতে হইবে।

(৪) কর্তৃপক্ষের বিভিন্ন সেবা প্রদানের জন্য একটি সার্ভিস পোর্টাল থাকিবে এবং উক্ত সার্ভিস পোর্টালের মাধ্যমে কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমতিক্রমে—

(ক) অনলাইনে শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন দাখিল এবং শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে প্রিন্টের ব্যবস্থা করিবে;

(খ) শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তদের দক্ষতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত পরীক্ষার্থীদের তালিকা সিস্টেম হইতে স্বয়ংক্রিয়ভাবে জেনারেটের ব্যবস্থা করিবে;

(গ) শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তদের জন্য দক্ষতা যাচাই লিখিত পরীক্ষা পর্যায়ক্রমে কম্পিউটার ল্যাব স্থাপনের মাধ্যমে ডিজিটাল সিস্টেমে গ্রহণ করিবার ব্যবস্থা করিবে এবং ডিজিটাল সিস্টেমে শতভাগ প্রার্থীর লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কর্তৃপক্ষ পর্যাপ্ত প্রচারের ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঘ) প্রার্থীর সকল পরীক্ষার ফলাফল তাৎক্ষণিকভাবে ডিজিটাল সিস্টেমে ইনপুট করিবে;

(ঙ) ড্রাইভিং দক্ষতা যাচাই পরীক্ষার চূড়ান্ত ফলাফল (লিখিত, মৌখিক, ব্যবহারিক) ডিজিটাল পদ্ধতিতে (এসএমএস, ই-মেইল ইত্যাদি) অবহিত করিবার ব্যবস্থা করিবে;

(চ) দক্ষতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ড্রাইভিং লাইসেন্সের জন্য অনলাইনে আবেদন দাখিলের ব্যবস্থা করিবে;

(ছ) অনলাইন এ্যাপয়েন্টমেন্ট এর মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স বিতরণের ব্যবস্থা করিবে;

(জ) ডিজিটাল পদ্ধতিতে মোটরযান রেজিস্ট্রেশনের আবেদন দাখিলের ব্যবস্থা করিবে;

(ঝ) ডিজিটাল পদ্ধতিতে এ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে মোটরযান পরিদর্শক কর্তৃক মোটরযান পরিদর্শনের ব্যবস্থা করিবে;

(ঞ) রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক মোটরযানের রেজিস্ট্রেশনের পর গ্রাহক কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে রেজিস্ট্রেশন প্রাপ্তিস্বীকার রসিদ প্রিন্টের ব্যবস্থা করিবে;

(ট) ডিজিটাল পদ্ধতিতে এ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে মোটরযানের রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন এবং ডিজিটাল রেজিস্ট্রেশন সনদ প্রদানের নিমিত্ত ফিংগার প্রিন্ট গ্রহণের ব্যবস্থা করিবে;

(ঠ) ডিজিটাল পদ্ধতিতে এ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে মোটরযানের ডিজিটাল রেজিস্ট্রেশন সনদ প্রদানের ব্যবস্থা করিবে;

(ড) ডিজিটাল পদ্ধতিতে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের এনলিস্টমেন্ট সার্টিফিকেটের জন্য আবেদন দাখিল এবং উক্ত সার্টিফিকেট প্রিন্টের ব্যবস্থা করিবে;

(ঢ) ডিজিটাল পদ্ধতিতে রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেটের জন্য আবেদন দাখিল এবং উক্ত সার্টিফিকেট প্রিন্টের ব্যবস্থা করিবে;

(ণ) মোটরযানের ফিটনেস নবায়নের নিমিত্ত মোটরযানটি পরিদর্শনের উদ্দেশ্যে ডিজিটাল পদ্ধতিতে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণের প্রক্রিয়া পর্যায়ক্রমে কর্তৃপক্ষের সকল সার্কেল অফিসে চালু করিবে;

(ত) দফা (ণ) এ গৃহীত এ্যাপয়েন্টমেন্টের পরিপ্রেক্ষিতে যথাসময়ে মোটরযান পরিদর্শক কর্তৃক মোটরযানটি পরিদর্শনপূর্বক ফিটনেস সনদ ইস্যু করিবে;

(থ) কর্তৃপক্ষের সকল সার্কেলে পর্যায়ক্রমে ডিজিটাল পদ্ধতিতে মোটরযানের রুট পারমিটের জন্য আবেদন দাখিলকরত প্রাপ্তিস্বীকার রসিদ প্রিন্টের ব্যবস্থা করিবে;

(দ) সংশ্লিষ্ট যাত্রী ও পণ্য পরিবহণ কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর গ্রাহকের অনুকূলে ডিজিটাল পদ্ধতিতে রুট পারমিট ইস্যুর ব্যবস্থা করিবে;

(ধ) কর্তৃপক্ষের সকল সার্কেলে পর্যায়ক্রমে ডিজিটাল পদ্ধতিতে মোটরযানের মালিকানা বদলির আবেদন দাখিল ও মোটরযান পরিদর্শনের জন্য এ্যাপয়েন্টমেন্ট গ্রহণের ব্যবস্থা করিবে;

(ন) দফা (ধ) এ গৃহীত এ্যাপয়েন্টমেন্ট এর পরিপ্রেক্ষিতে যথাসময়ে মোটরযান পরিদর্শক কর্তৃক মোটরযানটি পরিদর্শনপূর্বক মালিকানা পরিবর্তনের নিমিত্ত প্রাপ্তিস্বীকার রসিদ প্রদান করিবে;

(প) মালিকানা বদলির জন্য দাখিলকৃত আবেদন যাচাই বাছাইপূর্বক নূতন মালিকের নামে কর্তৃপক্ষ আইএস সিস্টেমে অন্তর্ভুক্তিকরণপূর্বক সংশ্লিষ্ট মালিককে ডিজিটাল পদ্ধতিতে অবহিত করিবার ব্যবস্থা করিবে;

(ফ) নূতন মালিকের নামে ডিজিটাল রেজিস্ট্রেশন সনদ প্রদানের নিমিত্ত ফিংগার প্রিন্ট গ্রহণের ব্যবস্থা করিবে;

(ব) ডিজিটাল পদ্ধতিতে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণপূর্বক ডিজিটাল রেজিস্ট্রেশন সনদ (ডিআরসি) এর জন্য নূতন মালিকের বায়োমেট্রিক গ্রহণের ব্যবস্থা করিবে;

(ভ) ডিজিটাল পদ্ধতিতে এ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে মোটরযানের ডিজিটাল রেজিস্ট্রেশন সনদ (ডিআরসি) প্রদানের ব্যবস্থা করিবে;

(ম) কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদনক্রমে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন (আরএফআইডি) ট্যাগ এবং ডিজিটাল রেজিস্ট্রেশন সনদ (ডিআরসি) এর ফি নির্ধারণ করিবে;

(য) কর্তৃপক্ষ মোটরযান ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত অপরাধের জন্য ডিজিটাল পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে মামলা দায়ের ও নিষ্পত্তি করিবার ব্যবস্থা করিবে।

১৬৬। **মোটরযান সংশ্লিষ্ট সেবা পদ্ধতির ব্রশিয়ার সরবরাহ।**—(১) মোটরযান রেজিস্ট্রেশন এবং লার্নার বা শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স প্রদানের সময় মোটরযান রেজিস্ট্রেশন, ড্রাইভিং লাইসেন্স ইস্যু, ফিটনেস সনদ প্রদান, রুট পারমিট ইস্যু, মোটরযানের মালিকানা হস্তান্তর এবং দণ্ড সংশ্লিষ্ট ধারাসমূহের বিবরণ সম্বলিত ব্রশিয়ার গ্রাহককে সরবরাহ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ব্রশিয়ার প্রস্তুত ও সরবরাহের জন্য তফসিল-১ এ বর্ণিত ফি আদায় করিতে হইবে।

১৬৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Bengal Motor Vehicles Rules, 1940 এবং Motor Vehicles Rules, 1984, অতঃপর উক্ত Rules দ্বয় বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules দ্বয়ের অধীন কৃত সকল কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) উক্ত Rules দ্বয়ের অধীন গৃহীত কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা প্রণীত হয় নাই।

## তফসিল-১

### মোটরযানের রেজিস্ট্রেশন, মালিকানা হস্তান্তর, ড্রাইভিং লাইসেন্স, রুট পারমিটসহ অন্যান্য ফি এর পরিমাণ

**[বিধি ৬(৭), ৬(৯), ৯(১), ১১(১), ১৩(১), ১৪(৫), ১৬(১), ১৭(২)(গ), ২০(৫), ২১(৬), ২৫(৪), ২৬(৩), ২৮(৩)(খ), ৪২(৫), ৪২(৬), ৪৩(৬), ৪৪(১), ৪৫(২), ৪৯(১), ৫৩(৩), ৫৫(৭), ৫৬(১), ৬২(১), ৬৭(১), ৬৭(৩), ৬৭(৪), ৭৩(১)(ক), ৭৪(২), ১২২(২)(চ), ১২২(২)(ঠ), ১৫৪(৭), ১৫৫(৩), ১৫৫(৭), ১৫৭(৭), ১৫৯(১) ও ১৬৬(২) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | বিষয় | ফি এর পরিমাণ টাকা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স ফি | ২৫০ |
| ২। | শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স নবায়ন ফি | ১২৫ |
| ৩। | ড্রাইভিং লাইসেন্স দক্ষতা যাচাই ফি (প্রতিবার) | ২০০ |
| ৪। | ড্রাইভিং লাইসেন্স ইস্যু ফি | ৩০০ |
| ৫। | বার্ষিক ড্রাইভিং লাইসেন্স ফি | ৩০০ |
| ৬। | ড্রাইভিং লাইসেন্স বিলম্ব ফি (বার্ষিক) | ১৫০ |
| ৭। | ড্রাইভিং লাইসেন্সের ঠিকানা পরিবর্তন ফি | ৩০০ |
| ৮। | ড্রাইভিং লাইসেন্সে মোটরযানের শ্রেণি সংযোজন ফি | ৪০০ |
| ৯। | ড্রাইভিং লাইসেন্সের প্রতিলিপি ফি | ২০০ |
| ১০। | গণপরিবহণ চালনার অনুমতিপত্র ফি | ৫০০ |
| ১১। | দোষসূচক পয়েন্ট কর্তন সংক্রান্ত পুনর্বিবেচনার আবেদন ফি | ২০০ |
| ১২। | কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ইস্যু ফি | ২০০ |
| ১৩। | বার্ষিক কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স ফি | ২০০ |
| ১৪। | (ক) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স প্রতিলিপি ফি | ১৫০ |
| | (খ) কন্ডাক্টর বা সুপারভাইজার লাইসেন্স দক্ষতা যাচাই ফি | ২০০ |
| ১৫। | মোটরযানের অস্থায়ী রেজিস্ট্রেশন ফি | সংশ্লিষ্ট মোটযানের রেজিঃ ফি'র অর্ধেক |
| ১৬। | লিজ বা কিস্তিতে ক্রয়কৃত মোটরযানের হায়ার পার্চেজ অন্তর্ভুক্তি বা সংযোজন ফি | ২,৪০০ |
| ১৭। | ঋণ, লিজ বা কিস্তিতে ক্রয়কৃত মোটরযানের হায়ার পার্চেজ বিয়োজন ফি | ১,০০০ |
| ১৮। | মোটরযানের মডিফিকেশন ফি | ১,০০০ |
| ১৯। | রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রতিলিপি ফি | ৫০০ |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ২০। | মোটরযান মালিকের ঠিকানা পরিবর্তন ফি | ৫০০ |
| ২১। | **মোটরসাইকেলের রেজিস্ট্রেশন ফি** | |
| | (ক) ইঞ্জিন ক্ষমতা ১০০ কিউবিক সেন্টিমিটার এর বেশি নহে অথবা ইলেকট্রিক মোটরযান যাহার মোটরের ক্ষমতা ৫ কিলোওয়াটের বেশি নহে এইরূপ মোটর সাইকেল | ২,০০০ |
| | (খ) ইঞ্জিন ক্ষমতা ১০০ কিউবিক সেন্টিমিটার এর বেশি অথবা ইলেকট্রিক মোটরযান যাহার মোটরের ক্ষমতা ৫ কিলোওয়াটের বেশি এইরূপ মোটর সাইকেল | ৩,০০০ |
| ২২। | **অটোরিকশা, মোটরক্যাব রিকশা, অটোটেম্পু, ইত্যাদি তিন চাকা বিশিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন ফিস** | |
| | (ক) ইঞ্জিন ক্ষমতা ১০০ কিউবিক সেন্টিমিটার এর বেশি নহে অথবা ইলেকট্রিক মোটরযান যাহার মোটরের ক্ষমতা ৫ কিলোওয়াটের বেশি নহে এইরূপ তিন চাকা বিশিষ্ট মোটরযান | ১,০০০ |
| | (খ) ইঞ্জিন ক্ষমতা ১০০ কিউবিক সেন্টিমিটার এর বেশি অথবা ইলেকট্রিক মোটরযান যাহার মোটরের ক্ষমতা ৫ কিলোওয়াটের বেশি এইরূপ তিন চাকা বিশিষ্ট মোটরযান | ১,৮০০ |
| ২৩। | অসমর্থ বা প্রতিবন্ধী ব্যক্তির উপযোগী মোটরযানের রেজিস্ট্রেশন ফি | ২৫ |
| ২৪। | ভাড়ায় চালিত মাইক্রোবাস, মিনিবাস, অমনিবাস, ট্যাক্সি ক্যাব, ইত্যাদি যাত্রীবাহী মোটরযানের রেজিস্ট্রেশন ফি | |
| | (ক) আসন সংখ্যা চালকসহ ৩১ (একত্রিশ) পর্যন্ত | ৭,০০০ |
| | (খ) আসন সংখ্যা চালকসহ ৩২ (বত্রিশ) হইতে ৫২ (বাহান্ন) পর্যন্ত | ২০,০০০ |
| | (গ) আসন সংখ্যা চালকসহ ৫২ (বাহান্ন) এর অধিক | ২৫,০০০ |
| ২৫। | **ভাড়ায় চালিত নহে এইরূপ মালবাহী মোটরযান (ট্রাক, ট্যাংকলরি, পিকআপ ইত্যাদি) এর রেজিস্ট্রেশন ফি** | |
| | (ক) মালসহ সর্বোচ্চ ওজন (লেডেন ওজন) ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) কিলোগ্রাম পর্যন্ত | ৩২,০০০ |
| | (খ) মালসহ সর্বোচ্চ ওজন (লেডেন ওজন) ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) কিলোগ্রাম এর অধিক কিন্তু ৭,৫০০ (সাত হাজার পাঁচশত) কিলোগ্রাম এর বেশি নহে | ৬৪,০০০ |
| | (গ) মালসহ সর্বোচ্চ ওজন (লেডেন ওজন) ৭,৫০০ (সাত হাজার পাঁচশত) কিলোগ্রাম এর অধিক কিন্তু ১২,৫০০ (বারো হাজার পাঁচশত) কিলোগ্রাম এর বেশি নহে | ৮০,০০০ |
| | (ঘ) মালসহ সর্বোচ্চ ওজন (লেডেন ওজন) ১২,৫০০ কিলোগ্রাম এর অধিক | ৮৭,০০০ |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ২৬। | **ভাড়ায় চালিত মালবাহী মোটরযান (ট্রাক, ট্যাংকলরি, পিকআপ ইত্যাদি) এর রেজিস্ট্রেশন ফি** | |
| | (ক) মালসহ সর্বোচ্চ ওজন (লেডেন ওজন) ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) কিলোগ্রাম পর্যন্ত | ৭,০০০ |
| | (খ) মালসহ সর্বোচ্চ ওজন (লেডেন ওজন) ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) কিলোগ্রাম এর অধিক কিন্তু ৭,৫০০ (সাত হাজার পাঁচশত) কিলোগ্রাম এর বেশি নহে | ২১,০০০ |
| | (গ) মালসহ সর্বোচ্চ ওজন (লেডেন ওজন) ৭,৫০০ (সাত হাজার পাঁচশত) কিলোগ্রাম এর অধিক কিন্তু ১২,৫০০ (বারো হাজার পাঁচশত) কিলোগ্রাম এর বেশি নহে। | ২৭,০০০ |
| | (ঘ) মালসহ সর্বোচ্চ ওজন (লেডেন ওজন) ১২,৫০০ (বারো হাজার পাঁচশত) কিলোগ্রাম এর অধিক | ৩৬,০০০ |
| ২৭। | ট্রাক্টরের রেজিস্ট্রেশন ফি | ১,৪০০ |
| ২৮। | মোটরকার, জিপ, মাইক্রোবাস, মিনিবাস, অমনিবাস ইত্যাদি ভাড়ায় চালিত নহে এইরূপ যাত্রীবাহী মোটরযানের রেজিস্ট্রেশন ফি | |
| | (ক) ইঞ্জিন ক্ষমতা ৬০০ (ছয়শত) কিউবিক সেন্টিমিটার পর্যন্ত অথবা ইলেকট্রিক মোটরযান যাহার মোটরের ক্ষমতা ৩০ কিলোওয়াটের বেশি নহে | ৯,০০০ |
| | (খ) ইঞ্জিন ক্ষমতা ৬০০ (ছয়শত) কিউবিক সেন্টিমিটার এর বেশি কিন্তু ১০০০ (এক হাজার) কিউবিক সেন্টিমিটার পর্যন্ত অথবা ইলেকট্রিক মোটরযান যাহার মোটরের ক্ষমতা ৩০ কিলোওয়াটের বেশি কিন্তু ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের বেশি নহে। | ১৮,০০০ |
| | (গ) ইঞ্জিন ক্ষমতা ১০০০ (এক হাজার) কিউবিক সেন্টিমিটার এর বেশি কিন্তু ১৪০০ (এক হাজার চারশত) কিউবিক সেন্টিমিটার পর্যন্ত অথবা ইলেকট্রিক মোটরযান যাহার মোটরের ক্ষমতা ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের বেশি কিন্তু ৭০ কিলোওয়াটের বেশি নহে | ২৭,০০০ |
| | (ঘ) ইঞ্জিন ক্ষমতা ১৪০০ (এক হাজার চারশত) কিউবিক সেন্টিমিটার এর বেশি কিন্তু ২০০০ (দুই হাজার) কিউবিক সেন্টিমিটার পর্যন্ত অথবা ইলেকট্রিক মোটরযান যার মোটরের ক্ষমতা ৭০ (সত্তর) কিলোওয়াটের বেশি কিন্তু ১০০ (একশত) কিলোওয়াটের বেশি নহে | ৬০,০০০ |
| | (ঙ) ইঞ্জিন ক্ষমতা ২০০০ (দুই হাজার) কিউবিক সেন্টিমিটার এর অধিক অথবা ইলেকট্রিক মোটরযান যাহার মোটরের ক্ষমতা ১০০ কিলোওয়াটের বেশি এইরূপ মোটরযানের রেজিস্ট্রেশন ফি | |
| | (ক) মাইক্রোবাস | ৬৯,০০০ |
| | (খ) মিনিবাস | ৭৭,০০০ |
| | (গ) অমনিবাস | ৮৫,০০০ |
| | (ঘ) কার, জিপ এবং অন্যান্য মোটরযান | ১,২০,০০০ |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ২৯। | তিন চাকা বিশিষ্ট মোটরযানের ক্ষেত্রে মালিকানা বদলী সংক্রান্ত ফি | সংশ্লিষ্ট মোটরযানের রেজিঃ ফি’র অর্ধেক |
| ৩০। | ভারী মোটরযানের বার্ষিক ফিটনেস ফি | ১,৫০০ |
| ৩১। | ভারী মোটরযান ব্যতীত অন্যান্য মোটরযানের ক্ষেত্রে বার্ষিক ফিটনেস ফি | ৮০০ |
| ৩২। | মোটরযান পরিদর্শন ফি | ৮০০ |
| ৩৩। | মোটরযানের ফিটনেস সনদ প্রতিলিপি ফি | ৩০০ |
| ৩৪। | রুট পারমিট এর আবেদন ফি | ৩০০ |
| ৩৫। | **স্টেইজ ক্যারিজ রুট পারমিট ফি (বার্ষিক)** | |
| | (ক) এক জেলায় বিস্তৃত একটি রুটের জন্য | ৯০০ |
| | (খ) একের অধিক কিন্তু অনধিক তিন জেলা পর্যন্ত বিস্তৃত একটি রুটের জন্য | ১,৪০০ |
| | (গ) তিনের অধিক জেলায় বিস্তৃত একটি রুটের জন্য | ১,৯০০ |
| ৩৬। | **কন্ট্রাক্ট ক্যারিজ রুট পারমিট ফি (বার্ষিক)** | |
| | (ক) এক জেলার জন্য | ৬০০ |
| | (খ) একের অধিক কিন্তু অনধিক তিন জেলার জন্য | ৮০০ |
| | (গ) তিনের অধিক কিন্তু অনধিক ছয় জেলার জন্য | ১,০০০ |
| | (ঘ) ছয় এর অধিক কিন্তু অনধিক বারো জেলার জন্য | ১,৩০০ |
| | (ঙ) বারো এর অধিক জেলার জন্য | ১,৮০০ |
| ৩৭। | **পাবলিক ক্যারিয়ার রুট পারমিট ফি (বার্ষিক)** | |
| | (ক) এক জেলার জন্য | ৯০০ |
| | (খ) একের অধিক কিন্তু অনধিক তিন জেলার জন্য | ১,০০০ |
| | (গ) তিন এর অধিক কিন্তু অনধিক ছয় জেলার জন্য | ১,৪০০ |
| | (ঘ) ছয় এর অধিক কিন্তু অনধিক বার জেলার জন্য | ২,০০০ |
| | (ঙ) বারো এর অধিক জেলার জন্য | ২,৫০০ |
| ৩৮। | **প্রাইভেট ক্যারিয়ার রুট পারমিট ফি (বার্ষিক)** | |
| | (ক) এক জেলার জন্য | ১,১০০ |
| | (খ) একের অধিক কিন্তু অনধিক তিন জেলার জন্য | ১,৫০০ |
| | (গ) তিনের অধিক কিন্তু অনধিক ছয় জেলার জন্য | ১,৯০০ |
| | (ঘ) ছয় এর অধিক কিন্তু অনধিক বার জেলার জন্য | ২,৮০০ |
| | (ঙ) বারো এর অধিক জেলার জন্য | ৩,৫০০ |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৩৯। | মোটরক্যাব রিকশা রুট পারমিট (বার্ষিক) | ৩৫০ |
| ৪০। | অটোটেম্পু রুট পারমিট এক জেলায় একটি রুটের জন্য (বার্ষিক) | ৬০০ |
| ৪১। | প্রাইভেট সার্ভিস ভেহিক্যাল রুট পারমিট ফি (বার্ষিক) | |
| | (ক) এক জেলার জন্য | ১,৪০০ |
| | (খ) একের অধিক কিন্তু অনধিক তিন জেলার জন্য | ১,৯০০ |
| | (গ) তিন এর অধিক জেলার জন্য | ২,৪০০ |
| ৪২। | অস্থায়ী রুট পারমিট ফি (প্রতি রুটের জন্য প্রতি সপ্তাহ, প্রতি জেলা বা জেলার অংশের জন্য) | ১০০ |
| ৪৩। | রুট পারমিট প্রতিলিপি ফি | ৪০০ |
| ৪৪। | রুট পারমিট হস্তান্তর ফি | ১,২০০ |
| ৪৫। | মোটরযানে বিজ্ঞাপন প্রদর্শন সংক্রান্ত অনুমতি গ্রহণ ফি (বার্ষিক) | |
| | (ক) হালকা ও থ্রি-হুইলার মোটরযানের জন্য | ৩,০০০ |
| | (খ) হালকা ব্যতীত অন্যান্য মোটরযানের জন্য | ৫,০০০ |
| ৪৬। | মোটর ড্রাইভিং প্রশিক্ষণ স্কুলের লাইসেন্স ফি | ২৩,০০০ |
| ৪৭। | মোটর ড্রাইভিং প্রশিক্ষণ স্কুলের লাইসেন্স নবায়ন ফি | ১৫,০০০ |
| ৪৮। | মোটর ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল পরিদর্শন ফি | ১,২০০ |
| ৪৯। | ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স ইস্যু ফি | ২,০০০ |
| ৫০। | ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স নবায়ন ফি | ১,০০০ |
| ৫১। | মোটরযান মেরামত কারখানা নিবন্ধন বা নবায়ন ফি | ১০,০০০ |
| ৫২। | ব্রশিয়ার ফি | ১০০ |

**তফসিল-২**

**মোটরযান চালনার দক্ষতা যাচাই পরীক্ষা**

[বিধি ৮(৮)ও ১১(৫) দ্রষ্টব্য]

| **মোটর ড্রাইভিং লাইসেন্সের জন্য প্রার্থীকে নিম্নবর্ণিত বিষয়ে দক্ষতা পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে** | |
|---|---|
| **(ক) প্রথম অংশ** | |
| ১। | মোটরযান চালকদের কর্ম ঘণ্টা (সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর ধারা ৩৯) |
| ২। | মোটরযান চালনার নিয়মাবলি এবং সিগন্যাল প্রদান [২ (ক) এবং ২(খ) তফসিল] |
| ৩। | পাবলিক সার্ভিস মোটরযান চালকদের দায়িত্ব ও কর্তব্য [তফসিল-২(গ)] |
| ৪। | ট্রাফিক রুলস্ এবং রেগুলেশনের জ্ঞান, বিশেষ করে মোটরযানের লাইট ব্যবহার, পার্কিং, জরুরি পরিস্থিতিতে মোটরযান থামানো, সড়কের অধিকার, পথচারী পারাপার, লাইট সিগন্যাল, ওয়ানওয়ে ট্রাফিক, লেইন ডিসিপ্লিন, রাতে মোটরযান চালনা এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি |
| ৫। | তফসিল-২(ঘ) এ বর্ণিত ট্রাফিক সাইন, সিগন্যাল ও রোড মার্কিং সংক্রান্ত জ্ঞান |
| **(খ) পেশাদার চালকদের জন্য প্রথম অংশসহ নিম্নবর্ণিত অতিরিক্ত বিষয়াদি:** | |
| ১। | মোটরযানের বিভিন্ন যন্ত্রাংশ ও সিস্টেম কার্যপদ্ধতি সম্পর্কে প্রাথমিক জ্ঞান |
| ২। | মোটরযানের নিয়মিত রক্ষণাবেক্ষণের জ্ঞান |
| ৩। | প্রাথমিক চিকিৎসা জ্ঞান |
| ৪। | অগ্নিকান্ড প্রতিরোধে সতর্কতামূলক ব্যবস্থাসমূহ এবং অগ্নিনির্বাপক যন্ত্রপাতির ব্যবহার সম্পর্কে জ্ঞান |
| ৫। | মোটরযানের দৈনিক সার্ভিসিং এবং চেকলিস্ট সংক্রান্ত জ্ঞান |
| ৬। | মোটরযানের স্কিডিং এবং টায়ার বার্স্ট নিয়ন্ত্রণ সম্পর্কে জ্ঞান |
| **(গ) ড্রাইভিং লাইসেন্স প্রার্থী দক্ষতা যাচাই কমিটিকে এই মর্মে সন্তুষ্ট করিবেন যে, তিনি নিম্নবর্ণিত কাজগুলি করিতে সক্ষম:** | |
| ১। | মোটরযানের ইঞ্জিন স্টার্ট করা |
| ২। | অগ্রসর হওয়া (সোজা এবং কোণাকুণি) |
| ৩। | গিয়ার পরিবর্তন করা এবং বিভিন্ন গিয়ারে গতি বজায় রাখা, গতি বাড়ানো বা কমানো (পরিস্থিতি অনুযায়ী) |
| ৪। | ওভারটেক করা এবং ওভারটেক করিতে দেওয়া, অন্য সড়ক ব্যবহারকারীদের গতিবিধির সহিত সমন্বয়পূর্বক রাস্তার সঠিক অংশে মোটরযান চালনা ও প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করা |
| ৫। | রোড সাইন, ট্রাফিক সিগন্যালস ও রোড মার্কিং, লেইন ডিসিপ্লিন, ইত্যাদি অনুসরণ করা এবং সঠিক সিগন্যাল প্রদান করা |
| ৬। | ডানে ও বামে মোড় ঘোরা |
| ৭। | সাধারণ অবস্থায় এবং জরুরি পরিস্থিতিতে মোটরযান থামানো এবং সঠিক স্থানে পার্কিং করা |
| ৮। | মোটরযান পিছনে চালানো (ক্ষেত্রমত কেবলমাত্র ড্রাইভিং আয়নার সাহায্যে) এবং ডানে বামে সরু পথে/স্থানে মোটরযান পার্কিং করা |
| ৯। | মোটরযান বিপরীত দিকে মোড় ঘোরানো (কেবল ফরওয়ার্ড এবং রিভার্স গিয়ারের সাহায্যে) |
| ১০। | ড্রাইভিং আয়নার সঠিক ব্যবহার করা, উঁচুস্থানে উঠানামা করা এবং উর্ধ্বগামী মোটরযান থামানো এবং পুনরায় স্টার্ট করা, অগ্রসর হওয়া (মোটরযান পিছনে গড়াইতে না দেওয়া) |
| ১১। | সঠিক এবং নির্ভুলভাবে সিগন্যাল প্রদান করা, ট্রাফিক পুলিশ, অটোমেটিক ট্রাফিক লাইট অথবা অন্য কোনো অথরাইজড ব্যক্তি কর্তৃক প্রদত্ত সিগন্যাল অনুযায়ী ত্বরিৎ ব্যবস্থা গ্রহণ করা |
| ১২। | দক্ষতা এবং বিশ্বাসের সহিত, নিরাপদে ও দৃঢ়তার সহিত সুন্দরভাবে মোটরযান নিয়ন্ত্রণ ও পরিচালনা করা, থামানো, ব্রেক করা ইত্যাদি |
| **(ঘ) ড্রাইভিং লাইসেন্স প্রার্থী দক্ষতা যাচাই কমিটিকে এই মর্মে সন্তুষ্ট করিবেন যে, তিনি মোটরযান বিধিমালার বিধি ১২৯ হইতে ১৪০ এ বর্ণিত বিধিবিধান সম্পর্কে জ্ঞাত রহিয়াছেন** | |

## তফসিল-২(ক)
## মোটরযান চালাইবার নিয়ম
[বিধি ৮(৮) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| ১। | মোটরযান চালক নির্ধারিত লেন অনুসরণ করিয়া মোটরযান চালাইবেন তবে, দুই লেন বিশিষ্ট রাস্তার ক্ষেত্রে চালক রাস্তার বামদিক ঘেঁষিয়া মোটরযান চালাইবেন এবং বিপরীত দিক হইতে আগত সব মোটরযানকে চালক তাহার ডানদিক দিয়া চালাইতে দিবেন। |
| ২। | মোটরযান চালক তখনই অপর একটি মোটরযানের বামদিক দিয়া যাইতে পারিবেন যখন অপর মোটরযানের চালক ডানদিকে মোড় নেওয়ার ইচ্ছায় যথাযথ সংকেত দেখাইয়া রাস্তার মাঝামাঝি স্থানে অগ্রসর হইতে থাকিবেন। |
| ৩। | ২ (দুই) নম্বর নিয়ম ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে ১ (এক) জন মোটরযান চালক তাহার মোটরযানের মত একই দিকে চলাচলকারী সব মোটরযানকে তাহার ডান দিক দিয়া অতিক্রম করিতে দিবেন। |
| ৪। | কোনো মোটরযানের চালক একই দিকে গমনকারী অপর কোনো যানবাহনকে পাশ কাটাইয়া যাইতে পারিবেন না যদি—<br>(ক) ইহার ফলে যে কোনো অভিমুখে চলাচলকারী অন্য কোনো যানবাহন বা পথচারীর অসুবিধা সৃষ্টি হয় বা আশঙ্কা থাকে; বা<br>(খ) সড়কের যেইখানে প্রান্ত, বাঁক, মোড় ইত্যাদি রহিয়াছে বা পাহাড় বা অন্য কোনো প্রতিবন্ধকতার দরুণ রাস্তার সম্মুখভাগ ভালভাবে দৃষ্টিগোচর হয় না। |
| ৫। | যদি কোনো মোটরযান অপর একটি মোটরযানকে ওভারটেক করিবার উদ্দেশ্যে পাশ কাটাইয়া আগে যাইতে চেষ্টা করে তাহা হইলে শেষোক্ত মোটরযানের চালক প্রথমোক্ত মোটরযানকে আগে যাইতে না দেওয়ার জন্য নিজ মোটরযানের গতি বৃদ্ধি করিতে কিংবা অন্য কোনো প্রতিবন্ধকতামূলক পদক্ষেপ নিতে পারিবেন না। |
